কাছের ঠাকুর শীর্ষেন্দু মুখোপাধ্যায়



कार्छ्य ठीकुब

भीर्थन्त्र प्रूरचानाद्याञ्च



৫৭/২ ডি, কলেজ স্ট্রীট, কলকাতা ৭৩



ধমে সবাই বাচে বাড়ে সম্প্রদায়টা ধর্ম না রে।

密

মানুষ আপন টাকা পর যত পারিস মানুষ ধর

'রা-স্বা'

তার রথের রশি টেনে নিয়ে চলেছেন যারা সেই সব¦অগণিত ভক্তব্দের করকমলে আমার উৎসগ

ঠাকুরের কথা, ঈশ্বরের কথা, পরম পিতার কথা, ধর্মের কথা ব্রথবার জন্য সকলের জীবনেই দৃঃখ, সংকট বা সমস্যার একটা পটভূমি বোধ হয় দরকার। বাদতবপক্ষে মান,ষ এমনিতে ষেমন বা ষতটাই ঈশ্বর-বিশ্বাসের ভাবে ভাবিত হোক না কেন সংকট বা সমস্যা এবং দৃঃখ ভারামাণত হাদয়ে সে ষেমনভাবে তাঁকে খোঁজে তেমন স্থের সময়ে নয়। আর দৃঃখ হল ঈশ্বর-বিশ্বাসের একটা পরীক্ষাও। এর ভিতর দিয়েই তাঁর সকাশে যাওয়া সহজ্বর হয়। ঋণমান্ত হওয়া যায় নানা প্রবৃত্তির অভিভূতি থেকে, আর প্রবৃত্তি বা রিপার্বালিকে চেনাও যায় সহজে।

গ্রীশ্রীঠাকুর অনাকুলচন্দ্র সম্পর্কে যথনই কিছা লেখার লেখনী গাবণ করার কথা ভেবেছি তখনই এক ছিধা ও দ্বন্দ এসে আমাকে আন্দোলিত করেছে। থেমে গেছি। মনে হয়েছে, আমি বোধ হয় পেরে উঠব না ! পেরে উঠব না, কারণ এ র জীবন আরও আরও পূর্ব তন মহাপ্রের্ষদের মতো সহজ ও সরল ভব্তিরসাশ্রয়ী নয়। ইনি সনাতন আর্য হিন্দু ধর্মের শক্ত ভিতের ওপরেই মন্ম্য সমান্ধকে দাঁড় করাতে চান বটে, কিন্তু ওঁর ধর্মাচরণ এত বেশি বাদ্তবমুখী, এত বেশি আচরণ-সাপেক্ষ এবং এত সক্ষম ও দুর-দ্-ি সম্পন্ন, এব দশন, সাহিত্য, কাব্য এতই গভীর ও নতুন ষে সহজ্ব বুল্খিতে এ'র পরিমাপ করতে গেলে ঠিক ে. পাওয়া যায় না। যা তিনি বলেছেন তা সারাটি জ্বীবন ধরে নিজে কাঁটায় কাঁটায় অন্যসরণ করেছেন, কোথাও কোনও খেলাপ নেই। কারও সঙ্গে আপস-রফায় যাননি, একটা জ্বীবন তিনি কখনও নিজের বলা কথার উল্টোটি বলেননি, নিব্দের দেওয়া উপদেশের বিরুদ্ধে চলেননি । আচরণশীলতা, চর্চা, অভ্যাসের ভিতর দিয়ে ধর্মাচরণকে তিনি ফলিত ও জীবনমুখী করে দেখিয়ে গেছেন, ধর্ম প্রকৃতপক্ষে কল্পনাবিলাস, অহেতুক কৃপা বা ঈশ্বরের কৃপণ দানপ্রাপ্তি নয়। ধর্ম মান্বকে উচ্ছল, অনাসত্ত, অনলস, ৬ জবল, দক্ষ ও সফল করে র্যাদ তুলতেই না পারে তবে ধর্মের আর কোনও উদ্দেশ্য দিয়ে আমাদের কাজ নেই।

ধর্ম কথার অর্থ যা ধারণ করে থাকে। অথাং মান্ধের জীবনকে যা ধারণ করে এবং তার বৃদ্ধিকে যা অবাধ করে। মান্ধের অন্তর্নিহিত বৈশিন্ট্য কিছ্ন না কিছ্ন থাকবেই। ধর্ম তার এই বৈশিন্ট্যগৃনিকেই ফ্রটিয়ে তোলে। দীক্ষা অর্থে দক্ষতা। মান্ম তার প্রবৈশিন্ট্যে দক্ষ হয়ে উঠে নিজে যখন সার্থক হয় এবং অপররে সার্থক করে তোলে তখনই প্রকৃত ধর্মাচরণ হল। বৈরাগ্য, সম্যাস, ত্যাগ, সাধনা, ব্রক্ষচর্য এসব যদি নিজের ওপর জ্বোর করে চাপিয়ে দেওয়া যায় তাহলে মান্ধের প্রকৃতিদত্ত বৃত্তি ও প্রবৃত্তি-গ্রালকে। চছ্নতেই নিয়ন্থাণে আনা যায় না, বরং তা থেকে নানা রকম বিকৃতি ও উৎপাতের স্ভিট হতে থাকে। স্কুরাং বৈরাগ্য, সম্যাস, ব্রক্ষচর্য এসব সহজভাবে জীবনে প্রতিপালিত হয় না। এক ধরনের মানসিক ব্যায়াম ও কসরতে পর্যবিসত হয়। কিন্তু প্রকৃত গ্রের প্রের্যান্তমের আগ্রয় নিয়ে যদি তারই সেবায় নিজের বৃত্তি ও প্রবৃত্তিগ্রলিকে জ্বীবনমন্থী করে নিয়োগ করা যায় তাহলে সম্যাস ব্রক্ষচর্য আপনিই আসে।

ঠাকুরের কাছে যাওয়ার আগে ঈশ্বরবিশ্বাস বলে আমার কিছাই তেমন ছিল না। গারুর্বাদের তীর বিরোধীও ছিলাম আর বিশেষ করে বিরাগ ছিল ঠাকুর অন্কুলচন্দ্রের প্রতি। নানা গাজব ও রটনা তো ছিলই তাঁর সম্পর্কে।

কিন্তু জীবনের এক দূর্বাহ দৃশ্থের দিনে পাকেচক্টে যখন তাঁর কাছে গিয়ে হাজির হলাম তখন তিনি ঈশ্বর না গ্রন্থ না অবতার তা কিছন্ই ব্রিমিনি, কিন্তু এক লহমায় তাঁকে আমার আপনজন বলে মনে হয়েছিল।

এই 'আপনজন' বলে মনে হওয়াটাই এমন এক অলোকিক বোধ ষা সহজে বোঝা ষায় বটে, কিল্তু বহু বাক্য দিয়েও কিছুতেই বোঝানো ষায় না।

আমরা কয়েক বন্ধ্ তাঁর কাছে গিয়েছিলাম। প্রস্কান মিন্ত,
শশাৎক সরকার, চন্দন মন্ত্র্যার, মৃকুল গৃহ এবং আমি। শশাৎক
সরকার ঠাকুরের শিষ্য ছিল, একটি ইংলিশ মিডিয়াম মিশনারি
ন্কুলে চাকরি করে। লন্বা, লকলকে, স্কুদর্শন এই যুবকটিও জীবনে
এক প্রবল ধাক্কা খেয়ে পাগলের মতো হয়ে গিয়েছিল একদা। এই
ঘটনার বেশ কিছুদিন আগে সে দীক্ষা নিয়েছিল বটে, কিন্তু

শ্বভাবত কিছন খেয়ালী হওয়ায় সে দীক্ষার পর করণীয় কিছনই করত না। বড়লোকের আদ্বরে ছেলে ছিল সে, তাই স্বভাব কিছনটা উগ্র, কিছনটা অগোছাল। নিক্ষো বোডিং ছিল হ্যারিসন রোডের ওপর, আমহাস্ট স্টিট ক্লসিং-এর কাছে। সেখানে সে থাকত। বাথরন্মের পাশে, ছোটু ডবল সিটেড ঘরে। আমার সঙ্গে যখন তার পরিচয় তখন সে জীবনের সেই বড় ধারাটা সামলে ঠাকুরকে আঁকড়ে ধরেছে। নিরামিষ খায়, ধ্যান করে।

আমি যখন মানসিক বিপর্ষারে আক্লান্ত হরে ভিতরে ভিতরে জনালা বন্দ্রণায় জনলে খাক ও ক্ষয় হয়ে যাচ্ছি, যখন আত্মহত্যা করা ছাড়া অন্য পথ লাস্ত হয়ে যাচ্ছে, বান্দ্রিতে দেখা দিচ্ছে নানা ওলটপালট, তখন একদিন শশাৎকর ঘরে গিয়ে হানা দিলাম। তার সাদা চাদরপাতা পরিচ্ছন্ন বিছানা, তার পরিন্দ্রের জামাকাপড়, টেবিলে এবং দেয়ালে সাকুরের জবি—এসবের মধ্যে গিয়ে হঠাৎ কেন ষেনভাল লাগতে লাগল। যতক্ষণ শশাৎকর ঘরে থাকতাম ততক্ষণ মনটা বেশ ভাল থাকত। আর শশাৎকও বা্মতে পেরেছিল, আমার মানসিক সংকট ভলছে। তাই সে বলত, আমার মানটারির সময়টুকু বাদ দিয়ে সারাক্ষণ আমি তোমার জন্য এ-ঘরে অপেক্ষা করব। তোমার যথন খানি এসো, মাঝরাত হলেও দ্বিধা কোরো না।

বাস্তবিকই শশাৎক তখন আমাকে মস্ত এক সহায়তা আর সাহচর্য দিয়েছিল। না দিলে কী বে হত তা ভাবতেও আজ আতৎক হয়।

মৃত্যুচিন্তা, নশ্বরতার চিন্তা মান্যকে যখন পেয়ে বসে তখন ভূতের মতোই পায়। আর তীব ওই বিষাদরোগ এমনই সাংঘাতিক যে, শন্তরও যেন ওই রোগ না হয়, এমন প্রার্থনা ন্বতঃই মনে আসে। শশাষ্কর ঘরে গেলে কিছ্কুল্লনের জন্য যে ওই পাষাণভার খেকে আমার মন মৃত্ত থাকত সেটা আমি সবিন্ময়ে লক্ষ করতাম। মনে প্রশ্ন হত, তবে কি এ ওর ঠাকুরেরই প্রভাব ?

ঠাকুর অন্কুলচন্দ্র সম্পর্কে অনেক অপপ্রচার ও রটনা আছে। কতকাল আগে থেকে 'শনিবারের চিঠি' ও অন্যান্য ব্যক্তি এই কাজে ব্রতী হয়েছেন। তাদের যুক্তি ও সিন্ধান্ত ঠাকুরের বিপক্ষে গেলেও তারা পরেপ্রকারে স্বীকার করেছেন যে, মানুষ্টি ক্ষমতাবান। ইনি লোককে সন্মোহিত করে রাখেন। তার চারিত্রিক অপবাদও প্রচুর র্রাটত হয়। আবার যাঁরা স্বচক্ষে ঠাকুরের কীত'নয্গের লীলা দেখেছেন তাঁরা তাঁর বিরোধী হয়েও সভয়ে তাঁকে এড়িয়ে চলেছেন। আমরাও এসব বিষয়ে সচেতন ছিলাম।

শশাব্দ বখন ঠাকুরের কথা একটু আধাটু আমাকে বলার চেণ্টা করত তখন কিন্তু আমি তেমন প্রতিবাদ করতাম না। আমি চূপ করে বসে শন্নতাম। এবং ঘরের পরিমণ্ডলে একটি মৃদ্ব নিরাময়-কারী শান্তমণ্ডলকে অনুভব করতাম। আমার তাপিত হাদয় যেন শান্ত হয়ে তার উদ্যত ফণা নামিয়ে নিত।

তিন চার দিন বাদে শশাৎক একদিন বলল, চল, খোদ কর্তার কাছে গিয়ে তোমার মানসিক সংকটের কথা বলবে। দেখ না, কী হয়।

প্রশ্তাবটা আমার খ্ব খারাপ লাগল না। মনে হল, উনি হিপনোটাইজ করলে কর্ন না। আমার এখন সম্মোহিত থাকারই প্রয়োজন। দক্ষেত্র দর্বিহ এই বিষাদ আমি আর বইতে পারছি না।

প্রস্কে, শশাৎক, মকুলা, চন্দন আর আমি। আমাদের সকলেরই বয়স তথন তিশের এদিক বা ওদিক। আমার নিজের বয়স তথন উনত্তিশ। ১৯৬৫ সালের জান্মারির শেষ বা ফেব্রুয়ারির শ্রুর। সঠিক তারিখ মনে নেই। রাত্তির ট্রেনে আমরা পাঁচজন হৈ হৈ করে চেপে বসলাম। গলপগ্জেবেই পথটা প্রায় কেটে গেল। যশিডি মোটে ছয় ঘণ্টার রার্তা। ত্লতে ত্লতে যথন ভাের রাত্তে 'র্যাশিডি' 'র্যাশিডি' চিৎকার শর্নে হর্ডমুড় করে নামলাম তথন কনকনে শীত।

র্যাশিতি থেকে সংসঙ্গ আশ্রম মাইল পাঁচেকের পথ। স্টেশনে ভাঁড়ে গরম চা খেয়ে টাঙ্গায় চেপে রওনা দেওয়া গেল। আর সঙ্গে সঙ্গেই জ্বড়িয়ে গেল দ্বটি চোখ আর বৃক। কোন এক রহস্যময় অলোকিক প্রবৃষের সন্মিধানে চলেছি আমরা, কিন্তু যাওয়ার পথের প্রাকৃতিক শোভাও যে অনুপম। ছোট ছোট টিলা, আদিগন্ত উচ্চাবচ প্রান্তর আর লালমাটির এই দেশটির প্রেমে পড়ে যেতে হয় প্রথম দর্শনেই। প্রাকৃতিক শোভা আশৈব আমি বড়ো কম দেথিনী কিন্তু দেওঘরের প্রাকৃতিক সোন্দর্য আমাকে আজ্বও যত সম্মোহিত করে তত আর কোনও জায়গা নয়।

পথে যেতে থাঁচ জনে মিলে নানা রঙ্গ-রসিকতা আর ঠাট্টা

ইয়ার্কি হচ্ছিল। প্রস্নে অর্থাৎ আকাশবাণীর প্রস্ন মিত্র এক সময়ে দেওবর রামকৃষ্ণ মিশনে চার্কার করেছে। কিন্তু তখন সে ঠাকুরের কাছে বার্মান বা তাঁকে কখনও দেখেনি। শশাভক ছাড়া আমরা আর কেউই দেখিনি তাঁকে। আমার ব্কটা মাঝে মাঝে গ্রুডগর্ড় করছিল। ধর্মের বকলমে কত ভণ্ডামিই তো আছে, ইনি খাঁটি না ভেছাল তা কী করে ব্রুঝব ?

দেওঘর সংসঙ্গ নগরের প্রবেশপথে যে ভোরণ এখন রয়েছে তা তখন ছিল কিনা মনে নেই। যতদ্র জানি, ছিল না। লেভেল ক্রিসং পার হয়েই বাঁ ধারে চমংকার কম্পাউড ঘেরা চৌধুরী ভিলা। কোনও বড়লোক একদা বানিয়েছিলেন, সংসঙ্গ বাড়িটি কিনে নিয়ে গেন্ট হাউস বানিয়েছে। মাঝখানে হলঘর আর গ্রুটি চারেক শোওয়ার ঘর, সামনে বেশ বড একটি লন।

এই ব্যাদ্যিতে থাকতেন পরেশদা, অর্থাৎ পরেশচন্দ্র ভোরা। এখন ইনি সংসঙ্গের মুখপত্র 'আলোচনা'-র সহকারী সম্পাদক। সেই সাতসকালে তাঁর ঘুম ভাঙানো হল, উনিও কবোঞ্চ লেপের আশ্রয় ছেড়ে উঠে এসে উজ্জ্বল হাসিম্খে আমাদের গ্রহণ করলেন সেই অমলিন হাসি তাঁর আজও অম্লান আছে।

একটু পরিকার পরিচ্ছন্ন হয়ে আমরা মাইলখানেক দ্রে আশ্রমে রওনা হলাম। রাজনারায়ণ বস্বরোডিট এতই শাশত বৃক্ষছায়ায় সংবলিত যে মনটা স্নিশ্ধ হয়ে বায়। চারাদকে ভোরের একটি পরিচ্ছন্ন আবহ।

সবে রোদ ফ্রটেছে। আমরা গিয়ে আশ্রমের চৌহন্দিতে ঢ্রকলাম।

ঠাকুর তখন নিরালা নিবেশে বসতেন। মাঝখানের উঠোনে সামিয়ানা ছিল কিনা মনে নেই। কিন্তু তাঁর পার্লারে একটু রোদ পড়ে ছিল, এটা মনে আছে।

একটু দ্র থেকেই তাঁকে দেখা যাচ্ছল। পার্লারের মঙ্গত মঙ্গত খোলা জানালা দিয়ে তখন অবারিতই দেখা ষেত তাঁকে।

মৃত্তকণ্ঠে বলি, অমন রুপ জন্মেও দেখিনি। তাঁর দেহবর্ণ ছিল তামাভ গোর। তখন তাঁর বয়স সাতাত্তরের মতো। ওই বয়সে বে অমন দেবোপম রুপ কোনও মান্বের থাকতে পারে তা আমার ধারণায় ছিল না। তাঁর পরনে ছিল চিরাচরিত ধর্তি, গারে একখানা ফতুয়া, কাঁধের ওপর দিয়ে আলগোছে ফেলে রাখা একখানা বালাপোশ। তামাকের গশ্বে ম ম করছে চারপাশ আর ওই পার্লার থেকে ধ্প বা অন্যান্য গশ্বদ্রব্যের এবং কাঠের নিজম্ব গশ্ব এবং সর্বোপরি তাঁর দৈবী উপস্থিতির এক স্মাণ মিলেমিশে এমন একটা পরিমণ্ডল রচনা করেছিল যে ভারী মনোরম লাগল আমাদের।

কিন্তু যে ছিনিসটি আমাকে আমলে চমকে দিয়েছিল তা হল তাঁর দুখানি চোখ। সেই দুই চোখের বর্ণনা কী ভাবে দেব ? বহুবার চেন্টা করে দেখেছি, পারিনি। আয়ত দুই বিশাল চক্ষ্ থেকে এক কার্ন্তার আলো হীরকদীপ্তির মতো ছড়িয়ে পড়েছে। চোখ যে অত দুয়তিময় হতে পারে তা আমার ধারণার অতীত ছিল। অন্তভে দী সেই চোখের দিকে বেশিক্ষণ চেয়ে থাকাই ছিল অসম্ভব। স্নুদর চোখ তো অনেকেরই থাকে, কিন্তু ওরকম যোগীচক্ষ্ব বিরল।

প্রসন্নই আমাকে বলল, এ°কে আমি আগে কখনও দেখিন। কিন্তু প্রকৃত যোগীচক্ষ্র অধিকারী এই মান্বটির কাছে আমার অনেক আগেই আসা উচিত ছিল।

ঠাকুর কথা বলতেন কম, শ্বনতেন বেশি। যা শ্বনতেন তা মন দিয়ে নিবিষ্ট হয়ে শ্বনতেন। একটি দ্বিট কথায় জবাব দিতেন। তাঁর পার্লারে ভারে থেকে রাহ্রি অবধি অবিরল মান্বের যাওয়া আসা। ওরকম মান্ব-মাতাল আমি তো কখনও দেখিনি। পার্লারটাই ঠাকুরের শোওয়া-বসা, দিন-রাহ্রি অবস্হানের ঘর। কিন্তু সেই ঘরে অন্দর ও বাহির একাকার হয়ে গেছে। লাগোয়া একটি ঘরে বড়মা থাকেন, সে ঘরখানাও দিনরাহ্রি মান্বের সমাগমে মুখরিত।

দেখেশননে মনে প্রশ্ন হল, ইনি খান বা ঘন্মোন কখন? এইর কি ব্যক্তিগত জীবন বলে কিছু নেই ?

ধীরে ধীরে জেনেছি, সেই কৈশোরকাল থেকেই তাঁর ব্যক্তিগত জ্বীবন বলে কিছু ছিল না, এখনও নেই। সারাদিন এক জনস্লোত এসে এই মহাসম্দের কাছে নিজেদের বিলিয়ে দিছে। আর মান্বও যে কত রকম! উচ্চতম কোটি থেকে নিন্দতম কোটির, বিচিত্র ও বহুবিধ এত মান্বকে সামাল দেওয়া যার তার কাজ তো নয়।

আমাদের প্রথম মুশ্বতা ধীরে ধীরে গাঢ় থেকে গাঢ়তর হচ্ছিল। বতবার তাঁর কাছে যাই, ততবারই যেন মনে হয়, এ র মতো কাউকে তো কখনও দেখিনি! হাজার জন মানুষের মধ্যে থাকলেও এ কৈ আলাদা বলে চিনে নিতে এক লহমাও লাগে না।

রে হাউজারম্যান নামে যে মার্কিন সংসঙ্গী সেই গ্রিশের দশক থেকে ঠাকুরের কাছে আছেন, তিনি একদিন আমাকে জিজ্ঞাসা করেছিলেন, ঠাকুরের কাছে গেলে তুমি ইলেকট্রিসিটির মতো কিছ্ম কি টের পাও?

বাদতবিক ঠাকুরকে কখনও দপর্শ না করলেও আমি দ্ব একবার তাঁর তিন চার ফ্টে দ্রেত্বের মধ্যে গেছি। আর তখন যে এক তড়িংবাহী পরিমণ্ডলকে খ্ব দপন্ট অন্ভব করেছি তাতে কোনও সন্দেহ নেই। কেমন যেন গা শিউরে উঠত, অশ্ভূত এক অন্ভূতি হতে থাকত।

প্রথমবারের কথা বলি। ঠাকুর যজন, যাজন, ইন্টভৃতি এই তিন **স্তম্ভের ওপর তাঁর জ্বীবনাদর্শকে স্হাপন করেছে**ন। সেই সঙ্গে দ্বদ্তায়নী ও সদাচার। যাই হোক, যজন, যাজন ও ইণ্টভূতি এই তিন্টি নীতির মধ্যেই জীবনের যত কিছুরে পরিপ্রেণী শক্তি রয়ে গেছে। শ্নতে ছোট্ট তিনটি কথা। কিন্তু কার্যত এই তিনটি নীতি যে কোনও মানুষেরই অমৃত-অভিসারের পরম পাথের এবং এক বৃহৎ কর্মাযক্ত। যজন কথার মধ্যে নিহিত আছে ব্যক্তিগত নামধ্যান-পরায়ণতা। র পধ্যান নিয়ে এনেক কথা সছে। বীজ নামও আছে অনেক রকম। আমি গ্রীগ্রীঠাকুরের সংনাম গ্রহণ করার পর এই নাম জপের যে প্রত্যক্ষ শরীরী স্বর্প অন্ভব করেছি তা আমার মতো নাম্তিককে খ্বই বিম্মিত করেছিল। শুধু আমার অভিজ্ঞতা বলে কথা নয়, যে লক্ষ লক্ষ মানুষ এই সংনাম গ্রহণ করেছেন তাঁদের মধ্যে যাঁরাই কয়েকদিন নিয়মমতো এই নাম জ্বপ করেছেন তাঁদের সকলের অভিজ্ঞতাই কম বেশি একই রকম। বাঁরা নামধ্যানে প্রাগ্রসর তাঁদের অভিজ্ঞতা যে কত বিচিত্র, অন্ত্তি যে কত স্ক্মাতিস্ক্ম তরগকে ধরেছে তার ইয়ত্তা নেই । সহজ न्वार्जावक धार्ति मध्यनाम घण्डांधर्नीन रंगाना वाय, रमर खरक বিচ্ছিন্ন হয়ে নিজের সত্তাকে অনুভব করা বায়। তবু এসব অনুভতি বা উপলম্বিকে ঠাকুর খুব বেশি প্রশ্রয় দিতেন না। এক

সময়ে এমন হয়েছিল যে, শিষ্যরা ধ্যানের নেশায় খ্ব বর্নি হয়ে থাকতেন, কাজকর্মে গা করতেন না। ঠাকুর তখন এই সব অন্তৃতি কিছ্বটা হ্রাস করে দেন। নামধ্যানে বে আধ্যাত্মিক উন্নতি হয় তাতে তো সন্দেহ নেই, কিল্তু কাজকর্মের ভিতর দিয়ে হাতেকলমে যদি জগতের মঙ্গল করার উদ্যোগ না থাকে তবে সেই আধ্যাত্মিকতার ম্লা কী? ঠাকুর যে ধর্ম করার জন্য এসেছেন তা ফলিত ধর্ম, তা সকলকে নিয়ে, গোটা জগৎকে মঙ্গলাভিম্খী করার ধর্ম, তা শ্ব্রু ব্যক্তিগত মোক্ষ নয়। ধর্ম মানেই অল্ডিডরেক রক্ষা করে বর্ধনের পথে অগ্রসর হওয়া, সবাইকে নিয়ে। এ প্রথিবীতে বে চে থাকতে হলে আমাদের বেরকম পারিপাশ্বিকের ওপর নির্ভার করতে হয়, সেরকম পারিপাশ্বিকও আমাদের ওপর নির্ভারশীল। কাজেই নিজের যদি ভাল চাই তাহলে পারিপাশ্বিকেরও ভাল চাইতে হবে, তাকেও পোষণ দিতে হবে, পালন করতে হবে। এই সরল লজিক মানতে বোধ হয় আপত্তি হবে না। ধর্ম অর্থে জ্বীবন ও ব্লিধর ধর্ম, অন্য কোনও ধর্ম নেই।

ঠাকুর বখন ধর্মকে আমাদের হাতের মুঠোয় এনে দিলেন, সহজসাধা করে তুললেন, ধর্মের ফলিত রুপে বখন আমরা একটু একটু উপলব্ধি করতে লাগলাম, তখনই ধর্ম সম্পর্কে অনেক ধোঁয়াটে ধারণা, অনাবশ্যক কম্পনা, ধাঁধা কেটে যেতে লাগল, অনেক কঠিন তত্ত্বকথা হয়ে যেতে লাগল সরল সহজ।

কিন্তু এসব উপলব্ধি হয়েছে পরে। ঠাকুরকে নিয়ে আমাদের প্রার্থামক অভিজ্ঞতার কথা সবে তো শ্বর্ব হয়েছে।

প্রথমবার দেওঘরে আমরা বোধ হয় পাঁচ দিন ছিলাম। আশ্রমের বাইরে দোকানে স্কাদ্ব আল্বর চপ, কচুরি, বাঁধাকপির বড়া দেদার খাই। ভাঁড়ের পর ভাঁড় চা, আর সেই সঙ্গে আন্ডা-বিতর্ক। সেই বিতর্কের সবটাই ঠাকুরকে নিয়ে। ঠাকুরকে তথনও আমরা গ্রহণ করিনি। ওদিকে শিধ্যরা আমাদের নানাভাবে ঠাকুরের মহত্ত্ব বোঝানোর চেণ্টা করছেন, যাজন করছেন। আমরাও তর্কে মেতে জাল কেটে বেরিয়ে পড়ার চেণ্টা করছি। তথন দীক্ষা, গ্রের্করণ ইত্যাদি ভাবতেই আমাদের ভেতরটা সংক্তিত হয়ে পড়ে। ওসব মানি না। ঘোরতর নাান্তিক আমি তো ছিলামই তথন।

কিন্তু আশ্চর্ষের বিষয়, যখনই ঠাকুরের কাছে গিয়ে বসি তৎক্ষণাৎ মনটা যেন ভাল হয়ে ওঠে। সেই সঙ্গে একটু কেমন যেন গা শিরশির করা ভয় ভয় ভাবও। কারণ তাঁর ওই দ্বখানা অন্তর্ভেদী চোখ। কিছ্বতেই ওই চোখে চোখ রাখতে পারতান না। ব্বক দ্বদ্বের করত।

ঠাকুরের কাছে আমার জিজ্ঞাসা ছিল অনেক। কিন্তু আমি স্বভাবে লাজ্বক বলে এবং ঠাকুরের কাছে সর্বদাই বহু লোকের ভিড় বলে কিছুতেই কোনও কথা জিজ্ঞেস করতে পারতাম না। কিন্তু সকালে বা সন্ধ্যায় বেশ কিছুক্ষণ আমি ঠাকুরের কাছে বসে থাকতাম। কেন কে জানে, সেই সাহিধ্য আমার বড়ো ভাল লাগত।

ঠাকুরের কাছে দুটো প্রশ্ন নিবেদন করব বলে মনে মনে দিহর করে রেখেছিলাম। তীর মানসিক বিষাদ শুরু হওয়ার পর থেকে আমি নানা ধন খণ্ড খামতাথামচি করে পড়েছি। দ্বামী বিবেকানশ্বের গ্রন্থাবলীতে কল্পান্তের কথা পেয়েছিলাম। কল্প যখনশেষ হয় তখন বিশ্বজ্বগতের সমদত গ্রহ নক্ষর জ্যোতিহারা হয়ে পরদপর এক হয়ে পিশ্ডের আকার ধারণ করে। সেই পিশ্ড আবার একদিন বিদ্ফোরিত হয় এবং নতুন করে স্ফিট হয় গ্রহ, নক্ষর, নীহারিকা। কল্পান্ত সতিটেই ঘটে কিনা এ ছিল আমার প্রথম প্রশ্ন।

দ্বিতীয় প্রশ্ন ছিল, দীক্ষা গ্রহণ না করে যদি আা' ঠাকুরের উপদেশ ও পরামর্শ অনুযায়ী চলি তাহলে আমার কোনও উপকার বা উন্নতি হবে কিনা। দীক্ষা গ্রহণের অর্থ তখন অন্যের কাছে মাথা নোয়ানো, আত্মবিসজ'ন এবং আত্মাবমাননা।

যাই হোক, কল্প আর দীক্ষাবিষয়ে আমার দ্বটি প্রশ্ন কিছ্বতেই উত্থাপন করে উঠতে পারছিলাম না।

একদিন সন্ধেবেলা নিরালা নিবেশে ঠাকুরের সামনে বেশ লোকের ভিড়। নানা আলোচনা চলছে। ঠাকুরের কাছে যাঁরা বসেছেন তাঁরাই জ্বানেন সর্বাদাই সেখানে ্রানের চর্চা হত, শৃধ্ব বসে থাকলেই কত বিষয় যে জ্বানা হয়ে যেত তার ইয়ন্তা নেই।

সেদিন সন্ধ্যায় আমার বন্ধরো চায়ের গোকানে আন্ডা মারতে গেছে। আমি বিষয় মনে নিরালা নিবেশে ঠাকুরের কাছে বঙ্গে আছি। সেদিন বেশ ভিড় ছিল পার্লারে। কলকাতা থেকে কোনও এক পশ্ভিত ব্যক্তি এসেছেন, তিনিই ঠাকুরকে নানা প্রশ্ন কর্রছিলেন। বিভিন্ন প্রসঙ্গে আলোচনাও কর্রছিলেন।

আমার কানে সেসব আলোচনা খানিকটা ঢ্বকছিল, খানিকটা ঢ্বকছিল না। আমি ঠাকুরের দিকে চেয়ে বসেছিলাম আর ভাবছিলাম, ইনি কি সত্তিই ক্ষমতাবান? নাকি সবই ফককিকারি? ইনি কি সত্তিই আমাকে শান্তি দিতে পারেন? নাকি নানা কথার যে প্রচার শ্বনি সেগ্রেলাই সত্তিঃ? মনে নানা সংশয়, হাজারো প্রশন, প্রবল অবিশ্বাস, তীব্র অকর্ষণ, সব মিলিয়ে-মিশিয়ে এক সাংঘাতিক দোলাচলের মধ্যে তখন আমার দিন কাটছে।

হঠাৎ এই অন্যমনস্কতার ভিতরেই কানে এল কলকাতার সেই পশ্ডিত ঠাকুরকে প্রশ্ন করছেন, আচ্ছা ঠাকুর, উপনিষদে যে কলপ এবং কলপাল্ডের কথা আছে তা কি সাত্যিই হয় নাকি? কলেপর শেষে সব স্থিতির লয় হয়ে বিশ্বজগতের সব ম্যাটার পিশ্ডাকার ধারণ করে এবং তার থেকেই আবার স্থিতি শ্রের্হয়?

আমি এই প্রশ্ন শন্নে সচকিত হয়ে নড়েচড়ে বসলাম। কিন্তু ঠাকুর এ প্রশ্নের কী যে একটা উত্তর দিলেন তা দরে থেকে ভাল শন্নতে পাইনি। তবে ঠাকুর খ্বই সংক্ষেপে কিছন্ একটা বলেছিলেন।

পশ্ডিত এবার দ্বিতীয় প্রশ্ন করলেন, আচ্ছা ঠাকুর, বাদি কেউ ভেবে থাকে ষে, আপনার কাছে দীক্ষা না নিয়ে বাদ সে আপনার নিদেশিত পথে চলে তাহলে তার কোনও উন্নতি হবে কি ?

এ প্রশ্নটি শানেই আমি এমন দ্তদিভত ও হতচকিত হয়ে গেলাম যে, সে অবস্হার কথা এখন বর্ণনা করতেও পারব না। হঠাৎ দেখি, ঠাকুর স্মিতমাথে প্রসন্ন চোখে আমার দিকেই চেয়ে আছেন।

কী জানি কেন, হঠাৎ ভীষণ ভয় হল। মনে হল, এখানে আর এক মৃহত্ত ও থাকা উচিত হবে না। এ রা নিশ্চয়ই জাদ্বিদ্যা জানেন, থটরিডিং জানেন বা ঐ ধরনেরই অপ্রাকৃত কিছন। ঠাকুর সম্ভবত আমার মনের অভ্যস্তরটাও দেখতে পান। অনেক গোপন কথা তো উনি জেনে নেবেন।

এক সাংঘাতিক আতৎেক আমি হঠাং লাফ দিয়ে উঠে সবেগে

পার্লার থেকে বেরিয়ে প্রায় ছ্রটতে ছ্রটতে ষেখানে আমর বন্ধরের আন্ডা মারছিল সেই চায়ের দোকানে হাজির হলাম।

আমার উদ্ভাশ্ত চেহারা ও আতিৎকত দৃণ্টি দেখে বন্ধ্রা সচ্কিত হয়ে উঠল। প্রসান বলল, কীরে, কীহয়েছে ?

আমি আতি ক্তিত গলায় বললাম, এখানে আমাদের আর থাকা ঠিক হবে না। চল, কলকাতায় চলে যাই।

কেন, কী হল রে হঠাৎ ? দিস ম্যান ইজ ডেন্জারাস। কে, ঠাকুর ?

হণ্যা, ঠাকুর ছাড়া আর কে ?

বন্ধরা তথন আমাকে ধরে বসাল। সকলেরই সাঙ্ঘাতিক কোতৃহল। ঘটনার কথা শ্বনতে চায় সবাই। একটু প্রকৃতিস্হ হয়ে ধীরে ধীরে ঘটনাটা বললাম।

আন্চথের বিষয়, কেউই অবিশ্বাস করল না এবং আমি যতটা ভয় পেয়েছিলাম সেরকম ভয়ের অনুভূতিও কারও হল না। প্রস্নের চোথ তো ছলছল করতে লাগল। সে বলল, ঠাকুরকে প্রথম দেখেই আমি ব্রেছে, ইনি সামান্য মান্য নন। অনেক সাধ্য দেখেছি বটে কিন্তু এরকম যোগীচক্ষ্য আমি আর দেখিনি।

প্রস্ন দেওঘর রামকৃষ্ণ মিশন স্কুলে কিছ্কাল শিক্ষক তা করেছিল কয়েক বছর আগে। তখনকার সময়ে সে কখনও ঠাকুরের কাছে আসেনি বা আসবার আগ্রহ বোধ করেনি। কং বিরাগই ছিল। এবার সে আফশোস করে বারবার বলছিল, না এসে খ্ব ভূল করেছি। এতগ্বলো বছরে অনেক এগিয়ে যাওয়া যেত।

সেই দিন, অর্থাৎ এই ঘটনার পর বাকি রাগ্রিটা আমার কিছ্ম অস্থিরতার মধ্যে কেটেছিল। ঘটনাটি যে অলোকিক, ব্যাখ্যার অতীত তা ব্যুঝতে পার্রাছ, কিন্তু মন মানছে না, ব্যক্তিবোধ বলছে, যদি কাকতলীয় হয়ে থাকে! এরকম তো হতেই পারে।

কিন্তু মন যে একটা ঝাঁকুনি খেয়েছে তাতে সন্দেহ নেই। নানা যান্তিতক আপন মনেই আউড়ে গোছ। প্রতিদিনই কেউ না কেউ আমাদের যাজন করেছেন, তক'বিতক' বিশ্তর হয়েছে, কিন্তু ঠাকুরের আশ্রয় গ্রহণ বা দীক্ষা নেওয়ার বিষয়ে কেউই আমাদের সদত্ত্তর দিতে পারেননি। শত্ম ঠাকুরকে দেখেই আমাদের ষা কিছু যাজন হচ্ছিল।

এর মধ্যেই একদিন বিকেলে চৌধ্রী ভিলায় এলেন ননী-গোপাল চক্ষবর্তা। সংসঙ্গের বর্তামান সম্পাদক ননীদা। তীক্ষ্ম ও অতিশয় সমুদর্শন তাঁরা চেহারা। ধবধব করছে গায়ের গোরবর্ণ। তেমনি তাঁর অনুপম বাচনভক্ষি।

তিনি এসে বললেন, আপনাদের কী সব প্রশ্ন আছে বলে শ্বনেছি। বিদ দয়া করে আমাকে বলেন তবে আমি সাধামতো জবাব দেওখার চেণ্টা করতে পারি।

মান্যটির চেহারা এবং বাচনভঙ্গি আমার বেশ ভাল লাগল। ভব্ একটু তর্ক বাধানোর জন্য বললাম, আমাদের অনেক প্রশন। সব কিছুর জবাব কি আপনি দিতে পারবেন ?

ननीमा विनस्त्रत मर्क वललन, माध्यमरा राज्यो क्तर ।

আমি প্রশন করলাম, মৃত্যুর পর মান্বধের অগ্নিতত্ব কি থাকে? তার কি সাত্যিই প্রনর্জান্ম হয়?

ননীদা কী একটা জ্বাব দিতে যাচ্ছিলেন, আমি একটু র্ড়ভাবে বাধা দিয়ে বললাম, দেখান, এ ব্যাপারে শান্তে টান্তে বা আছে সেগ্লো আমরা জানি । ওসব তত্ত্বকথা দয়া করে বলবেন না। আমরা প্রশ্ন হল, মৃত্যুর পর যে আত্মার অগ্নিতত্ব থাকে তা আপনি বাস্তবভাবে জানেন কিনা, এব্যাপারে আপনার কোনও প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে কিনা। যদি না থাকে তবে বাগবিস্তার বৃথা।

ননীদা কিন্তু সামান্য মাত্রও বিচলিত হলেন না। বললেন, ঠিক আছে, তাই বলব। শৃথে একটি ছোটু কথা বলে নিই। আপনি যে আছেন এটা যদি সত্যি হয় তবে আপনি যে ছিলেন সেটাও সত্য হতে বাধ্য। আর আপনি যে থাকবেন সেটাও সত্য। আপনি আছেন অথচ আপনি ছিলেন না বা থাকবেন না এটা তো হতে পারে না। বৈজ্ঞানিক ভাবেই একথা বলা যায় তো!

আমি প্রস্ন মুকুল চন্দন মুখ চাওয়াচাওয়ি করলাম। আমিই বললাম, ঠিকু আছে। আপনার কথাটা মেনে নিচ্ছি। এবার

ক্রিনীদার মেয়ের গল্প বোধ হয় অনেকেই শ্বনে থাকবেন। দীক্ষা-ক্রিকীদার মেয়ের গল্প বোধ হয় অনেকেই শ্বনে থাকবেন। দীক্ষা-ক্রিকীবনে ও র শিশ্রকীয়া জলে ডুবে বায়। জীবন্ত অবন্হাতেই ১৮৮৮ - ১৮৮৫ - ১৮৫৫ - ১৮৮৫ - ১৮৫৫ - ১৮৮৫ - ১৮৮৫ - ১৮৫৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ - ১৯৯৫ -

তাঁকে জল থেকে উন্ধার করা হয়েছিল। ননীদা স্বয়ং লাইফ সেভিং সোসাইটির সদস্য এবং জ্বলেডোবা মান্য্যের চিকিৎসাও তিনি জ্বানতেন। মেয়েকে জ্বল থেকে তুলে তাকে উপ;ড় করে শ্বইয়ে ম্যাসাজ করার সময় যখন মেয়েটির সাড়া ফিরে আসছে সেই সময় এক গ্রাম্য হাতুড়ে ডাক্তার এসে উল্টো পরামর্শ দেয় এবং ननीमा रमरे विभाग वृत्ति भिरुत ताथा ना लात रमरे भनामम মেনে ম্যাসাজ করতে গিয়ে বিপদ ডেকে আনেন। মেয়েটি মারা যায়। ননীদা এই ঘটনা থেকে শোকে এবং ক্ষোভে উন্মাদের মতো হয়ে যান। তাঁর অধীত বিদ্যা তিনি প্রয়োগ করতে পারলেন না। হাতুড়ের পরামর্শে ব্রন্থিভংশের মতো উল্টো কান্ধ করে বসলেন। ফলে তাঁর আত্মবিশ্বাস নন্ট হয়ে গিয়েছিল। তিনি উপলব্ধি করেছিলেন, এই জীবনে একজন সদ্গ্রের না লাভ করলে যাবতীয় বিদ্যা, কর্ম, প্রয়াস বৃথা যাবে। এই তীব্র আকুলতা ও অন্-সন্ধিৎসা খেকেই তিনি একদিন ঠাকুরকে খইছে পান। শুধ্ব তাই নয়, দীক্ষাগ্রহণের পর যে মেয়েটি তাঁর ঘরে জন্ম নিল সে হল জাতিম্মর। সে জলে ডুবে যাওয়ার কথা বলত। মেয়েটি জন্মানোর পরই ঠাকুর ননীদার স্ত্রীকে স্বপ্রে দেখা দিয়ে বলেন, তুই কাঁদিস কেন আগের মেয়েটির জন্য ? ও-ই তো আবার তোর কোলে এসেছে।

গণ্পটি তিনি এমনভাবে বলেছিলেন আমাদের মন ভারী আর্দ্র হয়ে গেল। এরপর ননীদার সঙ্গে অনেকক্ষণ আলাপ নালোচনা হল। ঠাকুরকে নিয়ে, দীক্ষার প্রয়োজনীয়তা নিয়ে, সঙ্গ নিয়ে।

ননীদা চলে যাওয়ার পর আমারা নিজেদের মধ্যে কথাবার্তা বললাম অনেকক্ষণ। চন্দন অর্থাৎ চন্দন মন্ত্র্মদার বয়সে আমাদের সকলের ছোটো, বারেন্দ্র ব্রাহ্মণ, অনোকনগরে বাড়ি এবং দর্শন শান্দ্রে এম এ। চন্দন এমনিতে চমৎকার স্বভাবের ছেলেন বিনয়ী, ভদ্র, ভালমান্ধ। তবে দর্শনিচিন্তায় বিভোর থাকত বলে সেছিল ভীষণ অন্যমনক আর ভুলোমনের মান্ধ। হঠাৎ চন্দন আমাকে বলল, দাদা, আমি ভেবে দেখলাগ আমাকে দীক্ষা নিতে হবে। আছেই।

আমি অবাক হয়ে বললাম, বলিস কী? সত্যি দীক্ষা নিবি?
মনে আছে চন্দন হাতজোড় করে বলেছিল, আপনি বাধা দেকেন

না। প্ৰিবীতে লক্ষ লক্ষ কোটি কোটি মান্যের ভিড়ে আমি সামান্য একজন চন্দন মজ্মদার দীক্ষা নিয়ে যদি বে চৈ থাকার পথ পাই তবে দোষ কী?

বাধা দেওয়ার প্রশ্নই ওঠে না। বরং চন্দন দীক্ষা নেবে শ্রেন আমি মনে মনে কেমন যেন দার্ণ খ্রিশই হয়েছিলাম। বললাম, নে দীক্ষা। আমারও ধারণা, ঠাকুরের বেশ শক্তি আছে। উনি সাত্যকারের পাওয়ারফক্ষ মান্য।

সেই সম্পেবেলাতেই চন্দন ঠাকুরবাড়ি চলে গেল। ঠাকুরের অনুমতি নিয়ে তাঁরই নির্দেশে শরংদার (হালদার) কাছে সংনাম গ্রহণ করল।

প্রসন্ন চাকরি করত আকাশবাণীতে। সে ভয়েস অফ আমেরিকায় সংবাদ-পাঠকের পদে ইণ্টারভিউ দিয়ে চাকরি একরকম পেয়ে বর্সেছল। ডাক এলেই ওয়াশিংটনে গিয়ে কাজে যোগ দেবে। এবং সেই চাকরির আশায় সে আকাশবাণীর চাকরিতেও ইভিমধ্যে ইল্ডফা দিয়ে বসে আছে। সংসারে তখন তার প্রবল টানাটানি। কিসে কার যাজন হয় তা বলা খ্বই কঠিন। হাজার কথাতেও একজন হয়তো মাথা নোয়য় না। কিল্ডু একটা কথাতেই তার হয়তো সব কাঠিনা জল হয়ে য়য়। ঠিক মনে নেই কে, তবে কেউ একজন প্রস্নকে খ্ব আল্ডরিকভাবে বলছিল, দাদা স্কর্র আমেরিকায় চলে যাজেহন, সংনামটা গ্রহণ করে যান। ভাল হবে।

এত দিন তুম্ল তর্কবিতর্কে যে কাজ হর্য়ন একজন নাংলা লোকের এই নরম কথায় সেই কাজ হল। প্রস্কল দীক্ষা নেবে বলে মনস্থ করে ফেলল। চন্দন যোদন দীক্ষা নিল তার পর্রাদনই সকালবেলার প্রস্কল গিয়ে হাজির হল ঠাকুরের কাছে। তার মনোগত ইচ্ছে ছিল ননীদার কাছে নাম নেওয়া। ঠাকুর, কী আশ্চর্য, ননীদাকেই আদেশ দিলেন প্রস্কলক দীক্ষা দিতে।

আমাদের দলের দ্বেদনের এই দীক্ষাগ্রহণ আমার কাছে একটা স্বিস্বিদায়ক ঘটনা। দীক্ষান্তে এই দ্বেদনের মধ্যে কী পরিবর্তন হয় তা পর্যবেক্ষণ করাই ছিল আমার বাসনা। যদি দেখি ওদের মধ্যে লক্ষণীয় পরিবর্তন ঘটেছে তাহলে দীক্ষা গ্রহণের ব্যাপারে আমিও অস্তিবাচক চিম্তা করতে পারি।

রে হাউন্ধারম্যানকে আমার প্রথম আলাপেই বড়ো ভাল লেগে-

ছিল। এই ছিন্নবাধা মান্বটি তখন ঠাকুরের সঙ্গে দীর্ঘদিন অতিবাহিত করেছেন। মার্কিন নাগরিক হাউজারম্যান সেনা-বাহিনীর অফিসার ছিলেন। ব্রহ্মদেশে তাঁর পোদিটং ছিল। সেখান থেকে বদলি হয়ে দেশে ফিরে যাওয়ার পথে কলকাতায় কয়েকদিন থাকতে হয়েছিল। সেই সময় আকদ্মিক ভাবে দেশেস নামে একজন দেশবাসীর সঙ্গে দেখা।

স্পেন্স বিদেশ পশ্ডিত, দার্শনিক, তদ্বপরি ধনীর দ্বলাল।
তব্ব বহুকাল আগে তিনি স্বদেশ, আত্মীয়স্বজন ও সম্পদ ছেড়ে
ঠাকুরের কাছে চলে এসেছেন, আর ফিরে যাননি। নীলচক্ষ্ব,
উদাসদৃষ্টি এই মানুষ্টিকে দেখলেই শ্রন্থা হয়।

দেপন্স হাউদ্ধারম্যানকে ঠাকুরের কথা বললেন। বললেন, কী অনিত্য বদতু নিয়ে মেতে আছো! বাঁচতে চাও তো, অমৃতের দ্বাদ পেতে চাও তো চলো হিমাইতপ্র ।

হাউত্রাধ্বননের যুক্ষক্লোক্ত হত।শাগ্রস্ত মন তক্ষ্বনি সায় দিল। আমেরিকার ওই উন্মত্ত জীবনস্তোত আর স্বথের পিছনে নিরন্তন ছোটবার একঘেরেমি তাঁকে আর টানছিল না। স্পেন্স-এর সঙ্গে তিনি রওনা হন্যে পড়লেন হিমাইতপরুর।

তারপর দীর্ঘাদন কেটেছে। ত্রিশ বছরের ওপর তিনি রয়ে গেছে ঠাকুরের কাছে। ঋত্বিকের পাঞ্জা পেয়েছেন। বহু মার্কিন নারী পুরুষকে তিনি এনেছেন ঠাকুরের কাছে।

আমি যখন তাঁকে আশ্রমে প্রথম দেখি তখন তাঁর বর্ম চল্লিশের এধার ওধার। উৎসাহ উন্দীপনায় টগবগে এক তর্ব। ঠাকুর বলতে পাগল। খুব বিভি খেতেন আর সারা আশ্রমে নানা কাল্লে ছুটে বেড়াতেন। ক্লান্তিহীন, শ্রান্তিহীন, সদাচণ্ডল এই মান্ষ্টিকে আমার বেশ ভাল লেগেছিল। তুলনায় দেপন্স ছিলেন গৃদ্ভীর, দ্বদ্পবাক, চিন্তাশীল, ধীর্মহর।

(হাউজারম্যান পরবর্তীকালে আমেরিক।য় ঠাকুরের মন্দির তৈরি করেছেন এবং এখন সেখানেই ঠাকুরের কাজ নিয়ে আছেন।)

আশ্রমে আরও কয়েকজন আমাদের মানাষোগ আকর্ষণ করে-ছিলেন। তাদের মধ্যে একজন ডেগলাল। ডেগলাল স্থানীর লোক। একসময়ে সে ঠাকুরের এবং আশ্রমেরও প্রবল শত্র ছিল। লাঠিবাজি সে বড়ো কম করেনি। কিন্তু ক্রমে ক্রমে সে ঠাকুরের অমের এবং অমোঘ আকর্ষণে তাঁর সামিধ্যে আসে। নিরক্ষর ডেগলালকে ঠাকুরই লেখাপড়া শিখান, বি-এ পাশ করান এবং আমেরিকায় পর্যশ্ত যাওয়ার ব্যবস্থা করেছেন। ডেগলালকে আমি যখন প্রথম দেখি, সে তখন ঠাকুরের একরোখা ভক্ত। ঠাকুরের বিরন্দেধ কেউ টই শব্দ করলে লাঠি নিয়ে তেড়ে যায়। প্রসন্ন না জেনে চায়ের দোকানের আডায় কী একটু ঠাট্টা করেছিল, ডেগলাল তাকে এই মারে কি সেই মারে। ঋত্বিকের পাঞ্জাধারী ডেগলাল কাহার ও অন্যান্য সম্প্রদায়ের মধ্যে অনেককেই দীক্ষা দিয়েছে।

আনার সঙ্গে তার একরকম ভাবসাব হয়ে গেল।

দিন পাঁচেক অবস্থান, আরও অনেকের সঙ্গে আলাপ ঘটল বটে কিন্তু ঘনিষ্ঠতা হওয়ার অবকাশ ছিল না। পাঁচ দিনে অবশ্য যথেষ্ট সোহার্দা্য ঘটল পরেশদার সঙ্গে। এই মানুষ্টি আমাদের রে'ধে খাওয়াতেন, বত্নমাত্তি করতেন। আর ছিলেন সদাপ্রসম্ন, হাস্যমন্থ ও উষ্ণ হদয়ের অধিকারী। একুশ বছর বাদে আজ্বও তাঁকে সেই একই রকম লাগে। তেমন কোনও পরিবর্তন ঘটোন।

আমাদের প্রথম আশ্রয়স্থলটির নাম চৌধ্রী ভিলা। সামনে মনত লন, বড় বড় ঘর, বিশাল বাথর্ম, সব মিলিয়ে একটি অভিজ্ঞাত বাড়ি। চারদিকে গাছগাছালি বিন্তর। তেমনই নিজনতা। পাশেই যশিডি-দেওঘর রেল লাইন। রোদ-হাওয়ার ছড়াছড়ি ছিল ঢ়ৌধ্রী ভিলায়। পরিবেশটি আমার অনেক বাল্যস্ম্ভি জাগিয়ে তুলেছিল। আমরা ছেলেবেলায় এরকমই নিজন ও স্কার সবরেল বাংলায় ছিলাম। আমি ছটফট করতে

চোধনরী ভিলা থেকে ঠাকুরবাড়ির দ্বেত্ব এক কিলোমিটারের মতো হবে। ওই রাস্তাটুকুর বড়ো সোন্দর্য ছিল। আজ্বও আছে। তবে নির্দ্ধনতা ধীরে ধীরে নন্ট হয়ে যাচ্ছে। গাছপালা বেশ কেটে ফেলা হয়েছে। আর রাস্তাটি হয়েছে জরাজীর্ণ। আমরা ওই পথটুক্ব বখন গল্প করতে করতে হাঁটতাম তখন মনে হত এমন চমংকার সময় তো কখনও কাটাইনি।

দীক্ষা নেওয়াব আগে থেকেই ঠাকুরের প্রতি আমার একটা প্রচছম ভর্মমিশ্রিত আকর্ষণ জন্মায়। ভয় কেন, তা আগেই বংলছি। মনে হত ইনি আমার ভিতরের সব কথা টের পাচেছন। আর আকর্ষণ অনুভব করেছি তাঁর ওই অহংশুন্যে ভাবটির জন্য। ঠাকুর তখনও এক রহস্যে ভরা মান্য, দেবতা কিনা জানি না। তাঁর সম্পর্কে নানা অপপ্রচার আছে, সেগ্লো নিয়েও ভার্বাছ। আবার মান্যটিকে অস্বীকারও করতে পারছি না।

প্রসন্ন তো বলেই ছিল, উনি যদি শত পাপও করে থাকেন তব্ব এ র মতো শৃদ্ধ অপাপবিন্ধ নিন্দলভক মান্য আমি আর দেখিনি। বহ্ন সাধ্ব-সম্যাসী দেখেছি, কিন্তু এরকম যোগীচক্ষ্ম জীবনে এই প্রথম দেখলাম।

পরবর্তা ক্রীবনে সাধ্-সম্যাসী দেখার বিস্তর অভিজ্ঞতা আমার হয়েছে। আমি সকলের মধ্যেই ওই উল্জ্বলতা, ওই কাঁচ-স্বচ্ছ গাত্রত্বকের ভিতর দিয়ে বিকিরিত প্রভা, দ্বই আয়ত চক্ষ্বর অন্তর্ভে দ-কারী দ্বিট খ্বক্তিছি, পাইনি। আসলে তাঁর মতো দ্বিতীয়টি আর নেই কিনা।

যাই হোক, প্রথমবার ঠাকুরকে দেখে আমার অনেক দিন ধরে জমে ওঠা ধ্যান-ধারণায় একটা ঘা পড়েছিল। ভিতরে ভিতরে এক ধরনের আগ্রহ ও পিপাসা জেগে উঠেছিল। কিল্টু বাধা দিচ্ছিল অহংবোধ। দীক্ষা গ্রহণ মানেই তো মাথা নোয়ানো, নিজের স্বাধীন ব্যক্তি-সত্তাকে বিসর্জন দেওয়া এবং খানিকটা ছোটো হয়ে যাওয়া। ধদি অন্যের হাত ধরেই আমাকে চলতে হয় তবে আর আমার কৃতিত্ব রইল কোথায়? এই সব ছেলেমান্ষি দ্বিধাদ্বন্দ্ব তখন প্রবল। দোটানার মধ্যে পড়ে মনটা বারবার বিদ্রান্ত হবে যাছে।

এই দ্বিধাগ্রন্থত মন নিয়েই চার পাঁচদিন দেওঘরে অবস্হানের পর কলকাতায় ফিরে এলাম। কিন্তু মনে হচিছল, এ ষেন স্বর্গ থেকে বিদায়। জীবনে ওই তিন চারটে দিনের মতো স্কানর সময় খ্রব কমই কাটিয়েছি! খ্রব গভীর জীবনবোধের একটা আভাস, এক রহস্যে ভরা জ্বাং ষেন চুন্বক পাহাড়ের মতো আকর্ষণ করিছল সর্বক্ষণ। নিজেকে এই পরিবেশ থেকে প্রায় ছি ড়ে আনতে হল। কিন্তু চোখে মায়াঞ্জনের মতো লেগে রুইল ঠাকুরের অপাথিব ম্বুখ্রী, দেওঘরের অসামান্য প্রকৃতি আর নানা টুকরো ক্ষ্মৃতি।

কলকাতার পা দেওরার সঙ্গে সঙ্গেই ভাল্বকের মতো চেপে ধরল মেলার্কালরা। যে বিষাদ-রোগ করে কুরে খাচ্ছিল আমাকে এখন তা বহু গর্ন বেড়ে হাল্বম বাঘের মতোবিশাল হা করে গোটা-গর্টি গিলে ফেলতে চাইছিল আমাকে। ওরকম মেলার্কালরা রোগ আমার মহা শর্রও বেন না হয়। তার যে কী গভীর যক্ত্রণা, কী নৈরাশ্যের খাদের মধ্যে যে বাস করতে হয় তখন, কী বাশ্ধবহীন ও একা লাগে নিজেকে তার বোধ হয় সঠিকবর্ণনাও হয় না। 'দ্বংখ রোগ' নামে একটা গলেপর মধ্যে তার কিছ্ব প্রত্যক্ষ বিবরণ দিয়ে-ছিলাম।

ফিরে আসার পর মেলাঞ্চলিয়া যেমন বাড়ল তেমনি মনটা উদ্মন্থ হয়ে রইল ঠাকুরের দিকে। উনি কি সত্যিই পারেন আমার বিষাদরোগ সারাতে? উনি সাত্যিই মহাপরেন্থ? উনি কি সাত্যিই ঈশ্বরত্বের অধিকারী? নাকি ভন্ড? নাকি সবটাই সাজানো ব্যাপার? ব্যবসা? যত ভাবি তত ছটফট করতে থাকি। ঠাকুর সম্পর্কে নেতিবাচক প্রচারগন্লোকে তখন কিছন্তেই বিশ্বাস করতে ইচ্ছে করে না। তাকে যে অন্যরক্ম দেখে এসেছি।

ঠাক্রর নিজেই বলেছেন, সম্পেহ হল ঘ্রাপোকার মত। প্রশ্রয় দিলে ভিতরে ভিতরে সে মান্যকে ফৌপরা করে দেবেই। সম্পেহের বিষ তথন আমাকেও কুরে কুরে খাচেছ।

দীক্ষা-পূর্ব জ্বীবনে আমার অভিজ্ঞতায় দুর্টি ব্যাখ্যার অতীত ঘটনা ঘটেছিল। তারই একটি ঘটনা এই সময়ে।

তথন মেলাৎ্কলিয়ার জন্য রাতে ভালো ঘ্ম হত না। বেঙ্গল ক্রেমক্যালস বা ওই ধরনের কোনও কোম্পানির একটা রোমাইড মিকশ্চার তথন বাজারে চাল্ ছিল। আমি সেই ওম্ধ এক শিশি কিনে এনেছিলাম, রাত্রে শোওয়ার সময় সেই ওম্ধ থেয়ে শ্লেশরীরটা কেমন যেন কাঠের মতো আড়ন্ট বোধ হত। যাকে ঘ্ম বলে তা হত না বটে, তবে এক ধরনের ঝিমন্নি আসত।

সেই ওবন্ধ থেয়ে একদিন শ্রেছি। একতলার মেসবাড়ির জানালার ধারেই আমার চৌকি। মাঝরাতে হঠাৎ এক বিকট শব্দে তন্দ্রা কেটে গেল। জানালার ধারে রাস্তার উপর অন্তত পনের কুড়িটা ক্ক্রের প্রাণাতকর চিৎকার করে ঝগড়া লাগিয়েছে, সেই শব্দে ঘ্রম ভেঙেই আমার ব্বের মধ্যে এমন ধপাস ধপাস করতে লাগল যে, মনে হচ্ছিল এক্ষ্রিন এই চে চানি বন্ধ না হলে মরে যাব। শরীরের সমস্ত স্নার্ যেন ছি ডে যাচ্ছিল সেই শব্দে। মাথা ঝিমঝিম করছিল। এমনিতে ক্ক্রের ঝগড়া কতই তো শ্বেনিছ, এখনও শ্রিন। কিন্তু তখন দ্বেল স্নায়্, দ্বেল মাথা, অনিদ্রা, প্রাড়িত শ্রীর ও মাস্তদ্কে সেই শব্দ যেন ম্হ্রম্হ্র হাতুড়ির ঘা মারছিল। আমি যন্ত্রায় ককিয়ে উঠলাম। এবং কে জানে কেন অস্ফ্রেট স্বরে বললাম, তুমি আমাকে আর যন্ত্রণা দিও না, আমি তোমার কাছে দীক্ষা নেব।

এই কথাটা উচ্চারণের সঙ্গে সঙ্গে পলকে ধেন একলব্যের বান ক্ক্রেরে মুখ বন্ধ করে দিল। বিবদমান অত্যালি ক্ক্রে কি করে ধে একসঙ্গে একেবারে চূপ করে গেল তা কে বলবে? আর সেই ক্ক্রেরাই পালিয়ে মাড়োয়ারি হাসপাতালের কাছ বরাবর গিয়ে আবার ঝগড়া শ্রেন্ করল। কী আশ্চর্ধ, দ্রোগত সেই ক্ক্রের চে চামেচি ঘ্নপাড়ানি গানের মতোই ক্লিয়া করল আমার ওপর। বহুন্দিন বাদে প্রগাঢ় নিদ্রায় আমি ঢলে পড়লাম।

সকালে উঠে প্রাতঃকৃত্যাদি সেরেই গেলাম শশাব্দর কাছে। বললাম সামনে সরস্বতী প্রজার ছাটি আছে, চলো দেওঘরে গিয়ে দীক্ষা নেব।

এই কথায় শশাধ্কর যে আনন্দ হল তা দেখার মতে। আবেশে সে আমাকে জড়িয়ে ধরেছিল। সেই সময় পেটের এক নিদার্ণ বন্ত্রণায় কন্ট পাচ্ছিল সে। সেই বন্ত্রণা প্রায় ভূলে গিয়ে সে বেতে রাজি হল আমার সঙ্গে।

এইখানে বলে রাখি শশাষ্কর সেই পেটের যন্ত্রণা কিছ্বদিন পর পেপটিক পারফোরেশন বলে নির্ধারিত হয়। একেবারে শেষ সময়ে ডায়াগোর্নাসস হয়েছিল। আর চবিশ ঘণ্টার মতো দেরি হলে হয়তো সে বাঁচত না। মেডিক্যাল কলেন্দ্রে অপারেশনের পর সে বে°চে যায়।

যাই হোক নির্দিণ্ট দিনে অর্থাৎ ১৯৬৫ খ্রীন্টান্দের ফেব্রুয়ারি মাসে সরুস্বতী প্রজার আগের রাত্রে আমি আর শশাণ্ক দেওবরে রওনা দিলাম। মনটা নানা আশব্দায়, অনিশ্চয়তায়, দ্বিধায় ভরা।
দীক্ষা নেওয়াটা ঠিক হবে কিনা তখনও ব্ৰুখতে পারছি না। আধাে
ঘ্নের মধ্যে ক্রুরেরে চিংকারে গ্রুত হয়ে অনিদেশ্য একজনকে
কথা দিয়ে ফেলেছিলাম, দীক্ষা নেবা। শ্ব্রু সেই কথা মনে রাখতে
ব্যক্তি স্বাধীনতা বিসঞ্জন দিতে চলেছি। কাজটা কি ঠিক হচ্ছে ?
আর অনিদেশ্য ব্যক্তিটি ষে ঠাক্রই তা জেনেও বারবার মনে হচ্ছে,
আর কেউ নয় তো ?

এই পৰ দ্বিধা-দ্বন্দ্ব মানুষের খুবই স্বাভাবিক। আমরা তো কোন ছার, স্বয়ং স্বামী বিবেকানশ্দেরই ছিল।

মনে আছে রাতের ট্রেনে আমি আর শশার্প্ক রওনা হলাম।
শশার্পক বেশ অস্কুহে। পেটে অসহ্য ব্যথা। ভিড়ের গাড়িতে
শোওয়ার জায়গা পাওয়া গেল না। বসে বসে গল্প করতে করতে
চলেছি।

মাঝরাতে বশিডি পে'ছি স্টেশনের বাইরে চা খেয়ে নিশাম।
তারপর টাঙা ধবে সোজা চৌধুরী ভিলা। ভোররাত্রের দেওঘর
আমার মনের ওপর এখনও সেই প্রথমবারের মতোই মায়াজাল
বিস্তার করে। পরিজ্কার বাতাস, বনজ গন্ধ এবং উচ্চাব্চ ভূপ্রকৃতি
সব মিলিয়ে একটা স্বপু-স্বপু পরিবেশ।

দরজায় ধাকাধাকি করতে পরেশদা ঘ্মচোথে এসে দরজা খ্লে দিলেন এবং আমাকে দেখে সত্যিকারের খ্লির হাসি হাসলেন। দীক্ষা নিতে এসেছি, ঠাক্রের আশ্রয় নিতে এসেছি, এর চেয়ে আনন্দের বিষয় যে কোনও ভব্তের কাছে আর কী হতে পারে?

স্নান সেরে, পরিচ্ছন্ন হয়ে ঠাক্রবাড়ি গিয়ে হাজির হলাম। সবে স্বেশিষ্য হয়েছে। নিরালা নিবেশে প্রসন্ন মুখে ঠাক্র বসে আছেন। চারিদিকে সমাসীন তাঁর প্রিয় মানুষেরা।

প্রণাম করে বললাম, ঠাক্রে, আমি দীক্ষা নেব।

খাড় কাত করে সম্মতি দিলেন। তারপর কার দিকে খেন চেরে বললেন, ওরে, শৈলেনকে ডাক তো।

শৈলেন অর্থাৎ শ্রীশৈলেন্দ্রনাথ ভট্টাচার্য তথন সদলবলে ইউনি-ভার্সিটির জন্য কোথায় যেন জমি দেখতে যাচ্ছেন। গাড়ি প্রস্তৃত। তাঁর তথন সময় নেই। খবর পেয়ে ছুটে এলেন।

ঠাকুর আমাকে দেখিয়ে দিয়ে শৈলেনদাকে বললেন, একে দীক্ষা मिट्य (म ।

रेगलनमा जायाना न्यियाय अएए शिलान । जाँक जन्मरीन अपना **হতে হবে। अथा मौक्या मिराज গোলে या ध**या हे दर्द ना। हाज ছোড করে বললেন, ঠাকর আমি বে কাব্দে বেরোচিছ, সময় নেই।

ঠাকুর সামান্য ধমকের সুরে বললেন, যা বলছি কর না। দীক্ষা मिर्शिष्ट ।

শৈলেনদা ঠাকুরকে তাড়াতাড়ি প্রণাম করে আমাকে নিয়ে এলেন मीकागुर्र ।

কোন প্র' পরিচয় ছিল না শৈলেনদার সঙ্গে। সেই প্রথম পরিচয় হল। মান্যটি ভারী বিবেচক, বিনয়ী, ম্দ্রভাষী। আমাকে সামনে বসিয়ে দীক্ষাদানের উদ্যোগ করছিলেন।

কিন্তু দেখন আমি মনের যে জ্বালায় জ্বলছি তাতে মানসিক ভারসাম্য বলতে কিছ; নেই। মনে হচিছল এই যে দীক্ষা নিতে ষাচ্ছি এর ফলে আমার ব্যক্তি দ্বাধীনতা গেল, দাসখং লিখে দেওরা হল এবং বিসর্জন দেওয়া হল আত্মর্মাদা। কিন্তু এর বিনিময়ে আমি কী পাবো ? হয়তো কিছ,ই নয়। হয়তো গোটা ব্যাপার-টাই একটা ফক্ কিকারি।

তाই আমি দীক্ষা নেওয়ার প্রাক্ মাহতে দৈলেনদাকে বললাম, দেখন আমি দীক্ষা নিচ্ছি একটা বিশেষ উদ্দেশ্যে। সমার সেই উদ্দেশ্য বদি সফল না হয় তাহলে ছ'মাস পর কিন্তু আমি দীক্ষা ছেডে দেব।

একথায় শৈলেনদা থতমত থেয়ে গেলেন। তারপর বললেন, কী উদ্দেশ্যে আপনি দীক্ষা নিচ্ছেন তা কি আমাকে বলবেন আপনি ? আমি আমার মেলার্জ্কলিয়ার কথা তাঁকে সংক্ষেপে বললাম। তারপর জানালাম এই মেলাঙ্কলিয়া সারে কিনা তা আমি ছ'মাস **দেখ**ব। काक ना इरल मीका ছেডে मारवा।

শৈলেনদা একটু হেদে বললেন, দেখনে, ঠাকুরের কাছে ধর্ম করতে কম লোকই আসে। সকলেই আসে কোনও না কোনও উদ্দেশ্য বা স্বার্থসিদ্ধির জন্য। বেশির ভাগই আর্ত মান্ত্র।

আমিও সেরকমই এক উদ্দেশ্য নিয়ে এসেছি।

শৈলেনদা খ্ব নির্দ্বেগ গলায় বললেন, আপনার চেয়ে তের বেশি সংকট নিয়ে লোকে এখানে আসে। সেই তুলনায় আপনার সমস্যা কিছ্ই নয়। আপনি ছ'মাস সময় চেয়েছেন। আমি বলি ততদিন লাগবে না। ঠাকুরের এই অমৃত মন্দ্র নিয়ে যদি সাত দিনও আপনি ঠিকমতো চলেন তাহলেই হবে। আমার প্রশ্ন হল আমি যা যা বলে দেবো তা ঠিকমতো করতে পারবেন তো?

পাশ্ব। ভুবণত মান্ত্র্য তো কুটো আঁকড়ে ধরে।

তাহলে ছ'মাস নয়, সাত দিনে যদি আপনার সমস্যা সমাধান না হয় তাহলেই দীক্ষা ছেড়ে দেবেন।

তাঁর ওই মনের জ্বোর এবং বিশ্বাসের গভীরতায় আমি বেশ প্রভাবিত হলাম। যদিও তাঁকে আমার তখনও এতটা বিশ্বাস হচ্ছে না। সন্দেহ কাজ করছে ভিতরে ভিতরে।

বিনা আড়ম্বরে দীক্ষা হয়ে গেল। বীজ্বমন্ত্রটি পাওয়ার পর থেকেই আমি ভয়ে হোক, উদ্দেশ্য সিদ্ধির জন্য হোক, যান্ত্রিক-ভাবে জপু করে থেতে লাগ্লাম।

দ্বপ্রে ঠাক্রের সঙ্গে একান্তে সাক্ষাংকার প্রার্থনা করতেই তা
মঞ্জরে হল। তখন ঘরে বিশেষ কেউ ছিলেনও না। আমি আর
পরেশদা নিরালা নিবেশে তাঁর সামনে গিয়ে বসলাম। ঠাকুরের
সঙ্গে আমার দ্বেত্ব মার দ্ব তিন হাত। অত কাছে আর কখনো
যাইনি তাঁর। সেই প্রথম তাঁর নৈকটো আমার একটা অভ্তুত
অন্তুতি হচ্ছিল। মনে হচ্ছিল তাঁর চারিদিকে একটি অভ্রান্ত
বৈদ্যতিক বলয় রয়েছে। তাঁর অভিতত্ব থেকে একটা কোনো শক্তি
বা দ্যতি বা ব্যাখ্যার অতীত কোনো কিছ্ব আমাকে দপর্শ করেছে।

ঠাকরে মন দিয়ে আমার সমস্যার কথা শ্নলেন। আমি অবশ্যই খ্বই সংক্ষেপে আমার কথা বলেছিলাম। দ্-তিন মিনিটও বোধ-হয় লাগেনি। আসলে তাঁর এত কাছাকাছি বসে আমার কেমন স্নায়ন্দৌর্বল্য, ঘটেছিল। বেশ ঘাবড়ে গিয়েছিলাম। ওরকম কোনও ভগবং মান্বের দেখা তো কখনও পাইনি। ওই অভ্রভেদী ব্যক্তিয়, দ্বটি হীরকদৌশ্ত চোখ, অন্তর্ভেদী গভীর দ্ভিট এসবই আমার কাছে এক পর্ম বিস্ময়।

ঠাক্র আমার সমস্যাকে কিন্তু একেবারেই গ্রের্ছ দিলেন না।

মাথা নেড়ে বললেন, তুমি উল্টোটা ভাবো। তুমি অজর, অমর, মৃত্যুর কথা ভাববে কেন? ওসব ভাবতে নেই।

আমি বললাম, ভাবতে তো চাই না। কিন্তু ভাবনা আসে যে।

ঠাক্র তেমনি দ্বিধাহীন ভাবে শ্ব্ধ্ব বললেন, ওসব ভাবতে নেই।

এর মধ্যেই পরেশদাকে তামাক সান্ধাতে বললেন। তারপর চুপ করে গেলেন। আমি তাঁর দিকে মাঝে মাঝে তাকাচ্ছি, আর তাঁর অসহনীয় দীপ্তি সহ্য করতে না পেরে মাথা নিচু করছি বারবার।

শেষে বললাম, আপনি আশীর্বাদ করবেন, যেন আমি এই মার্নাসক সংকট কাটিয়ে উঠতে পারি।

ঠাকরে মাথা হেলিয়ে সম্মতি দিলেন।

প্রণাম করে চলে এলাম। তাঁর সঙ্গে আমার একমাত্র একান্ত সাক্ষাংকার এভাবেই শেষ হল।

ভূবশ্ত মান্য যেমন ক্টো আঁকড়ে ধরে আমি তেমনি ধরে ছিলাম সদ্যলখ বীজমন্ত্রটিকে। এটুক্ ব্কেছিলাম বীজমন্ত্রটাই আসল। ওই শব্দটাই একমাত্র আমাকে রক্ষা করতে পারে। আর যদি বীজমন্ত্র জপে কাজ না হয় তাহলে আর কিছ্কতেই হবে না। তাই দীক্ষা নেওয়ার পরেই আমি পাগলের মতো জপ গরে গেছি। যান্ত্রিকভাবে ভক্তি বিশ্বাস ছাড়াই এবং সন্দেহাক্ল মনেই পর্রদিন দেওঘর ছাড়লাম। চলে গেলাম ম্রি। সেখানে আমার ছোট পিসিমা তখন থাকতেন। সেখানে দ্ব'দিন অবস্হানের পর কলকাতায় ফিরে এলাম। আর ফিরেই ব্রুতে পারলাম, আমার মেলাঙ্কিলিয়া বা বিষাদরোগ সম্পূর্ণ সেরে গেছে।

বিষাদের কাঁটাটি ঠাক্তর কখন সম্তর্পণে তুলে নিয়েছেন তা আমি অনেক ভেবেও আজ্ব অবধি বুঝে উঠতে পারিনি।

মাঝে মাঝে অলোকিক নিয়ে আমাদে কেউ কেউ প্রশন করে। আমি তার সদ্বের দিতে পারি না। অলোকিককে তো ব্যাখ্যাও করা বায় না। কিশ্ত জানি, আমাদের ব্যশ্বির ব্যক্তির অতীত কত কি ঘটে বায়। ঠাক্-রের কাছে যাওয়ার আগে আমার জীবনে ঠিক এরকম ঘটনা কখনও ঘটোন।

কিন্ত্র প্থিবীর এমন কোনও ঘটনাই ঘটে না বার পিছনে পারন্পর্য নেই বা বা অবোদ্ধিক বা অনোদিক। ঠাক্র নিজেও তাই বলতেন, কোনও ঘটনা আমাদের স্বাভাবিক বোধবর্ণিথ দিয়ে ব্যাখ্যা করা বায় না বলেই বে তা অলোকিক তা কিন্ত্র নর। কারণ থাকেই, তবে হয়তো তা আমাদের সাধারণ বৃদ্ধি বা বোধের অগম্য

বীক্তমন্ত্র বা নাম জ্বপ করলে রোগ সারে, অনেক সংকটের সমাধান হয় তা আমি নিজের বাইশ বছরের দীক্ষিত জ্বীবনে অসংখ্যবার দেখেছি। নাম বে কতখানি অঘটনঘটনপটীয়সী তা আমার ঠেকেশেখা।

॥ इंडे ॥

বে তিনটি স্তন্তের ওপর ঠাকুর তাঁর জ্বীবনসতাকে স্হাপন করেছেন তা হল ষজন যাজন ইন্টভৃতি। এই আপাতসহজ্ঞ তিনটি আদর্শকে অনুসরণ করলে যে কোনও মানুষের ভিতরকার স্বৃত্ত ক্ষমতা জেগে উঠতে থাকে। সে বে কতখানি হয়ে উঠতে পারে তার ঠিক ঠিকানা নেই। কিন্তু এই তিনটি করণীয়কে বিশেলষণ করলে দেখা যাবে, আপাতসহজ্ঞ মনে হলেও মোটেই তা সহজ্ঞ নয়। ওই তিনের মধ্যে একজন মানুষের গোটা জীবনের সব কিছুই পোরা রয়েছে: াই তিনের মধ্যেই জ্বীবন-রহস্যের সব সমাধান। আর করতে গেলে দেখা যায় বজন যাজন ইন্টভৃতি এই তিনটি পরস্পর এতই সন্বন্ধযুক্ত যে একটি না করলে অন্যটি হয়ে ওঠে না। যজন যাজন ইন্টভৃতি নিয়ে বহু জন বহু কথা বলেছেন, বহু ব্যাখ্যা দেওয়া হয়েছে, তবু শেষ হয়নি। আরও বহুকাল ধরে এই নিয়ে আলোচনা গ্রেষণা হতেই থাকবে।

ঠাকুর দ্বয়ং এক অতলাদত রহস্য। একদিকে চূড়াদত বাদতব-বাদী অন্যদিকে এক অপাথিব অলেদিক প্রেমিক র রুষোত্তম। কীর্তানের যুগে, অর্থাৎ ঠাকুর বখন নবা যুবা, তখন নিজেকে ঘিরে এক ভাবপরিমাডল গড়ে তুলেছিলেন। তখন দিনি সমাধিদহ হতেন প্রায়ই, আর তার বারা ঘনিষ্ঠ তারাও উল্লীত হতেন ভাবময় এক পর্যায়ে। তখন ধ্যান করতে বসলেই নানা জনের নানা দর্শান ও প্রবণ হত। ঠিক কর্তাদন চলেছিল এই অবদ্হা তা সঠিক বলা মুদ্দিল। তবে ক্রমে ক্রমে এই ভাবমুখিনতা হ্রাস করে কর্মকান্ডের দিকে ঝ্লকলেন ঠাকুর। তার কারণ খ্বই সহজ্ব। কর্ম ছাড়া মানুষের মুদ্ধি নেই, মোচন নেই, সম্পূর্ণতা নেই। কর্মের কথাই বারংবার আমাদের শাদ্যাদিতে বলা হয়েছে।

এই কর্মধন্গ যথন শ্রের হল তখন ঠাকুর তাঁর স্বভাবসিন্ধ গতিবেগ সঞ্চার করে দিলেন তার মধ্যে। কাজের সেই দ্রুত তালের সঙ্গে কীতনি যুগের সঙ্গীরা তেমন সঙ্গতি রাখতে পারলেন না। একটু থতমথ খেরে গেলেন। হয়ত একটু ক্ষ্যুখও হলেন কেউ কেউ। বেশ তো ছিল ভাবে মাতোয়ারা হয়ে থাকার ভন্তিময় যুগ। তবে এই কর্মকাণ্ড কেন?

আসলে ঠাকুরকে প্রাকৃতজনদের ব্রুতে একটু অস্ক্রীবিধে হয় এই কারণেই। জীবনের অতি দ্রুত তাল তাঁর। এক আয়র মধ্যে ধেন দশ বিশ হাজার বছরের কর্মকাম্ভের ভার নির্মোছলেন তিনি। এই দ্রুততার সঙ্গে তাল রাখতে পারে কোন মান্য ?

শ্বনেছি ঠাকুর এত দ্রতবেগে হাঁটতেন যে তাঁর ভ্রমণসঙ্গীরা দৌড়েও তাঁর সঙ্গে পেরে উঠতেন না। হাঁটার ভঙ্গির মধ্যে এক ভাসমানতাও ছিল তাঁর। যা কিছ্ব কাজের কথা তাঁর মাধায় আসত তা তংক্ষণাং রুপান্তরিত না করে শান্তি পেতেন না। মাঝে মাঝে ভক্ত শিষ্যদের কাছে এমন সব আব্দার করতেন যেটাকে প্রায় অসম্ভব বা অসাধ্য বলেই মনে হত।

আশ্চর্ষের বিষয় এই যে, তাঁর সেইসব অসম্ভব আব্দার প্রেণ করতে নিতান্ত নাংলা সব শিষ্যরাও ঠিক পেরে উঠত। মান্যের যোগ্যতা বৃশ্বির দিকে ঠাক্রের লক্ষ্য ছিল সর্বাধিক। অধিকাংশ মান্যেই বে নিহিত গুণাবলীর সম্যক ব্যবহার করে না, ঠাক্র সেই ল্কানো গুণাবলীই টেনে বের করতেন। তাই সামান্য মান্যকে অসামান্য কাজের দায়িত্ব দিতে দ্বিধা বোধ করতেন না। আর এইভাবে কত অধোগ্যকেই যে ঠাক্র যোগ্য করে তুলেছেন তার ইয়ন্তা নেই।

এই অলোকসামান্য দার্শনিক এবং অনন্য চিন্তাবিদ যে বাদতব-বোধেও অপ্রতিদ্বন্দ্বী ছিলেন তার দৃষ্টান্ত তাঁর কর্মকান্ড। পাবনার হিমাইতপরে গ্রামে তিনি যা গড়ে তুলেছিলেন সেটা বিদ্ম-য়ের ওপর বিদ্মর। ব্টিশ আমলে অলস বাঙালি যখন মোটাম্টি কোনও রক্মে বেঁচে থাকাটাই বেঁচে থাকার চূড়ান্ত বলে ধরে নিয়ে ছিল, তখন ঠাক্র ন্বনিভ্রতার পথ খ্লে দিয়েছেন মান্ষের কাছে। ইংরেজ বিভাড়নই যে ন্বাধীনতা এটা তিনি কখনোই মানতেন না। ন্বনিভ্রের কান্ডজ্ঞানসন্পন্ন, বাদ্তববোধের অধিকারী ন্বনিভ্রের সমাজ গঠিত না হলে ন্বাধীনতা বা ন্বরাজ যে নজর্লের ভাষায় 'পোড়া বার্তাকু'-তে পরিণত হবে তা তিনি বহুবার' বলেছেন। মানুষের চরিত্র গঠনের কোনও প্রকৃত প্রয়াস ষেমন পরাধীন যুগেও ছিল না, তেমনি এ যুগেও নেই। কিংবা বা আছে তা মনুষ্য চরিত্র অনুধাবন না করেই এক ধরনের ভাসা ভাসা জ্ঞানের ওপর মানুষের চরিত্র গঠনের বিচ্ছিন্ন ও অপ্রতুল প্রয়াস।

ঠাক্ররের সংস্পর্শে ধাঁরাই এসেছেন তাঁরাই জেনেছেন প্রতিটি মান্বই তাঁর কাছে কেমন পরম সম্পদের মতো ছিল। কোনও মান্বকেই তিনি কখনো তুচ্ছ বা সামান্য ভাবতেন না। প্রত্যেক-কেই দিতেন তাঁর নিজ্ঞস্ব মূল্য। আর প্রত্যেকের ভিতরেই দেখতে পেতেন ধার থার বৈশিষ্ট্যমাফিক সম্ভাবনার বীজ। মান্বের উপরেই ঠাক্রের নির্ভর ছিল বলে মান্বকে সম্পদ করে তোলা কত সহক্ষ গ্রেছিল তাঁর পক্ষে।

হিমাইতপ্রের মতো গ্রামে তিনি সেই আমলে যে সংগঠন গড়ে তোলেন তা অবিশ্বাস্য। বিশ্ববিজ্ঞান থেকে শ্রের্ করে গেঞ্জিকল, ইঞ্জিনিয়ারিং শ্বকে ছ্রতোর কামারের কাজ অবধি সব ব্যাপারেই সংসঙ্গ এক বিশাল কর্মশিক্ত খ্লে বর্সেছিল। ছিল ওম্ব তৈরির কারথানা, প্রেস ইত্যাদিও। আর এই সব ঠাক্র গড়ে তুলেছিলেন অতি সাধারণ সব মানুষকে নিয়েই।

মান্বের পরিশ্রম করার ক্ষমতা কতথানি তার সম্যুক ধারণাই আমাদের নেই। আমরা একটু কাজ করেই বিশ্রনে খাঁলি। ঠাক্রের সঙ্গে যাঁরা করেছেন তাঁরাই জানেন ঠাক্র তাঁর সঙ্গীসাথী-দের দিয়ে অতি-মান্বের খার্টুনি খাটিয়েছেন। কিন্তু তাতে তাঁদের আয়ুক্ষর তো হয়ইনি বরং আয়ুব্দিধ ঘটেছে, ন্বান্হের উজ্জ্বলা ও কর্মক্ষমতা বেড়েছে বহুগুল। ডাক্তাররা মান্যকে দিনে আট ঘণ্টা ঘ্রমানোর পরামর্শ দেন, কিন্তু ঠাক্র বলতেন, চার ঘণ্টা ঘ্রমই বহুত। এবং ওই চার ঘণ্টা ঘ্রমও তিনি বোধ হয় কখনোই ঘ্রমানিন। দিনের পর দিন ঘ্রমহীন কেটে খেত তাঁর এবং সঙ্গীদের। এই নিদ্রাহ্যাসের অভ্জ্ঞতা আমারও আছে। দেখেছি, ঠাক্রের কাজকর্ম বজন বাজন নিয়ে থাকলে ঘ্রম খ্রব কমে যায় এবং শ্রীরে আসে বাড়িত উদাম।

ঠাক্র ক্যাটিগ লেয়ার পার হয়ে যাওয়ার কথা বলতেন। অর্থাৎ

শ্বে কঠিন পরিশ্রমের পর বে শ্রান্তি আসে তা সামরিক এবং মান্য বাদি তার পরও কাজ চালিয়ে বেতে থাকে, তাহলে এক সময় ওই শ্রান্তির ভাবটা কেটে বাড়াভ উদ্যম দেখা দেয়। এটা শ্বে ম্থে বলেই ঠাক্র ক্ষান্ত হননি, করে এবং করিয়ে তবে ছেড়েছেন। ঘ্মের ক্ষেত্রেও তাই। মান্যের যখন ঘ্ম পায় তখন একট্ জ্যোর করে জেগে থাকলে ঘ্যের ভাবটা কেটে গিয়ে মান্য আবার চনমনে হয়ে ওঠে।

ঠাক্র অনেক কাজই করতেন প্রচলিত ধ্যানধারণা ও ব্যক্তির সম্পূর্ণ বিপরীত পর্মাততে। ব্যক্তির পরিধি বড়োই ছোট। ব্যদ্ধি বা ব্যক্তি দিয়ে প্রিবীর সব রহস্যের উন্মোচন অসম্ভব।

ঠাক্রের সব ব্যাপারেই ধ্যানধারণা ও বন্তব্য এত স্পণ্ট, দ্বিধা-হীন ও পরিন্ধার ছিল, বা এই ব্রুগের দ্বিধাগ্রস্ত মানসিকতার কাছে খ্রই বিস্ময়কর মনে হবে। কখনো কোনো অবস্হাতেই নিজের বন্তব্য থেকে তিনি এক চ্লুল সরে বার্নান, আবার কখনো কোন বিতর্কেও জ্বাড়িয়ে পড়েনান। বে কখা সত্য ও বা মঙ্গলপ্রদ তা অকপটে বলতে তার কোনও দ্বিধা ছিল না, কিন্ত্র বলার মধ্যে বিনয় ও হুদ্যগ্রাহিতা ছিল গভীর।

আমার নিজের কাছে ঠাক্রের অনেক কথাই তেমন মনঃপ্রত হর্মন প্রথম প্রথম। বিশেষ করে বর্ণাশ্রম ও বিবাহ সংক্রান্ত কঠোর মনোভাবে আমার সার ছিল না। খাদ্যাখাদ্যের বাছবিচার, অন্যের হাতে অন্নগ্রহণ ইত্যাদি ব্যাপারও পছন্দ ছিল না। অত্যধিক ভক্তি ও প্রেমকেও কেমন বেন দাসত্ব বলে মনে হয়েছিল। কিন্ত্র ক্রমে ক্রমে এই সব ধোঁয়াশা কেটে বেতে লাগল। আপোসহীন ঠাক্রের সঙ্গে আপোস করে নিতে আমার একট্র সময় লেগেছিল, এই যা।

তারপর দ্বমে দ্বমে যতই ঠাক্রকে ব্রথবার চেণ্টা করেছি ততই সত্যের অনশ্ত মূখ খুলে গেছে। তাঁর মধ্যে অবগাহন করতে এক-বার শ্রের করলে আর অন্য কোথাও ডব্ব দেওয়ার ইচ্ছে হয় না। ঠাক্র কাউকে সর্বত্যাগী সাধ্য বানাননি, এমনকি বাতদেরও এক ধরনের বাধনে বে ধে রেখেছিলেন। কিশ্ত্র তাঁর নিয়তকমীরা অনেকেই ছিলেন কঠোর তপশ্বীদের চেয়েও অধিক কৃছ্যুসাধনে অভ্যুম্ত। সাধ্বদের জীবন-যাপনে তত্তা সংযম এবং কৃছ্যুসাধন

নেই। ঠাকুর বেমন চলনায় নিজে চলতেন এবং বেমন চলনা শিষ্য-দের মধ্যেও তাঁর অভিপ্রেত ছিল তা বড়ো সহজ্ব নয়।

ঠাক্রের সাংগঠনিক ব্লে এই সম্যাসীপ্রতিম নিয়তকর্মীরাই ঠাক্রের বাণী বহন করে গেছেন ভারতবর্ষের দ্রে ও দ্র্গম প্রত্যানত। তাঁরা যে অসাধ্য সাধন করেছেন তার প্রকৃত ম্ল্যায়ন এখনও হর্মন। দারিদ্রা, ক্ষ্মা, দীর্ঘ-প্রবাস, ভর্ণসনা, লাঞ্ছনা এসবই তাঁদের সয়ে নিতে হয়েছে। আর এর ভেতর দিয়েই ঠাক্র তাঁদের প্রকৃত মানুষ হওয়ার পথে ঠেলে নিয়ে গেছেন।

গ্রের্ কে এবং কেমন, গ্রের্র গ্রেত্ব কতথানি তা চোখে আগুল দিয়ে ঠাক্রই আমাদের প্রথম ব্রিয়ের দিলেন, দেখিয়ে দিলেন। আজকাল সাধক প্রের্ষেরা মান্যকে আধ্যাত্মিকতার দীক্ষা দেন বটে কিন্তু সংকোচবশে কঠোর অন্শাসন তাদের ওপর আরোপ করেন না। খাদ্যাখাদ্য, সদাচার, বর্ণাশ্রম, ব্যক্তিগত সততা, শৃংখলা-পরায়ণতা ইত্যাদি ব্যাপারে শিষ্য-শিষ্যাদের তাঁরা ঢালাও স্বাধীনতা দিয়ে দেন। বেব ফলে তাঁরা দীক্ষার ভিতর দিয়ে দক্ষ হয়ে ওঠার স্ব্যোগ কমই পান। দীক্ষার পর তাঁদের চরিত্রে তেমন কোনো পরিবর্তনও আসে না। গ্রের্ একজন মাথার ওপর আছেন, শৃধ্ব এই ভরসায় তাঁরা যেমন খুশি চলেন।

ঠাক্রের পদ্ধতি সম্পূর্ণ আলাদা। তিনি স্থেন প্রতিটি মান্বের দায়িত্ব নিজের ঘাড়ে নিতেন, তেমনি প্রত্যেন কৈ নিত্য পালনীয় অনুশাসনেরও আওতায় আনতেন। শ্কনো উপদেশ দিয়ে ছেড়ে দেওয়ার মান্ব তিনি ছিলেন না। বারা তাঁর আশ্রয় নিয়েছে তাদের ভালমন্দের দায়িত্বও স্তরাং তিনি স্বীকার করে নিতেন। এখনও নেন। তারা কেউ অনিয়ম করলে, বিধি ভঙ্গ করলে, উল্টোরকম চললে বা ঘটবার তা ঘটত। তার পরেও তিনি ক্ষমা করতেন এবং বিধিমতো আবার তাকে সঠিক পথে চালানোর চেন্টা করতেন।

আধ্বনিক ব্রে ঠাক্র কিন্তু কালপ্রাচ নি প্রায়ণ্চিত্তবিধি প্রনঃ প্রচলন করেছেন। এ এক অন্তৃত দ্বংসাহস ও দ্রদ্দিতা ব্রগপৎ তাঁর মধ্যে দেখা গেল। দ্বংসাহস এই কারণে যে এই সব ক্লেশদায়ক প্রায়ণ্চিত্ত এ ব্রের ধৈর্যহীন মান্ষের গ্রহণ বা স্বীকার করার কথাই নর। দ্বিতীয়ত, এই প্রায়শ্চিত্ত কতদ্রে ফলপ্রস্তা নিয়েও সন্দেহ থাকাটা স্বাভাবিক। ঠাক্রের দেওয়া এই প্রায়শ্চিত্তবিধি নিয়ে দ্ব'চার কথা বলার প্রয়োজন তো আছেই, তার চেয়েও বড় কথা এই প্রায়শ্চিত্ত জিনিসটা যে কত গ্রেত্বপূর্ণ তাও দেখা দরকার।

ঠাকরে পরিন্দার করে ব্রিয়ে দিয়েছেন, প্রায়শ্চিত্ত দশ্ড নয়।
শাস্তি নয়। মান্য বখন সন্তা-বিরোধী কিছু করে তখন সে তার
স্বাভাবিক চিত্তব্তি থেকে দ্রুট হয়ে পড়ে। প্রায়শ্চিত্তের মাধ্যমে
আবাং সে চিত্তে অর্থাং মঙ্গলে অধিষ্ঠিত হয়। কিন্তু কোনও
কার্যের জন্য অন্তপ্ত হয়ে প্রায়শ্চিত্ত করার পর আর ওই কার্যটি
কখনো করতে নেই। বারবার অপরাধ করা আর বারবার প্রায়শ্চিত্ত
করা কিন্তু মান্যকে দ্রুটই করে।

সামান্য কোনও বিচ্যুতির জন্য সহল্প প্রায়াশ্চন্তের বিধান হল, একদিন হবিষ্য করা। বিভিন্ন রকম লঘ্ বা গ্রের্ বিচ্যুতির জন্য শিশ্ব প্রাঞ্জাপত্য, প্রাজ্ঞাপত্য, পিপীলিকামধ্যস্থ চান্দ্রায়ণ, ষহাসান্তপন ইত্যাদির বিধান রয়েছে। আন্চর্মের বিষয় এর মধ্যে এমনই জ্বীবনীয় এক শ্বান্থিকরণ রয়েছে যার কোনও তুলনা হয় না। ঠাক্র লপ্পপ্রায় এই সব প্রায়ান্চত্ত বিধিকে আবার প্রচলিত করেছেন মান্বের ক্লিন্ট, বিচ্যুত চলনাকে আবার গতিবেগসন্পন্ন ও উজ্জ্বল করতে। তার চেয়েও বড় কথা, এই সব প্রায়ান্তিত যে নিতান্তই ক্সংস্কারাচ্ছন্ন প্রথা নয়, এসব যে অতিশ্বর বাস্তবভাবে ফলপ্রস্ এবং অম্তবাহী তাও স্প্রমাণিত হয়েছে। ধর্মীয় বিধিনিষেধের মধ্যে অনেকগ্বলোই নিছক গোঁড়ামি এবং অন্তঃসারশ্বা। কিন্তু কিছ্ব বিধিনিষেধ এবং নিদান অতিশ্ব কার্যকরী। কিন্তু কোনটা গ্রহণীয় কোনটা বজ্বনীয় তা বিচার করার মতো সত্যদ্বিত তো আমাদের নেই। ঠাক্র সেই অতি প্রয়োজনীয় নির্বাচনটি করে দিয়েছেন দ্যা করে।

এই সব প্রায়শ্চিত্ত যাঁরা করবেন তাঁরা প্রভৃত উপকার পাবেন ঠিকই, কিন্তু মনে রাখতে হবে অপরাধ, পাপ বা বিচ্যুতির জ্বন্য প্রকৃত অন্তাপ আসা চাই এবং পাপস্থালনের জ্বন্য স্বতঃসিম্থ আগ্রহের সঙ্গে প্রায়শ্চিত্ত করতে হয়। অন্তাপই হল গোড়ার কথা এবং পাপ বিনিম ক্তি হওয়ার আগ্রহই প্রায়শ্চিত্তের সাথকিতা এনে দেয়।

তবে অদুণীক্ষত কারও পক্ষে এই প্রায়শ্চিত করা সম্ভব নর । কারণ, নামধ্যান-পরায়ণতা এবং ইন্টানন্টা ধরে না রাখলে প্রায়শ্চিত উল্টো ফলই দিতে পারে। প্রায়শ্চিত করা মানেই আরও বেশি ইন্টমুখী হওয়া।

ঠাক্রের দেওয়া এরকম প্রায়শ্চিত্তবিধি অনাত্র দেখতে পাওয় যায় না। মান্য আজ্ককাল স্বেচ্ছায় এসব কণ্টকর ব্যাপারে যেতে চায় না বলে অন্যান্য ধর্মশীয় সংগঠনে এগ্রেলার প্রচলন নেই। কাজেই ঠাক্রকে এ ব্যাপারে পথিকৃৎ বলতেই হয়।

আমার নিজের জীবনে এই প্রায়শ্চিত্তের যে কী বিশাল ও গভীর তাৎপর্য আছে তা বোধ হয় ভাষা দিয়ে প্রকাশ করা বাবে না। তবে প্রায় পাঁচ-ছয় বছরের দারিদ্র ব্যাধি একটিমার শিশ্ব প্রাজ্ঞাপত্যে কেটে গিযেছিল। অবশ্য অন্বতাপও ছিল গভীর।

কতরকমের ভূলচুক ষে আমরা সব সময়ে করে চলেছি, নিত্য পাতিত্যের দোষ ঘটে যাচেছ তা দেখবার চোখই আমাদের নেই। মান্য তো নিজের ব্যাপারে ভীষণ রকমের অন্ধ। কিন্তু ভূলচুক ধরতে দ্বিধা করা উচিত নয়। নিজেকে কাঠগড়ায় দাঁড় করিয়ে নির্মাতভাবে জ্বাবাদিহি আদায় করতে হয়। যত বড় অপরাধই ঘটে থাক্ক না কেন ঠাক্র ক্ষমাশীল, ঠিকই আবার পাপ থেকে বিনিম্ব্রু করে তূলবেন। আর তাঁর দেওয়া অম্তবাহী প্রায়শ্চিত্ত করবে শুন্থ ও পবিত্র।

এই যাগে বসে ঠাকুর যে সব অমোঘ মা ভিথাগ অাদের দিয়ে গেছেন তা তুলনারহিত। এ যাগেব ধারার সম্পূর্ণ বিপরীত। এ যাগের মানসিকতার সঙ্গে বেখাপা। এই সব মা ভিথাগকে আপাতদ্ভিতে বিচার করলে আমরা ঠকে ধাব। এ হাতে-কলমে অনুরাগ ও আগ্রহ নিয়ে করে দেখলে তবেই এর গভীরতা ও সাথকিতা বোঝা ধার। তাছাড়া মান্ধের নিহিত গভীর পাপবোধ এবং অন্তাপের দাহ থেকে মা গি পাওয়ার পথও তো ঠাকুর ছাড়া আর কেউ হাতে কলমে করে দেখাননি।

পাপবোধের যন্ত্রণা যে কী সাংঘাতিক তা আজকালকার মান্বেরা কে-ই বা না জানে ? এই পাপবোধ থেকে মৃত্তির পাওয়ার প্রবল ইচেছ থাকা সত্বেও উপায় জানা নেই বলে সারা জীবন তাকে এক দ্রোরোগ্য বন্দ্রণা করের করের খায়। নানা আধি ব্যাধি এবং পাগলামিরও স্ভিট হয় এই মানসিক চাপ থেকে। জীবনটা তার কাছে উপভোগ্য, গতিময়, সৌন্দর্যমিণ্ডত মনে হয় না।

অথচ কত সহজেই, সামান্য আয়াসেই যে এগ্রেলাকে কাটিয়ে ওঠা বায় তা ঠাক্রের কাছে না এলে ব্রুবতে পারতাম না। মান্বের জন্য ঠাক্র যে কত করেছেন তার ব্রিঝ হিসেব হয় না। কিন্তু প্রায়শ্চিত্তবিধি তাঁর প্রতি আমাদের কৃতজ্ঞতা বোধকে গভীর করে তোলে।

অবশ্য মনে রাখতে হবে অদীক্ষিতদের পক্ষে এসব প্রায়শ্চিত্ত
করা সম্ভব নয় মনে হয়, ঠাক্রের আশ্রয় ভিন্ন অন্য কোনও ভাবেই
এইসব প্রায়শ্চত্ত তেমন ফলবতী হবে না। কারণ প্রকৃত নামধ্যানপরায়ণতা ছাড়া কঠোর ব্রতধারণ অর্থহীন। খ্যাপন ও প্রকৃত
অন্তাপই হচ্ছে প্রায়শ্চিত্তের মলে কথা। আর প্রগাঢ় নাম ধ্যানী
করলে প্রায়শ্চিত্তের কন্টটাও তেমন বোধ করা যায় না

ঠাক্রের বর্ণাশ্রম বিষয়ে মতামত নিয়ে একটু আলোচনা করা ষেতে পারে।

এই একটি বিষয়, যা নিয়ে সারা দেশেই তুম্ল আপত্তি উঠেছে বিশেষ করে তথাকথিত ব্লিখজীবী মহল থেকে। বর্ণাশ্রম ষে অতিশয় অর্থাহীন, ব্লিক্তান ক্সংস্কার, এ যে বর্ণাহিন্দ্রদের অপরাপর শ্রেণীকে দাবিয়ে রাখার কৌশলমাত্র সে বিষয়ে অনেকেই সোচচার।

কথাটা সম্পূর্ণ অযোদ্ভিকও নয়। ঠাক্রের কাছে আসবার আগে এ ব্যাপারে আমার মতামতও অন্রুপ ছিল। মান্বে মানুষে সমান এই আগুবাক্যে আমার গভীর বিশ্বাস ছিল।

ঠাক্রের কাছে আসার পর তাঁর মতামতের যে দ্ব' একটির সঙ্গে আমার দ্বিমত ঘটেছিল তার মধ্যে একটা ওই বর্ণাশ্রম। বর্ণাশ্রম মানেই যে জাতিভেদ এবং বিদ্বেষ এটা আমাদের সমাজেও মাঝে মাঝে প্রকট হয়ে পড়ে। তার ওপর এই প্রথা খবে একটা কালপ্রাচীন নয়। চার বেদের মাত্র একটিতে বর্ণাশ্রমের সামান্য উল্লেখ পাওয়া বায় বলে শিবনাথ শাস্ত্রী দেখিয়েছেন।

কিন্তু কথা হল, বৰ্ণাশ্ৰম নিয়ে হিন্দু, সমাজে ষতই জল ঘোলা হয়ে থাকুক এটির মূলে যে বৈজ্ঞানিক মনোভাব ও দুণিটভঙ্গি ছিল এ বিষয়ে দ্বিমত থাকা উচিত নয়। ঠাকুর যখন আমাদের চোখে আঙ্বল দিয়ে দেখিয়ে দেন যে প্রকৃতিতে কোথাও সাম্য নেই, সর্ব ত্রই এই স্ভির বিচিত্র প্রকাশের ভিতরে ওই বর্ণাশ্রমই রয়েছে। আম, জাম, কলা, কমলালেব;, ঘোড়া, ভেড়া, কুকুর, গর্;, ধান, গম সব কিছ্বর ক্ষেত্রেই দেখা যায় যে প্রকৃতিতে কোনও একঢালা ব্যবস্হা নেই। বৈশিষ্ট্য অনুযায়ী শ্রেণী ভাগ ঘটেই আছে। মানুষের মধ্যেও যে আছে তা তো অনস্বীকার্য। তব্ যে অনেকে আধ্বনিক বর্ণাশ্রমকে স্বীকার করতে চায় না তার প্রধান কারণ, বর্ণাশ্রমের চোরা পথ দিয়ে দূর্বলতর শ্রেণীর মানুষের ওপর শোষণ ও অত্যা-**ठात्र ठालात्मा मरकः। आत्र रम घटेना घटिष्ट अत्मकः। किन्छ** সেইজনা ধর্ম জিনিসটাকেই যাঁরা দায়ী করেন তাঁদের বৃদ্ধি বিবেচনার প্রশংসা করা যায় না। পূথিবীতে মানুষে মানুষে সংঘাত নানা কারণেই ঘটে থাকে, দুর্ব লের ওপর সবলের অত্যাচারও ঘটে থাকে,দ্বর্শনের ওপর সবলের অত্যাচারও ঘটে প্রকৃতির নিয়মে। धर्भ वतः मानः स्व मानः स्व विराज्यम् अवनान घरोत्नात कानारे या কিছা নীতিবিধি দেয়। মনার অন্যাসন নিয়েও অনেক প্রশ্ন উঠেছে সঙ্গত কারণেই। কিন্তু মন্ত্র সংহিতায় যেসব পৈশাচিক ব্যবস্হার বিধান দেওয়া আছে সেগুলোকে প্রক্রিপ্ত অংশ বলে মনে করার যথেষ্ট কারণ আছে। সে আমলে এরকম তো পঃ ্র লিপি-কররা হামেশাই করতেই।

ধর্মকে নানা ধরনের বিবৃতির পাঁক থেকে ঠাকুর উন্ধার করেছেন তাঁর অনবদ্য স্ক্রে বিশ্লেষণ এবং প্রয়োগের দ্বারা। ঠাকুর কঠোরভাবে বর্ণাশ্রম মানতেন, কিন্তু তার মধ্যে বিভেদের বালাই ছিল না, সংসঙ্গে চার বর্ণের হিন্দ্র, ম্সলমান, গ্রীষ্টান সকলেই কি মিলেমিশে বার্যান? ধর্মের উন্দেশ্য জ্বীবনম্খী, ধর্মের উন্দেশ্য মান্বকে মঙ্গলে অধিষ্ঠিত করা, ধর্মের উন্দেশ্য মান্বকে বোগ্য সফল ও সার্থক করে তোলা। ঠাকুর যে বর্ণাশ্রম মানতেন তার পিছনে একটা অর্থনৈতিক কারণও ছিল। বর্ণ অন্যায়ী, বৃত্তিকে আশ্রয় করলে আজ দেশে বেমন বেকার সমস্যা থাকত না, তেমনি আবার বিচিত্র উৎপাদনে দেখা যেত অতিশয় দক্ষতা।

আঞ্চকাল গ্রামীণ সমাজে বেকারের সমস্যা যে এত ভয়াবহ তার কারণ কৃটিরশিলপার্নলির অকালম্ত্য। আমাদের অদ্বদার্শিতার ফলে আমরা কৃটিরশিলেপর জিনিসার্নল বৃহৎ শিলেপ উৎপাদন করতে শ্রু করেছিলাম। ফলে লাগুলের ফাল, কোদাল, কুড়লে দা সবই তৈরি হতে লাগল বৃহৎ ইম্পাত কারখানায়। গাঁয়ের কামার ব্তি হারাল। তাঁতীদেরও দাঁড় করিয়ে দেওয়া হলো কলেব বদেগ্র সঙ্গে শতিযোগিতায়। গ্রামের অর্থনীতির ব্নিয়াদ এইভাবে ভেঙে পড়ল। ঠাকুর বারবার বর্ণান্যায়ী বৃত্তির কথা বলতেন, যাতে বংশগত দক্ষতা থেকে পরম্পরায় উন্মেষশালিনী ব্লিধ ও দক্ষতা গজিয়ে ওঠে। বৃত্তি তাহলে অটুট থাকত। গ্রামভিত্তিক ভারতবর্ষকে রাতারাতি শিলপায়নের মাধ্যমে অগ্রগতির পথে নিয়ে যেতে গিয়ে আমরা এই বিপ্লে অনাবশ্যক বেকার সমস্যা তৈরি করতাম না।

দেশবন্ধ্ব চিত্তরঞ্জন ঠাকুরকে গ্রহণ করেন শেষ বয়সে। তাঁর অনেক ধাঁধা ও মানসিক দ্বন্ধ ঠাকুর মোচন করেছিলেন বটে এবং তিনিও ঠাকুরকে ব্রুবতে পেরে উঠে পড়ে কাজে লাগবার উদ্যোগ কর্রছিলেন। কিন্তু তখন আর তাঁর আয়্র সময় বিশেষ ছিল না। তার মধ্যেই গান্ধীকীকে অনুরোধ করে তিনিই আশ্রম পরিদর্শনে পাঠিয়েছিলেন। এসেছিলেন দেশবরেণ্য অনেক নেতাই। আশ্রমের কর্মকান্ড দেখে তাঁরা প্রশংসায় উচ্ছ্রিসত হয়েছিলেন, একথাও সত্যি। কিন্তু ঠাকুরের জ্বীবনম্খী দর্শনের ভিতরে তাঁরা তো গভীরভাবে প্রবেশ করেননি। ফলে ঠাকুর সম্পর্কে তাঁদের বোধটা হল ওপরসা ওপরসা।

বৃহৎ ব্যক্তি বা নেতাদের দিয়ে যে এই আন্দোলন হওয়ার নর তা বাস্তববাদী এবং প্রবল কাশ্ডজ্ঞান ও দ্রেদ্ভিটসম্পন্ন ঠাকুর ভালোই জানতেন। বিশেষ করে বড় মান্যদের অহং ও নিজস্ব অবসেশন প্রবল হওয়ায় তা এই কাজের বাধা হয়ে দাঁড়াবে। ঠাক্র তাই নির্ভার করেছিলেন সাধারণ মান্যদের ওপর। তারা খ্বই সাধারণ, অনেকেরই গিক্ষা দীক্ষা নামমাত্র, অনেকের নানাবিধ দ্বঃখ দ্বর্দণা। ঠাক্র এইসব মান্যকেই তার মতো করে গড়ে পিটে

নিতে লাগলেন। তাঁর কর্মশাল্য তো মানুষ তৈরির কারথানাই।

সজনীকানত দাস ও কতিপয় মান্য ঠাক্র সন্পর্কে বে প্রতিক্ল প্রচার শ্রুর করেছিলেন তার পিছনে কতকগ্রেলা মোটা কারণ ছিল। সজনীকানত মোহিতলালকে লেখা কতিপর চিঠিতে উল্লেখ করেছিলেন যে, 'নক্ড ঠাক্রের আশ্রম' নিয়ে বাজ্ঞার গরম করা লেখার জন্য তাঁর 'শনিবারের চিঠি' পত্রিকার প্রচার সংখ্যা বেড়ে গেছে। এরকম চললে অচিরেই তিনি নিজন্ব প্রেস কিনে ফেলতে পারবেন। সোজা কথা ঠাক্রের স্ক্যান্ডাল করে সজনীকানত দ্ব'পয়সা আয় করতে চেয়েছিলেন এবং সে কাজে তিনি সফলও হন।

ধমীর প্রের্ষেরা অধিকাংশ ক্ষেত্রেই বির্পেসমলোচনা ও দক্ষাণ্ডা-লের শিকার হয়ে থাকেন, এটা দেখা গেছে। ঠাক্রের ক্ষেত্রে এরকন ঘটা দ্বাভাবিক ছিল। তবে তাঁর ওপর অত্যাচার হয়েছে নানা রকম। এইসব অপবাদ তাঁর উদ্দেশ্যে বর্ষণ করেছিল সেইসব লোক বাদের কায়েমী দ্বার্থে এই মানবদরদী বাধা হয়ে উঠছিলেন।

দীক্ষা-পূর্ব জীবনে ঠাক্রর সম্পর্কে এই সব অপবাদ আমিও বিশ্বাস করতাম।

অপবাদের আরো কারণ ঘটেছিল ঠাক্র শ্রেষ্ঠ প্রের্ষের বহুবিবাহের সপক্ষে মত প্রকাশ করায়। স্প্রেজননের জন্য বরেণ্য প্রের্ষদের একাধিক বিবাহ প্রাচীন কাল থেকেই চা এসেছে। ঠাক্রের নিজেরও একাধিক বিবাহ হয়। আর এই নিয়ে জল ঘোলা হয়েছিল বড়ো কম নয়।

ঠাক্রের প্রথম বিবাহ সরসীবালা দেবী অর্থাৎ বড়মার সঙ্গে।
বলাই বাহ্ল্যে, খুব অলপবয়স থেকেই ঠাক্রেকে শিষ্য ভক্ত পরিবৃত্ত
এক ব্যুক্ত জীবন কাটাতে হত। গভীর রাত অবাধ শিষ্যদের
সঙ্গে আলাপ আলোচনা, ভোর না হতেই নামধ্যান। বেশির ভাগ
রাতে আদৌ ঘুমই হত না কারো। নববিবাহিতা বড়মাকে তাই
শ্বামীসঙ্গ থেকে বিশুত হতে হয়ে৻ে বরাবরই। হাড়ভাঙা
পরিশ্রমে তখন গড়ে উঠছে আশ্রম। ঠাক্রেরর তখন ব্যক্তিগত
জীবন যাপনের স্ব্রোগ কোথার? ঠাক্রেকে বরাবরই ব্যক্তিগত
জীবনবাপন থেকে বিশ্বত হতে হয়েছে। যারা ঠাক্রের সম্পর্কে

কিছ্ম মাত্র জ্ঞানেন তাঁরাই এই কথার সত্যতা স্বীকার করেন।
একদিক দিয়ে দেখতে গেলে, তাঁর যে জ্ঞীবন তাতে একটি বিয়েও
করে ওঠা বোধ হয় সম্ভব ছিল না। মা বাবার আদেশে এবং
সংসারী সম্যাসীর আদর্শ রক্ষার্থেই তিনি বিবাহ করেন।

দ্বিতীয়া দ্বী সর্বামঙ্গলা দেবী সরসীবালারই কনিন্চা ভগনী।
তিনি ছোটমা হিসেবেই পরিচিত। তিনি যথন ঠাকুরকে বিয়ে
করতে চাইলেন তখন ঠাকুর তাঁকে ব্রিষয়ে স্বাঝিয়ে নিরদত করার
অনেক চেন্টা করেন। তাঁর যে জ্বীবন তাতে যে দ্বীর সঙ্গে
দান্পত্য জ্বীবন যাপনের সন্ভাবনা নেই, এমনকি শারীরিক
নৈকট্যও যে দ্বর্লভ সব ব্রেও ছোটমা তাঁকে পতি হিসেবে বরণ
করতে চেয়েছিলেন।

ঠাকরের বিবাহ-নীতি অনুসারে, প্রের্ষ কখনোই বিবাহে আগ্রহ প্রকাশ করবে না। বিবাহে আগ্রহী হবে নারীই। তার ভূমিকাই মুখ্য হবে। বর্ণ, স্বাস্হ্য, শিক্ষা, স্বভাব ও মেজাজ-মজির সাম্য ঘটলে তবেই বিয়ে। দ্বিতীয় বিবাহের ব্যাপারে ঠাকুর আরো কঠোর। কোনো মহিলা যদি কোনো বিবাহিত প্রের্ষের শোর্ষে-বীর্ষে স্বভাব-চরিত্রে আকৃষ্ট হয়ে তাকে বরণ করতে চায় তবে তাকে প্রথমে অভিভাবকের অনুমতি নিতে হবে। তারপর সেই প্রের্ষের অনুমতি প্রাথনা করতে হবে এবং স্বচেয়ে বড় কথা সেই প্রের্ষের প্রথমা স্ত্রীর অনুমতি গ্রহণ করতে হবে। প্রথমা স্ত্রী বদি সম্তুষ্ট হয়ে সম্মতি দেন তবেই বিবাহ সম্ভব। অনুথায় নয়।

সন্তরাং বোঝাই যাচ্ছে, বহুনিবাহ প্রব্রুষের কামন্ক ইচ্ছার ওপর নির্ভারশীল নয়। আর এই নীতিবিধি সঠিক ভাবে অন্সরণ করলে প্রব্রুষদের বহুনিবাহ যে আকছার ঘটবে না, এ কথা বলাই বাহুলা।

বহু বিবাহ প্রচলনের পিছনে ঠাকুরের আর একটা উদ্দেশ্য ছিল, বিহিত অনুলোম অসবর্ণ বিবাহকে প্রনঃপ্রচলিত করা। বর্ণ সংমিশ্রণের ফলে তেজবীর্য সম্পন্ন প্রতিভাবান মানুষের আবিভাব ঘটে থাকে। উচ্চ বর্ণের শ্রেষ্ঠ প্রত্বেষ প্রথম বিবাহ শাস্তান্সারে অবশ্যই স্ববর্ণে করবেন। পরবর্তী বিবাহ অন্য বর্ণে করার অধিকার তাঁর থাকবে। তবে উচ্চ বর্ণ বা বংশের কন্যাকে বিবাহ করা বিধি নয়। তাতে প্রতিলোম সংমিশ্রণ ঘটে এবং বর্ণ সংকর জন্মায়।

এই নিয়ে কিছ্ লেখালেখি করতে গিয়ে আমাকে বিশ্তর সমালোচনা, গালমন্দ ও অভিসম্পাতের লক্ষ্যস্থল হতে হয়েছে। কারণটা খ্বই স্বাভাবিক। এই তথাকথিত প্রগতির পাগলা স্রোতে সর্বপ্রথাকে ভাসিয়ে দেওয়ার এক অবিমৃশ্যকারী খ্নে জেদ মান্মকে পেয়ে বসেছে। গভীর চিন্তা, অনুধ্যান, কোনও বিষয়কে প্রণিপর পারম্পর্যে বিচার গবেষণা, অনুসাধান ইত্যাদির ধার আজকালকার ধৈর্যহীন মানুষেরা ধারেন না। সমাজে একটা লুটমারের চেহারা সর্বত্র প্রকট। এই এলোমেলো মানসিকতার মানুষকে কোনও প্রথা বা মুল্যবোধের যথার্থতা বোঝাতে বাওয়া বেশ ঝক্র্যারির ব্যাপার। বিশেষ করে বর্ণাশ্রম নিয়ে কথা তুললে কিছ্ মানুষ প্রবল রকম অস্বন্তিত বোধ করতে থাকেন।

কিন্তু এরকম হওয়া উচিত নয়। স্বজাতিতে ও স্ববণে কোনও মান, সই ছোট নয়। বর্ণাশ্রম যদি গুল ও কর্ম অন, সারেই স্ট হয়ে থাকে তবে কোন গুল অন্য গুলের চেয়ে খাটো ?

মান্ধে মান্ধে সকলেই সমান এই আপ্তবাক্য যাঁবা আওড়ে বেড়ান তাঁরা নিজেরাই ওই কথাটিকে বিশ্বাস করেন কিনা সন্দেহ। প্রকৃতিতে যথন কোথাও এরকম সাম্যের বাবহুণা নেই তেখন মান্ধের মধ্যেই বা থাকবে কোন যাজিতে। পশ্য পাখি গ পালা ফল ফসল সব কিছ্তেই প্রকৃতির নিজহুব নিয়মে বয়েছে অসংখ্য বৈচিত্র। প্রকৃতি কখনো একঢালা নিয়মে একঘেরেমি স্ভিটকর্মে রত নয়। আর সেই বৈচিত্রের পথেই মান্ধেরও স্ভিট। কটুর সাম্বাদীও বাজাবে গিয়ে ল্যাংড়া আমটিই খোঁজেন, গঙ্গার ইলিশ খোঁজেন, পালা রাই খোঁজেন, কাশমীরী আপেল বা দাজিলিঙের কমলালেব্ই তাঁর পছুদ। পোষেন ভাল জ্বাতের অ্যালসেশিয়ান কুকুর বা কার্বলি বেড়াল। রেস-এব দিন হেটটসম্যানে আগে দেড়বাজ্ব ঘোড়াদের বংশতালিকা ছাপা হত,যাতে ভাল ঘোড়া বাছতে পাণ্টারদের স্থিতের সঠিক ফলনশীল শস্যের বীজ তৈরি ক্রতে।

গর্ন, ঘোড়া, ভেড়া, কুকুর এ নিয়েও তো পরীক্ষা ও গবেষণার অণ্ড নেই। আর এই সবটাই প্রজনন নির্ভ'র। সন্প্রজননই এই কর্ম'-কাম্ভের লক্ষ্য।

মান্ব শ্ধ্ব তার নিচ্ছের বেলাতেই এই নীতি প্রয়োগ করতে নারাজ। এই অবৈজ্ঞানিক মনোভাব নিন্দার্হ।

কেউ কেউ অবশ্য বলেন, মান্ষের মধ্যে গ্ল ও প্রকৃতিগত ভেদ থাকতে পারে, কিন্তু বর্ণাশ্রম সঠিক গ্লিচছকরণ নয়।

একপাও মানা যায় না। ভারতবর্ষেই বর্ণাশ্রম নামক গ্রুচিছকরণ খানিকটা বৈজ্ঞানিক ভাবে হয়েছিল। অন্যত্র হয়নি। এই গ্রুচিছকরণ পরে অবশ্য জাতপাতের লড়াই এবং গ্রুণভেদ স্ভিট করেছে কিছ্ সমাজ্ঞপতি ও শাস্ত্র-জ্ঞানহীন কুসংস্কারাচছর গ্রুব্ব প্রেরাহিতের হাতে। বিদ্বেষ ও ঘ্ণার মনোভাবও যে দেখা দেয়নি এমন নয়। কিন্তু এর মুখ্য কারণ আমাদের অনুত্রত ও পরাধীন দেশে প্রকৃত শিক্ষা দীক্ষা ইত্যাদির অভাব এবং দেশে দীর্ঘকালীন নানা বিশ্ভ্থলা। গ্রাম জ্লীবনের কুপমণ্ডুকতায় আবন্ধ সমাজ্যে পচন লাগা খ্রই স্বাভাবিক। আলস্য, ম্ট্তা, অশিক্ষা, কুসংস্কার অন্যাদের মানসিকতাকে অসাড় করে রেখেছিল।

আজ যদি বর্ণাশ্রমকে জেনেটিক ইনজিনিয়ারিং-এর আওতায় আনা হয় তাহলেও না হয় ব্রুতে পারতাম বর্ণাশ্রমেব যথার্থতা বাচাই করার কিছ্ উদ্যোগ নেওয়া হচ্ছে। কিল্তু যাচাই না করে নিতাল্তই ভাবাল, প্রগতিপরায়ণতার নামে বর্ণাশ্রমকে তাচিছল্য করা ব্রিকিসম্থত তো নয়। মান্ধের মধ্যে প্রাকৃতিক শ্রেণীবিভাগ হয়েই আছে। চরিত্র, প্রবণতা, দক্ষতা, বর্ণ অন্সারে মান্ধ আলাদা রকমের হয়।

আমাদের দেশে জ্বাতপাতের লড়াই বা শ্রেণীবিষেষের ম্লে অর্থনৈতিক বৈষম্যও একটা বড় রকমের কারণ। মোটাম্টি সকলেরই যদি জ্বীবনধারণের জন্য ন্যুনতম ভদ্র উপার্জন থাকে এবং সমাজে যদি সে নিজের ভূমিকা ও গ্রুর্ছটিকে উপলিখ করতে পারে তাহলে এই বৈষম্যের বোধ হ্রাস পেয়ে যায়। আমাদের দেশে অর্থনৈতিক বৈষম্যই যে বড়ো বেশি প্রকট। ঠাকুরের একটা প্রধান লড়াই ছিল এই দারিদ্রের বির্দেধ। আরও বিশদ করে বলতে গেলে দারিদ্র বার্থির বির্দেধ। দারিদ্রের ম্লে যে মান্যের অকর্মন্যতা আলস্য ম্ট্তা অনেকটাই কাচ্ছ করে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

এখানে একটি ছোট ঘটনার উল্লেখ করা যায়। একবার ঠাকুরের এক মুসলমান শিষ্য তাঁর কাছে এসে নিজের দৃঃখ দুর্দশার কথা বলছিলেন। ঠাকুর সবই শুনলেন, কিন্তু কোনো সমাধান না দিয়ে শুধু বললেন, তুই আমাকে সীতাশাল চাল খাওয়াতে পারিস?

চাষীটি অসহায় ভাবে বলল, সীতাশাল ধানের চাষ করতে মেলা জ্বল লাগে. অনেক অসুবিধা।

এই বলে সে তার প্রতিবেশীদের সঙ্গে ঝগড়া বিবাদ মামলা মোকদ্মা, দ্বংখ দ্বদ্শার কথা ফের বলতে লাগল। কিন্তু ঠাকুর বারবারহ তার কাছে আন্দার করতে লাগলেন, ও মণি, আমারে সীতাশাল চাল খাওয়াতে পারিস না ?

চাষীটি যথন তার অস্ববিধের কথা বলল তখন ঠাকুর সকৌ হুকে বললেন, তে।র ক্ষেতের কাছে তো একটা খাল আছে। সেখান থেকে নালা কেটে জ্বল আনতে পারবি না ক্ষেতে?

চাষীটি বলল, তা কি করে হয় ? অন্যের ক্ষেতের ওপর দিয়ে নালা কাটলে ওরা কি ছেড়ে দেবে ?

ঠাকুর মৃদ্র হেসে বললেন, ওদের বর্নিময়ে বলার যে, এতে ওদের স্নবিধাই হবে। সকলের সঙ্গে ভাবসাব করে দেখিস, পারবি।

এই ঘটনার বছর খানেক বাদে সেই ম,সলমান চাষীটি গর্র গাড়ি বোঝাই সীতাশাল চালের বস্তা নিয়ে হাজির হল আশ্রমে। তার পরনে নতুন লুরিঙ্গ, গায়ে নতুন পিরাণ, মর্থে হাসি। ঠাকুরকে সীতাশাল চাল খাওয়াতে হবে, শ্রে এই অন্রাগের টানে সে তার প্রতিবেশীদের সঙ্গে ভাব করেছে, খাল কেটে জল এনেছে, আর সভাব বজায় রাখার ফলে মামলা মোকদ্মা ঝগড়া কাজিয়া মিটেছে, ফলে দ্রে হয়েছে তার দারিদ্রা-ব্যাধি। এর মধ্যে কোন অলৌকিক নেই বটে, কিন্তু আছে গভীর বাদতববোধ ও মন্যাচরিত্র সম্পর্কে

সমাক ধারণা।

ঠাকুরের জীবনে অষোগ্যকে যোগ্য করে তোলার উদাহরণ অসংখ্য। মান্যকে ধর্ম দান করাই শ্রেণ্ঠ দান বলে মনে করতেন ঠাকুর। বিপন্ন বা অভাবগ্রন্তকে সাহাষ্য করাই বড় কথা নয়, তাকে যোগ্য ও দক্ষ করে তোলাই হল আসল। আর মান্যের উন্নতি শ্র্ব একম্খী হোক তা নয়, সব তোম্খী হোক। এইটেই ঠাকুর চাইেন। ঠাকুরের জীবন মান্য অর্জনের জীবন। তাই নির্বোধ, বাচাল, পাগল, দ্বংহু, মতলববাজ, চতুর কোনও মান্যকেই অবহেলা করেননি। যে এসেছে তাকেই তার পরিমণ্ডলে সন্দেহে গ্রহণ করেছেন। ধৈর্ম ধরে শ্বনেছেন তার কথা, সমাধান দিয়েছেন। ঠাকুরকে এর জন্য গ্বনোগার দিতে হয়েছে অনেক, কিন্তু শেষ অর্বধি মান্যের নেশা তাঁকে ছাড়েন।

ঠাকুরের জীবনের অজস্র ঘটনার মধ্যে একটি ঘটনা আমাকে খ্ব আকর্ষণ করে। এর মধ্যে কেউ হয়তো অলোকিকত্বের গণ্ধ পাবেন। আমি তা মনে করি না। ঠাকুরের জীবনে অসম্ভব ঘটনাগ্রলোও এত অনায়াসে ঘটেছে যে, সেগ্রলোকে তাঁর কাছের মান্যধরা অস্বাভাবিক বলে মনে করেনি। মজার কথা হল ঠাকুরের বিরুম্থ-পক্ষের লোকেরাও তাঁদের প্রচারে বিশেষভাবে ঠাকুরের অলোকিক ক্ষমতার প্রনঃ প্রনঃ উল্লেখ করেছেন। এটা তো এক সময়ে বিশালভাবেই প্রচার লাভ করেছিল যে অন্তকুলচন্দ্র হিপ্নোটিজ্বম জানেন এবং তাঁর কাছে যে যায় তাকেই বশীভূত করে ফেলেন। কেউ কেউ বলেছেন, ঠাকুরের কাছে নাকি একটি অত্যাশ্চর্য পাথর ছিল, যা দিয়ে তিনি নানা রকম ভূতুড়ে কাশ্ডকারখানা ঘটাতেন। তাঁর পোষা ভূত-টুত আছে এমন ধারণাও তাঁর গ্রাম হিমাইতপ্রের ও আশেপাশের অঞ্চলের লোকদের ছিল। অবশ্য এসব ধারণার উৎপত্তি হয়েছিল কিছ্ব অঘটন থেকেই। ঠাকুরের বিরুশ্বপক্ষের লোকেরা তাই তাঁর সম্পর্কে একটু ভয়ও পোষণ করেছেন।

আমি যে ঘটনার কথা বলছি তা তাঁর অন্তদ্বিভার পরিচয় খানিকটা বোঝানোর জন্য। তাঁর এক শিষ্য এবং নিয়তকমী আশ্রমে থাকেন। দেশ থেকে হঠাৎ একদিন চিঠি পেলেন তাঁর একমাত্র প্রিয় পর্বটির সাঙ্ঘাতিক অস্থ। ডাক্তার একরকম জ্বাব দিয়ে গেছে। ছেলে বাবাকে একবার দেখতে চায়। স্বীর কাছ থেকে এই মর্মান্তিক চিঠি পেয়ে তিনি সঙ্গে সঙ্গে ঠাকুরের কাছে গিয়ে হাজির হলেন। কন্পিত গলায় শৃখ্য বললেন, ঠাকুর—

ঠাকুর তাঁর দিকে চেয়ে শশব্যুদ্তে বলে উঠলেন, আরে আমি তো আপনাকেই ডাকতে লোক পাঠিয়েছি। ভীষণ জ্বর্নর দরকার। আপনাকে এক্ষ্বনি উড়িষ্যায় রওনা হতে হবে। আধ ঘণ্টার মধ্যে। যান, তাড়াতাড়ি তৈরি হয়ে নিন!

শিষ্য ভ্যাবাচ্যাকা খেয়ে বললেন, আঞ্ছে আমার বিপদ —

ঠাকুর কথাটা একেবারেই কানে তুললেন না। ভীষণ বাসত হয়ে বললেন, কথা কওয়ার সময় নেই। যা বলার ফিরে এসে বলবেন। গাড়ি যে ছাড়ে! যান তাড়াতাড়ি গুর্ছিয়ে নিন।

শিষ্যটি একটু দ্বিধায় পড়লেন। একদিকে গ্রের আদেশ, অন্যদিকে ছেলের আয়া। কী করেন? শেষ অবধি ভাবলেন, ছেলেকে বাঁচানের ক্ষমতা তো আমার নেই। যা হওয়ার হবে। গ্রের যথন এ৩ ইচ্ছা তথন উড়িষ্যাতেই যাই।

তিনি কম্পিত হাদয়ে অশানত মনে রওনা হয়ে গেলেন।

উডিষ্যায় কাঞ্চকর্ম মিটতে কুড়ি প'চিশ দিন লেগে গেল। তারপর আশ্রমে ফেরার পালা। যত আশ্রমের কাছে আসছেন ততই ব্বক কাঁপছে। কী সংবাদ অপেঞ। করছে ে নে কে জানে।

ঘরে এসে একটি পোশ্টকার্ড পেলেন। স্ত্রীর লেখা। খোকা ভাতপথ্য করেছে। সংস্থ হয়ে উঠছে।

বৃক থেকে জগন্দল পাথর নেমে গেল। পোস্টকার্ডটি নিয়ে চললেন ঠাকুরেব কাছে। একথা সেকথার পব ঠাকুর নিজেই হঠাং জিজেস কবলেন, আমার কাজে তো খ্ব খাটছেন, ওদিকে বাড়ির খবরটবর সব ভাল তো ?

শিষ্যাট কে'দে বললেন, আজ্ঞে সেই < ়া বলতেই আসা।

চিঠি দ্বটিই তিনি ঠাকুরের হাতে দিলেন। বললেন, ঠাকুর আমার খোকার যে অস্থ তা আপনি সর্বজ্ঞ নিশ্চয়ই জানতেন। আমি জানতে চাই আপনি কেন খোকার কাছে আমাকে যেতে না দিয়ে উড়িষ্যায় পাঠালেন ?

ঠাকর প্রথমটায় হেসে টেসে অন্য কথা বলে প্রসঙ্গটা এড়িয়ে যেতে লাগলেন। কিন্তু নাছোড় শিষ্য কিছ্তুতেই না ছাড়ায় ঠাকরে অবশেষে সংখদে বললেন, মানুষ অনেক সময়ই আমার অনেক আচরণ দেখে আমাকে নিষ্ঠার বলে মনে করে। কিন্তু ওই নিষ্ঠারতার মধ্যে বৃহৎ মঙ্গলই ল্কিয়ে থাকে। আপনার ছেলে শ্রেছি আপনাকে ভীষণ ভালবাসে। ম্মুযুর্ ছেলে অধীর আগ্রাে বাপের জন্য অপেক্ষা করছে, তার সেই আগ্রহ, আর তীব্র ইচ্ছার্শাপ্ততে সে মৃত্যুকেও ঠেকিয়ে রেখেছে, লড়াই করছে রোগের সঙ্গে। ঠিক সেই সময় যদি তার বাবা গিয়ে তার সামনে দাঁড়ায় অমনি তার সব লড়াই শেষ হয়ে যাবে, 'বাবা এসে গেছে' এই আননেই সে তৎক্ষণাৎ আবার ঢলে পড়বে রোগের কবলে। মৃত্যু ঘটবে। কিন্তু বাবা আসছে না বলে ছেলে সারাক্ষণ লড়াই চালিয়ে যেতে থাকবে, আর ক্রমে ক্রমে রোগ হার মানতে থাকবে তার ভালবাসার কছে। এখন ব্রথলেন তো?

এটা মোটে একটি ঘটনা। এরকম হাজার হাজার ঘটনা ছড়িয়ে আছে ঠাক্রের একাশি বছরের আয়্ত্কালে। কিন্তু ঘটনাগ্র্লির আলোকিকত্বের আলোয় ঠাক্রেকে আলোকিত করতে গেলে তাঁর জ্বীবনদর্শকেই অপমান করা হয়। ঠাক্রের এই ঘটনাগ্র্লোকে যথন ব্যাখ্যা ও বিশেল্যেণ করে ব্রিঝয়ে দিয়েছেন তখন তাঁর বৈজ্ঞানিক মানসিকতা, গভীর অন্তদ্ভিট আর বাস্তববোধ আমাদের মূণ্য করেছে।

ঠাকরে অন্ক্লচন্দ্র বাংলা ভাষা নিয়ে যে পরীক্ষা নিরীক্ষা করেছেন তাঁর তুলনা গোটা বাংলা সাহিত্যের ইতিহাসেও খইছে পাওয়া যাবে না। ভাষাজ্ঞানেও তিনি সম্পূর্ণ অপ্রতিদ্বন্দ্বী ও একক। বাক্য গঠন, শব্দ চয়ন ও অনবদ্য সব শব্দকে প্রায় হিমঘর থেকে ত্বলে এনে তিনি প্রয়োগ করেছেন তাঁর গদ্যে। মেকানিজম শব্দটির সঠিক বাংলা প্রতিশব্দ আমি কোথাও খইছে পাইনি। ঠাকরে 'মরকোচ' শব্দটি বথন ব্যবহার করলেন তখন চোখের ঠইলি সরে গেল। ইন্টারেন্ট শব্দটিরও সঠিক বাংলা প্রতিশব্দ নেই। ঠাকরে অন্তরাস শব্দটি আমাদের চিনিয়ে দিয়েছেন। এরকম অজপ্র

ও অসংখ্য শব্দ ও ধাতুর ম্ল অর্থ ধরে তিনি যে কত কিছ্কে ব্যাখ্যা করেছেন তারও ইয়ন্তা নেই। অথচ নিজের হাতে তিনি তো এসব লেখেননি, ম্থে বলে গেছেন এবং তা লিখে নেওয়া হমেছে। আর ম্থে বলে যাওয়া ওই নিঝারের মতো গদ্য কী করে যে প্রাণির সামজ্ঞস্য রক্ষা করেছে সেটাই পরম বিষ্ময়ের। এক এক জায়গায় এক প্তা ব্যাপী একটিই ব্যক্য তিনি রচনা করেছেন কিম্তু কোথাও বাক্যের ভারসাম্য ক্ষ্ম হয়নি। কোনো কোনো গ্রেহে তার গদ্য এতই জটিল ও কঠিন যা কমলকুমার মজ্মদারকেও ধাঁধায় ফেলে দিতে পারত। আজ থেকে পঞ্চাশ ষাট সত্তর বছর আগেকার ওইসব রচনা থেকে আমরা বাংলা গদ্যের প্রকৃত ধ্রপদীক্ষেও অদ্র ভবিষ্যতে বিষ্তর পরীক্ষা নিরীক্ষা ও আলোচনা হবে এ নিব্যার সন্দেহ নেই।

ঠাকুরকে পরিপ্রণ দার্শনিক বলে অভিহিত করতে হয় একটি কারণে। তিনি কোনো প্রসঙ্গকেই আলোচনার অযোগ্য মনে করেননি বলে প্রথবীর দ্র্র্যরতম পাশ থেকে আধ্যাত্মিকতার দ্রুর্হতম কূট প্রসঙ্গ নিয়ে অভিমত দিয়েছেন। আর কী প্রাঞ্জল ও স্বৃগভীর সেই কথা! ঠাকুরের এইসব আলোচনার মধ্যে সকলেই স্বীয় প্রশেনর জ্বাব খর্লে পেয়ে যান। এই সম্পর্ণতা আমি কোনো মহাপ্রুষের গ্রন্থে খর্লে শাইনি। সেই ন্য তাকে অধিকতর সম্পূর্ণ বলে অভিহিত করা ছাড়া উপায় নেই।

কারও প্রতি অশ্রন্থা ঠাকুর ভীষণ অপছন্দ করতেন। এবং জগতের পূর্ব প্রতার পরের্যদের প্রতি তাঁর শ্রন্থা ও নতি এতই প্রগাঢ় ছিল ষে, প্রার্থনার মন্তে রাম কৃষ্ণ বল্ধ যিশ্ব মহন্মদ চৈতন্য রামকৃষ্ণ সকলকেই প্রণাম করার ব্যবস্থা রেখেছিলেন। রামকৃষ্ণদেবকে কথনো ভগবান ছাড়া বলতেন না। এই শ্রন্থাবনত প্রেমিক মানুষ্টিকে, দ্বংখের বিষয়, তাঁর সমকাল সঠিক চিনতে পারেনি। অবশ্য এরকম ব্রান্ধী প্রবৃষ্ধে কদাচিং তাঁর সমসাময়িক্রো চিনতে পেরে থাকে। বিশেষ করে ব্রন্থিজীবীরা এইসব মানুষকে যদিও বা খানিকটা ব্রুত্তে পারেন, কিন্তু নিজের অহংবোধ আহত হয় বলে কদাচ এ'দের কাছে নতি স্বীকার করেন না।

দেশ ভাগের এক বছর আগে ঠাকুর হিমাইতপ্রে তাঁর সবত্বে গড়ে তোলা আশ্রম এবং সেখানকার বিশাল লোকসেবাম্লক নানা প্রকল্প অবহেলায় ফেলে দেওবরে চলে এলেন। তখন তাঁর এই স্থানত্যাগের কারণ কেউ ব্রুতেই পারছিলেন না। বছর না ঘ্রতেই ব্রুতে পারলেন। দেওবরে তাঁর তো প্রায় কিছুই ছিল ন। বংশুট ঘর বাড়ি নেই, তেমন টাকাপয়সা নেই, অব্যবস্থা এব বিশ্বংলা চরমে। তব্ তার মধ্যেই আবার তাঁকে ঘরে গড়ে উঠতে লাগল একটি নানা কর্ম কাশ্ড-মুখবিত লোকপালী আশ্রম। এখানেও তাঁকে স্থানীয় লোকদের নানা বিরোধিতা ও শত্র্তার সম্মুখীন হতে হয়েছে, মারদাঙ্গা বড়ো কম হয়নি। কিন্তু সব প্রতিকুলতাকেই তিনি তাঁর অসামান্য ব্যক্তিত্ব দিয়ে অন্কুল করে নিতে পারতেন।

১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাসে যখন নানা সন্দেহের দোলায় দ্লেও আমি তার সংনাম গ্রহণ করি তখনও তাঁর সম্পর্কে সম্যক্ষ কোনো ধারণা ছিল না। ধারণা যে আক্ষও হয়েছে তাও নয়। আমাদের অবস্থা অশ্বের হস্তিদর্শনের মতো। তাঁর জ্বীবনদর্শন এত ব্যাপক, স্ক্র্যাতিস্ক্র্য বিশেলষণে ভরা যে গড়পড়তা মহিতক্ষ সম্পন্ন কোনো মান্বের পক্ষে ব্বে ওঠা কঠিন এবং অসম্ভব। তবে যেটুকু ব্বতে পেরেছি তাতে তাঁর বিশালত্বের আভাস পেতে কোনো অস্ববিধে হয় না। স্বাস্হ্য, সদাচার, শিক্ষা, বিবাহ, সম্তান পালন থেকে শ্রের করে ব্রক্ষজিজ্ঞাসা কিছ্ই তার বিষয় বহিভূতি নয়।

বিংশ শতাবদীর এই অনন্যসাধারণ মান্বিটিকে নানা অপপ্রচারের অন্তরালে নির্বাসিত রাখা হয়েছিল দীর্ঘদিন। তব্ তাঁর সামধানে গিয়ে মৃশ্ব হয়ে দীক্ষা গ্রহণ করেছিলেন দেশবন্ধ্র চিত্তরপ্তান দাশ, স্ভাষচন্দ্রের বাবা ও মা, জানকীনাথ বস্ত্র ও তাঁর স্থ্রী। বিভূতিভূষণ তাঁর সঙ্গে দেখা করতে গিয়ে মোহিত হয়েছিলেন। গিয়েছিলেন শরৎচন্দ্র, উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, রাধারাণী ও নরেন্দ্র দেব। দেশনেতাদের মধ্যে অনেকে। তাছাড়া হিন্দ্র মৃসলমান খ্ন্টান বাঙালী অসমিয়া ওড়িয়া মারাঠী বিহারী শিশ্ব দক্ষিণী অক্সম্র অগ্নন্তি শিষ্যকে একটি ভাবস্ত্রে প্রথিত করা

কত অনায়াসে সিম্প হয়েছিল তা আশ্রমে এলেই বে ঝা বায়। জাতীয় সংহতি জিনিসটি রাজনৈতিক ক্ষেত্রে বতই কঠিন হয়ে পড়ছে ততই চোখে বেশি করে পড়ছে সংসঙ্গ সংগঠনে এক আদেশে বাঁধা একটি সংহত গণচারিত্রকে।

ঠাকরে কে বা কী তা এই সামান্য রচনার দ্বারা আর কতটুকর প্রকাশ করা সম্ভব ? এ বেন পিদিম জেবলে স্বর্ধকে চেনানোর অক্ষম চেন্টা। তবে বিশ্বাস করি, পরবতী প্রজ্ঞানের মান্যেরা তাকৈ আবছায়া বোধের অন্তরাল থেকে নিজেদের মেধা, বোধ ও বিশ্বাস দিয়ে প্রকটিত করে দেবে জ্বগং সমক্ষে। আমরা অপেক্ষা করব।

II जिन्न II

ঠাকরে কবে থেকে এবং কী প্রক্রিয়ায় আমার জীবনের অচ্ছেদ্য এক অংশ হয়ে গেলেন তা সঠিক জানি না। এঘটনা ঘটেছে অলক্ষে, আমার জ্ঞান ও ধারণার জগতের নেপথ্যে। যে কোনও অবস্হাতেই পাড় না কেন, যতই সংসার সমস্যায় জাড়িয়ে থাকি না কেন, তার মধ্যে হঠাং করে ঠাক্রের কথা মনে পড়লেই যেন অলক্ষে এক দক্ষিণের জানালা খলে যায়, আর অসীমের বাতাস এসে লাগে।

ঠাকরে এরকমই। তাঁর সংস্পর্শে আসা, তাঁর চার অক্ষরী সংনামের আশ্রয় নেওয়া মানেই জীবনের আনন্দের একটি অনা-বিষ্কৃত উৎসকে খইজে পাওয়া। ঠাকরে যেন দেওয়ার জন্যই বসে আছেন, পাওয়ার জন্য আমাদের হাত বাড়ানোর অপেক্ষা।

কিন্তু কথা একটিই, করে পাওয়া। অহেতুকী কৃপা বলে কিছন্নেই। পেতে হলে করতে হবে এবং করলেই পাওয়া যাবে। ঠাক্রের হিসেব এতই সহস্ক ও বাস্তব। কিন্তু ওই করা বা পাওয়ার ফাঁকেই থেকে যায় আমাদের দ্বর্মর আলস্য, উদাসীনতার অসতর্কতা, ঢিলোম এবং নানা অভিভূতি ও সংস্কার। তাই এই পরম ধন হাতে পেয়েও আমরা তার সম্যক ব্যবহার করতে পেরে উঠি না। শ্বের্ঠ ঠাক্রেকে নিয়ে থাকলেই দ্বনিয়ার সব প্রাপ্য বস্তু অধীগত হয়। কিন্তু তাঁকে নিয়ে থাকতে গিয়েই যত গণডগোল, যত হিসেব নিকেশ।

আমার নিজের কথাই বলি। এই ষে দ্বেলা বিনতি প্রার্থনা করি ঠাকুরের সামনে বসে প্রতিদিন, তার মধ্যে ক'বার ওই প্রার্থনা সঙ্গীতের অর্থ হদয়ঙ্গম হয়? দিনের পর দিন অভ্যাসবশে প্রার্থনা করে ষাই বটে, কিন্তু নানা চিন্তা ভাবনা অভিভূতিতে মন এমনই সংলান থাকে যে প্রার্থনা করাটা একটা নিয়মরক্ষায় দাঁড়িয়ে যায়। কিন্তু হঠাং এক একদিন প্রার্থনা করতে করতে মনটা ঠাক্রমন্থী হয়ে যায় আর তখন প্রার্থনার প্রতিটি কথাই যেন ঠাক্রের উদ্দেশ্যে ছরে যায়। তখন দ্বেচাথ ভরে জল আসে। আমাদের দৈনন্দিন ঠাক্রে সতিত্বারের দয়ল ঠাক্রের হয়ে চোথের সামনে ন্সিত হাস্যে

এসে উপন্থিত হন। কথাটা হল ভান্ত নিয়ে। ভান্ত জিনিসটা শ্নতে সহজ বটে, কিন্তু কাজে কঠিন। এই কলিষ্ণে মান্য যে কত রকম মানসিক টানাপোড়েনে শতধা বিভক্ত মন নিয়ে জীবন কাটায় তা ঠাকুরের মতো আর কে জানবে ? ঠাকুর তাই ভক্তিকে সহজসাধ্য করে তুলতে নানা ম্ভিবোগ ও দৈনন্দিন কৃত্য নির্দেশ করে গেছেন।

ঠাকুরকে আশ্রয় করার পর আমার নানা অভিজ্ঞতা হয়েছে। এইসব অভিজ্ঞতা অভিনব, অভ্তুত। অনেক সময়েই ওই রহসাময় প্রেষের ব্যাখ্যা আমি করতে পারিনি। ষেটুকু আবছা তাঁকে ব্রেছে, তাতে মনে হয়, তাঁকে ধরলে আমাদের অপ্রাপ্য কিছর্ই থাকে না।

মনে আছে দীক্ষা নেওয়ার আগে আমি ছিলাম অত্যানত অহংকারী, ১ঃ দ্বভাবের এবং খানিকটা খেয়ালী। বাদতববোধেরও বেশ অভাব ছিল। আমার কৃষ্ণি হাউসের বন্ধরো আমাকে রীতিমত সমঝে চলত। তাছাড়া জীবনবাপনটাও ছিল লাগাম-ছাড়া। একটু আধটু মদ্যপানের বদ অভ্যাস রপ্ত হচ্ছিল। সেই সময়ে ঠাকুর আমার জীবনে বাঁধ না দিলে আজ আমি অবশ্যই এক কুখ্যাত মাতালে পরিণত হতাম। শুখ্য তাই নয়, হয়তো এতদিন বে^{*}চেও থাকতাম না। কারণ যে সময়ে আমি দীক্ষা নিই সেই সময়ে মানসিক সংকটে এমনই হতাশাত্রহত হয়ে 🤊 ড়ছিলাম যে আত্মহনন ছাড়া আমার সামনে আর কোনও পথ খেলা ছিল না। এক জ্যোতিষী বহ,কাল আগেই আমার সেই বয়সে যে মানসিক সংকট দেখা দেবে এবং তা পেরোনো যে খ্রব কঠিন হবে তা বলে রেখেছিলেন। জ্যোতিষীতে আমার তেমন আস্হা নেই। কিন্তু এই একটা ব্যাপার খ্ব মিলে গিয়েছিল। ঠাকুর না হলে এই সংকট কী করে যে কাটাতাম তা ভেবে পাই না। ঠাকুর যে আমাকে আশ্র বিনাশ থেকে রক্ষা করেছেন তা-ই নয়, আমার জীবনের একটি লক্ষ্যও দিহর করে দি যছেন। নইলে কোন আঘাটায় গিয়ে এই অস্হির জীবনের পরিসমাপ্তি ঘটত তা কে জ্বানে; তা বলে এমন কথা বলব না ষে, আমি ঠাকুরের পথে ঠিক ঠিক চলেছি। আমার নিজ্ঞস্ব খার্মাত অনেক, অভিভূতি নানা ধরনের। তবে আমার মৃত ভরসা এই, ঠাকুর বিপথ থেকে ঠিকই পথে টেনে আনেন। বিপথও তো অনেক ছিল তখন। হাঁ করে ছিল গিলবার জন্য। এখন সেইসব বিপথের সংখ্যা আরও বেড়েছে। যেসব অশ্ভ শক্তি কেন্দ্রাভিগ আকর্ষণে আমাদের বারবার জাঁবনের অন্তির পথ থেকে ভ্রুট করতে চেন্টা করে ঠাকুরের লড়াই সেগ্লোরই বিরুদ্ধে। নিরন্তর মান্ত্র্যক্তির লড়াই সেগ্লোরই বিরুদ্ধে। নিরন্তর মান্ত্র্যক্তির লড়াই সেগ্লোরই বিরুদ্ধে। নিরন্তর মান্ত্র্যক্তির পথে চালনা করার প্রয়াসে তাঁর ক্লান্তি ছিল না। ঠাকুরকে প্রথম থেকেই যে গভাঁর ভাবে ভালবেসে ফেলেছিলাম তার কারণ, এই মান্ত্র্যির ভিতর থেকে অবিরাম বিকাণ হচ্ছে মান্ত্রের প্রতি গভাঁর ভালবাসা।

যত দিন যাছে ততই ঠাক্রের অপরিহার্যতা নিজের জাবনে গভারভাবে অন্ভব করছি। ঠাক্রে ছাড়া কা অসম্ভব ছিল আমার আজ অবধি বে চে থাকা! আর এই যে বে চে আছি এরও অস্তি জ্বড়ে ঠাক্রেরই নিরন্তর কুপা বর্ষিত হচ্ছে। তাই বে চে আছি বলেই ঠাক্রের কাছে কৃতজ্ঞতায় বারবার মাথা ন্য়ে আসে। স্থে এই বে চে থাকাটাই মাঝে মাঝে আমাকে বিসময়ে হতবাক করে দেয়। ঠাক্র ছাড়া শ্বেন্মাত্র এই বে চে থাকাটাই আমার পক্ষেক্ত অসম্ভব ছিল।

আগেই বলেছি, তখন পর্য'ণত—অর্থাণ ঠাক্রকে আশ্রয় করার আগে অর্বাধ আমার জীবন ছিল সব দিক দিয়েই বিবর্ণ, অসফল এবং গতিহীন, বৈচেত্রহীন। আর্থিক অনটন তো ছিলই, কোনও সামাজিক মর্যাদাও ছিল না। এলেবেলে একটা জীবন হেলাফেলা করে কাটিয়ে দিছিলাম। ভবিষ্যতের কোনও কল্পনা বা আশাও ছিল না। সামান্য একটা হত দরিদ্র স্কুলে নিতান্তই তুচ্ছ একটা মাস্টারির চাকরি, আর মাঝে মাঝে পত্র পত্রিকায় গলপ লেখা। এ ছাড়া আর কোনও সাফল্য নেই। কিন্তু ঠাক্রকে ধরবার পর থেকেই সেই বর্ণহীন অর্থহীন জীবনে যেন অলক্ষে একটা মাত্রা যোগ হল। তারপর ধীরে ধীরে জীবনের নিহিত গভীর অর্থ আর আনন্দ পার্পাড় মেলতে লাগল। আমার মতো আধার তো খ্ব বর্বাশ ধারণ করার ক্ষমতা রাথে না। তব্ এই সামান্য আধারেই ঠাক্র তাঁর অনিব্ চনীয় স্থা ভরে দেওয়ার চেন্টা

করেছেন। চেষ্টা কথাটা বললাম, তার কারণ, ঠাক্ররের দেওয়ার ক্ষমতা সীমাহীন হলেও আমাদের গ্রহণক্ষমতা কিন্তু সীমাবম্ধ।

মনে আছে, দীক্ষা নিয়ে আসার পরই নানাজন নানা প্রশন করত।
ঠাট্টা ইয়ার্কি, শেলষ, বিদ্রুপ ইত্যাদি তো ছিলই। একজন আদানত
আধ্বনিক মানসিকতার যুবক কা করে দীক্ষাটীক্ষা নেয় এবং ধ্যানট্যান করে এটাই ছিল সকলের জ্বলন্ত প্রশন। ফলে কফি হাউসে
প্রায়ই বিভিন্ন বন্ধ্ব বা পরিচিতদের সঙ্গে আমার তুম্বল তর্ক বা
বিবাদ হত। হাতাহাতিরও উপক্রম হয়েছে। রণবার নামে আমার
এক ফিল্ম ডিরেক্টর বন্ধ্ব ছিল। এমনিতে সে অতিশয় ভদ্র ও
সক্জন। কিন্তু সেও একবার কিছ্ব কট্কাটবা করে ফেলেছিল
ঝোকের মাথায়। আমি এত ক্ষেপে গেলাম যে, তাকে মারতে উঠেছিলাম। রণবার অবশ্য নিজের ভূল ব্বতে পেরে সঙ্গে সঙ্গে ক্ষমা
চেয়ে ব্যাপ্যানটা মিটিয়ে নেয়।

র্থাদকে প্রস্কানের আমেরিকা যাওয়ার প্রস্কৃতি চলছে। কিন্তু তার বাড়িতে হাড়ির হাল। কিছুদিন পরেই সে সব পের্ম্বোছ-র দেশে চলে যানে। গাড়ি বাড়ি হবে, দেশার ডলার ওড়াবে এই আশায় সে মুখ বুজে কণ্ট সহ্য করে যাছিল। তবে সে সময়ে সে বারকয়ের অভাবে পড়ে ইণ্টভৃতির টাকা থরচ করে ফেলেছিল। আমি তাকে খুব বকলাম। সে বললে, ওরে, ঠাকুরকে ভরণ করবো কি আমার মেয়ে-বউ যে না থেয়ে আছে।

এটা কোনও যুক্তি নয়। তাকে বোঝানোর চেণ্টা করেছি অনেক।
কিন্তু প্রস্ন ব্ঝতে চাইত না। অনেক জ্ঞান ও গ্ন থাকা সত্ত্বেও
প্রস্নের মধ্যে একটা অব্ঝগনা ছিল, ছেলেমান্বি ছিল।
পরবতী কালে আমাদের সম্পর্কের মধ্যে যে দ্রেছের স্কৃষ্টি হয়
তার ম্লেও ছিল ওই অব্ঝগনা। ঠাক্রকে নিয়ে সে নিজের মতো
চলল, ঠাকুরের মতো করে চলল না।

চন্দনেরও এই অব্রুপনা ছিল। তার খেসারত তাকে দিতে হয়েছে।

ঠাক্রকে নিয়ে চলতে গেলে ঠাক্রের মত মতোই চলতে হয়। নিজের খেরালখ্নিশ অনুযায়ী ভজনা করতে নেই। এই খেরাল-খ্নিশর ভজনায় যে কত গদ্ডগোল তা বহুবার প্রত্যক্ষ করেছি। ঠাক্র এ বিষয়ে আমাদের বারবার সতর্ক করে দিয়েছেন। ইন্ট-স্বার্থের পথে আত্মন্বার্থ এমনভাবে এসে হাজির হয় যে ইন্ট আর আত্মতে গণ্ডগোল পাকিয়ে যায়। ঠাকুর বলেছেন, নিজ খেয়ালে ভজলি গ্রের, মান্য হতে হলি গর্।

কিন্তন্ব এই ঘোর কলিকালে, মানসিক জটিলতা ও সংকটের এই মাহেন্দ্রযোগে, ইন্টেস্বার্থ আর আত্মন্বার্থের গণ্ডগোল হবেই। আর ঠাকুর তা ভাল করেই জানতেন। তাই নানাভাবে আমাদের বিপথগামিতার বাধ দেওয়ার চেন্টা করেছেন। যজন, যাজন ইন্ট্ভৃতি, স্বস্ত্যরুরা, সদাচার হচ্ছে সেই বাধ। নিত্য পালনীয় এই সব কৃত্য ধারে ধারে জাবনে শ্রুখলা এনে দেয়। আর আমাদের অজ্ঞান্তেই নানা আপদ বিপদ আপতনকে নির্শেধ করতে থাকে। আমাদের অভ্যান্তরেই গড়ে ওঠে অশাভের বির্শেধ. রোগ ভোগ-ম্ত্যুর বির্শেধ প্রতিরোধ ব্যবস্থা। ঠাকুর কতটা বিজ্ঞানসম্মত ছিলেন তা ব্রুবতে থলে তত্ত্বগতভাবে বোঝার চেয়ে অভিজ্ঞতার ভিতর দিয়ে বোঝা অনেক বেশি ভাল।

ঠাক্রকে নিয়ে আমাদের মধ্যে বেশ একটা মধ্চক্র গড়ে উঠেছিল। কয়েকজন আধ্যনিক য্বক নানা ম্খরোচক বিষয়কে উপেক্ষা করে কেবল ঠাক্রকে নিয়ে ঘণ্টার পর ঘণ্টা আভ্যা দিচেছ, এ এক অভাবনীয় ঘটনা।

পূর্ণ দাস রোডের আমাদের মেসবাড়িতে কে আসত না ? কবি সাহিত্যিক থেকে শারে করে পলাতক নকশালরা পর্য দত অনেকেই। অনেক বিখ্যাত ব্যক্তিও এসে আন্ডা মেরে যেতেন। ঠাক্রের যাজন কিন্তু আমরা সকলের কাছেই করতাম। আর বিশ্ময়ের কথা হল, অনেক নাদ্তিক-অবিশ্বাসী-নিন্প্ত ব্যক্তিকেও কিন্তু মন দিয়ে ঠাক্রের কথা শানতে দেখেছি।

আসল কথা হল, ঠাক্রের জীবনদর্শন এমনই চমংকার যে, একটা বর্নিরের বলতে পারলেই যে-কারও মনে ধরে যায়। একবার হলদিয়ায় একটা ঘটনা ঘটেছিল। ঠাক্রের জন্মেংসব। হলদিয়ায় তখন সি পি এম-এর প্রবল প্রভাব। আমি উৎসবের কর্মকর্তাদের বলেছিল্ম, উৎসবে শ্বা, গ্রেডাইরা এলেই চলবে না, বাইরের লোককেও ডাকবেন। নইলে সভা বন্ড ঘরোয়া হয়ে পড়ে। বাইরের মান্যকে অন্তরাসী না করতে পারলে ঠাক্রের উৎসব সম্পূর্ণ তা পাবে না।

উদ্যোক্তারা আমার অন্বরোধ শ্বনে বললেন, ওটা তো কমিউনিস্ট-দের জারগা। তারা কি আর আসবে ! তব্ব চেণ্টা করব।

উদ্যোক্তারা কথা রেখেছিলেন। তারা সেখানকার নেতৃবৃন্দকেও আমন্ত্রণ জানিয়েছিলেন সভায়। শুধু তাই নয়। আমি বলে দিয়েছিল্ম, যদি কেউ প্রশ্ন বা প্রতিবাদ করতে চায় তো বহোৎ আচ্ছা। আমরা সাধ্যমতো সেই সব প্রশ্ন বা প্রতিবাদের জ্বাব দেওয়ার চেটা করব।

হলিদিয়ায় একটা মৃত্ত হল-এ সভাব আয়োজন হয়েছে। শুরুত্তে বেশি লোক ছিল না। শুরুত্ব গুরুত্বাই আর বোনেরা। সংখ্যায় বড়ো জোর গোটা পঞাশ হবেন তারা। সভা শুরুত্ব হয়ে য়াওয়ার পর—অর্থাৎ বিনতি প্রার্থনা হয়ে গিয়ে য়খন প্রথম বক্তা ভাষণ শুরুত্ব করেছেন তখন হঠাৎ বাইরের অন্ধকার মাঠে অজ্ঞার সিগারেটের আগত্বন দেখা গেল। একসঙ্গে প্রায় শ খানেক য়্বক এসে ঢ্কলেন হলে। তবে বিন্দুমান্র বিশৃংখলা হল না, শুন্ত নয়। হল-এ য়থেন্ট জায়গা ছিল। তারা বসে পড়লেন। বসার ভাঙ্গতে অবশ্য একটা অবহেলার ভাব ছিল, অনেকে সিগারেটও খাচ্ছিলেন। যিনি ভাষণ দিচ্ছিলেন তিনি এইসব মুবকদের দেখে একটা ঘাবড়ে গিয়ের বক্ত্বতা তাড়াতাড়ি শেষ করে বসে পড়েই আমাকে বললেন, এসব কী হচ্ছে বল্বন তো! ওরা যে সব সিগারেট খাচ্ছে।

আমি একটা হেসে বললাম, ঠাকুর তো আমাদের কাছে ঠাকুর, ওদের কাছে তো নয়। কিছা ভাববেন না প্রতিক্লকে অনাক্ল করে নেওয়াই তো ঠাকুরের মোন্দা কথা ছিল।

আমি মোটেই ভাল বন্তা নই। তবে কখনও কখনও ঠাকুরেরই দয়ায় আমার একট্ব ভাবাবেগ আসে। তখন ঘরোয়াভাবে প্রাণের কথা মনের কথা বলে ফেলতে পারি। সেদিন আমার বন্তব্যের লক্ষ্য ছিলেন ওই ক্যাডাররা। ফলে আমি কমিউনিজমের কথাও এনে ফেলল্বম। প্রসঙ্গরুমে বলল্বম, কমিউনিস্ট বিশ্লবের ক্ষেত্রে দেখা গেছে বিশ্লব যারা করে অর্থাৎ কৃষক মজ্বর শ্রেণীর সাধারণ মান্বেরা মার্কসবাদ বোঝে না। তবে তারা এগিয়ে যায় মহান

নেতার দিকে তাকিরে। যেমন লেনিন, যেমন হো চি মিন, যেমন মাও। এটাই হল গ্রের্বাদের রকমফের। যার মুখের দিকে তাকিয়ে মানুষ সর্বস্ব ত্যাগ করতে পারে তিনিই তো গ্রের্। এরকমভাবে আরও অনেক কথা।

যথন বলাছলন্ম তখন মনে হচ্ছিল, ওরা একেবারেই আমার কথা শনুনছে না। কেউ সিলিং পানে চেয়ে আছে, কেউ হাঁট্তে মন্থ গনুঁজে ঘনুমোচেছ, কেউ কথা টথা বলছে না। সবাই ভারী চনুপচাপ। ভাবলাম, বোধহয় ঠাকুরের কথা ধর্মের কথা শনুনতে অনিচেছ, শনুধন্দায়সারা ভাবে উপস্থিত হয়েছে।

ভাষণ-টাসন শেষ হলে আমাদের তরফ থেকে ঘোষণা কর। হল. শ্রোতারা ইচেছ করলে প্রশ্ন করতে পারেন।

এই ঘোষণার পর যে কাণ্ডটা হল তা আমি কল্পনাও করতে পারিনি আগে। সেইসব আপাত অমনোযোগী যুবকেরা একে একে উঠে দাঁড়িয়ে আমাদের বস্তুতার প্রত্যেকটা খ্রাটনাটি নিয়ে প্রশন তুলতে লাগল, এমনকি উন্থাতি সহকারে। অবশ্যই সবকটাই প্রতিবাদী প্রশন। যেমন আমাকে বলা হল, আপনি নেতা আর গ্রুর্ এক করে ফেলেছেন। কিন্তু মাক স্বাদে ব্যক্তিপ্রজার স্থান নেই। লেনিন নন, বলশোভক পাটি ই আমাদের কাছে গ্রুর্ত্বপূর্ণ। পার্টি ছাড়া ব্যক্তিগত নেত দ্বের কোনও মূল্য নেই।

এইরকম অজস্র প্রশ্নে আমরা নাজেখাল । কিন্তু আমার সানন্দ বিস্ময় ছিল, এরা এত মন দিয়ে আমাদের কথা শানেছে ? ঠাকুরের কথা শানেছে ?

হলদিয়ার তৎকালীন সি পি এম কমী'দের মধ্যে তীথ' ছিল বিখ্যাত। এখনও সে ওখানে আছে কিনা জানি না। তবে তাকে আর তার সঙ্গীদের আমার খ্বে ভাল লেগেছিল।

সভার পরে তীর্থ এবং তার অন্তত দশ বারোজন সঙ্গী আমাদের সঙ্গ ধরল। অনেক রাত অবধি তাদের সঙ্গে কথা হল শন্ধ্ন ঠাকুর প্রসঙ্গে। তর্ক বিতর্ক নয়, হাদ'্য আলোচনা। আর তারা এমনই ভাল এবং ব্রুদার ছেলে যে কোনও ভাবেই ঠাকুরকে নস্যাৎ করার স্পর্ধিত চেন্টা করল না। থৈর্য ধরে শন্নল এবং নানা প্রশ্ন করল। কিন্তু ঠাকুরের জীবনদর্শন এমনই মোহনীয় এতই জীবনধর্মী ও বাস্তব বে কয়েক ঘণ্টা পর তারা সকলেই মোটাম্টি ঠাকুরকে স্বীকার করে নিল, বলল, এই বদি আপনাদের ঠাকুরের ফিলজফি হয়ে থাকে তবে একে সমর্থন করতে আমাদের কোনও আপত্তি নেই।

হলিদয়ার এই তর্ব তাজা ছেলেগ্রলোর কথা আমি কোনও দিনই ভূলব না। দ্বিদন হলিদয়ায় ছিলাম। দ্বিদন প্রায় সারাক্ষণ তারা আমাদের সঙ্গে ছিল। সারাক্ষণই তারা ঠাকুর সম্পর্কেই প্রশন করেছে, ঠাক্বরকে নিয়েই আলোচনা করেছে।

ঠাক্রকে নিয়ে আমার গর্ব এই কারণেই ষে, ঠাক্রকে যারা কণামাত্র ব্রুতে পারে তারাই চমকে যায়, অবাক হয়। এত সত্য, এত জীবনীয় আর কোনও জীবনদর্শন আছে বলে জানি না। আর ঠাক্র হচ্ছেন সর্বরোগহর, সর্ব সমস্যার সমাধানের আকর। এক অমোঘ ব্যাক্তানে জাশী দ্ভিটর অধিকারী, প্রজ্ঞার উৎসম্বর্প ঠাক্রকে তাই সম্যক ব্রে ওঠাও কঠিন। হলদিয়ার ওই অভিজ্ঞতা থেকে ব্রেছি, ঠাক্রের সব কথাই লোকের কাছে গ্রাহ্য ও গ্রহণীয়, র্যাদ তা তাদের যুক্তি বিচার অনুযায়ী পরিবেশন করা যায়।

আবার অনেক সময়ে দেখেছি, মান্ষের অহং বা কোনও গাঁট ঠাক্রকে ঠিকমতো গ্রহণের পথে বাধা হয়ে দাঁড়ায়। রাসবিহারী আ্যাভিনিউয়ের ওপর একটি চুল ছাঁটার সেল্ন ছিল। সেই দোকানের সামনে কাচের ওপর বড় বড় করে লেখা "বলে প্রের্ষোর্ম।" যাতায়াতের পথে বাস থেকে প্রায়ই দেখতাম, আর ওইটি দেখার জনাই বাসের সেই ধারেই বসতাম ধে ধার থেকে দেখা ধায়। সন্দেহের অবকাশ ছিল না যে, এটি কোনও সংসঙ্গীর দোকান। একদিন হঠাং হাঁটাপথে যেতে গিয়ে কোত্হলবলে দোকানটায় ঢ্রকলাম। হাফহাতা পাঞ্জাবি আর ধ্রতি পরা বয়দক মান্য বসে কাগজ পড়ছিলেন। 'জয়গ্রহ্' বলতেই তিনিও 'জয়গ্রহ্' বলে হাতজ্যেড় করে উঠে দাঁড়ালেন, দোকানে ঠাক্রের ছবিও দেখলাম।

কথায় কথায় জানা গেল ভদ্রলোক ঠাক্রকে খ্বই ভত্তি-শ্রুম্বা করেন বটে, কিন্তু দীক্ষা নেন্নি: কেন নেন্নি? ভদ্রলোক সদ্বত্তর দিতে পারলেন না। দেওঘরে গেছেন, ঠাকুরকে দেখেছেন, সবই হয়েছে, কিন্তু আসল কাজটাই বাকি রয়ে গেছে। কেন দীক্ষা নেননি এই প্রশ্ন করায় ভদ্রলোক মলিন মুখ করে বললেন, হয়ে ওঠেনি, ব্যুখলেন, আসলে বোধ হয় সময় হয়নি।

ভদ্রলোককে দোষ দিয়ে লাভ নেই, মান্বের কত রকম গাঁট থাকে। মন ও মন্তিন্কের নানা দ্বেহ্ জটিল বিক্লিয়ায় গড়ে ওঠা চরিত্র সবসময়ে সহজ পথে চলতে চায় না।

আর একটি ছেলেকে জানি, পেশায় অধ্যাপক। পরেশদা—অর্থাৎ পরেশচ র ভোরা, সদ্য ঋত্বিকর পাঞ্জা পেয়ে তখন প্রচুর দীক্ষা দিয়ে বেড়াচ্ছিলেন। এই ছেলেটিও তাদের মধ্যে ছিল। দীক্ষা নেওয়ার কিছ্বদিন পর ছেলেটি এসে একদিন কফিহাউসে পরেশদাকে কাঁদো কাঁদো হয়ে ধরল। দাদা, আমার ফ্যামিলি আর বন্ধ্বমহলে ভীষণ আপত্তি হচ্ছে, হাসাহাসি হচ্ছে, আপনার দীক্ষা ফিরিয়ে নিয়ে আমাকে রিলিজ করে দিন।

পরেশদা পড়লেন মহা ফাঁপরে, দীক্ষা ফিরিয়ে নেওয়ার তো কোনও পদ্ধতি নেই। অথচ ছেলেটিও নাছোড়বান্দা। পরেশদা তার অবস্হা দেখে অবশেষে বলতে বাধ্য হলেন, ঠিক আছে, আপনি আপনার মতো চলান।

ঠাকরে যে যাজনচর্চার কথা বলেছেন তা শুধ্ বকবক করা নয়, মুখের কথায় যাজন হলে সেই যাজনের জিয়া গভীর হয় না, আর সেই যাজনের দীক্ষাও সহায়ী হতে চায় না। প্রকৃত যাজন হল যাকে যাজন করা হচ্ছে তার চরিত্র রুচি মেজাজ অভ্যাস এসব-গর্নালকে অনুধাবন করে তাকে সক্রিয়ভাবে সাহায্য করা, আপন করে নেওয়া এবং তার মধ্যে আগ্রহ ও পিপাসা জাগলে তবেই সময়মতো নামটি দিয়ে দেওয়া। ঠাকুর তো বলেইছেন যে দীক্ষার কথা বলতে নেই, ঠিকমতো যাজন হলে মানুষ নিজের থেকেই দীক্ষা নিতে চাইবে, আর সেই দীক্ষা শত উপহাস সমালোচনা দুইর্দেব কোনও কিছুতেই টলবে না।

ঠাক্রকে নিয়ে চলতে গিয়ে আমাকে পদে পদে আত্মসংশোধন করতে হয়েছে। আমার উগ্র দ্বভাব, অহংকারী মনোভাব, মানুষ সম্পর্কে ধৈর্যহীনতা, উপেক্ষা ও তাচ্ছিল্যের ভঙ্গি—এসব দীক্ষা নেওয়ার বছর তিনেকের মধ্যেই অনেক কমে গেল । তব্ব বলি ঠাক্রকে নিয়ে চলা বড়ো সহন্ধ নর। যখন আমি নিজেকে খ্ব ভক্ত বলে মনে করছি এবং কোথাও নিজের কোনও ব্যটি দেখতি পাচ্ছি না, তখনও কিন্তু নানা ঘাটতি থেকে যাচ্ছে আমার অজ্ঞান্তেই।

পূর্ণ দাস রোডের মেসে যখন আমরা পাঁচ গ্রহ্ভাই মিলে
ঠাকুরকে নিয়ে আপাত মশগ্লে হয়ে আছি তখনও কিন্তু আমাদের
নানা প্রতিকুলতার পড়তে হয়েছে। সেসব প্রতিকুলতা, সংকট বা
বিপদের সঠিক কারণও তখন ধরতে পারিনি। ঠাকুর-ঠাকুর করেও
যে ওসব ঘটত তার কারণ ঠাক্র সম্পকে আমাদের বোধটা ছিল
ওপরসা।

একটা ঘটনা মনে পড়ছে। আমাদের মেসেরই একজন টাকা নয়ছয় বরেছিল। ফলে আমাদের মেস অচল হয়ে পড়ল। খাওয়া দাওয়া একয়কর বয়া। সেই দ্বিদিনে এক কাপ চা জোটানোও ছিল মর্ফিল। আমার আয় তখন সামান্য, পাঁচ জনের মধ্যে আমার অবস্হাই সবচেয়ে শোচনীয়। একটা পাঁউর্বুটি কিনে খাওয়ার পয়সাও নেই। তবে ঠাকুরের ওপর নির্ভুর করা আমার অভ্যাস ছিল বলে ঘাবড়াইনি। জানতাম, দিন ঠিক কেটে যাবে।

বোধ হয় সেদিনটা ছিল রবিবার। মেসের আর সবাই যে যার আত্মীয় বাড়ি গেছে খাওয়া দাওয়া করতে। কারণ মেসের রামা বন্ধ। আমি আর চন্দন মোটাম্টি উপোস করে আছি বিকেলের দিকে হঠাৎ এক ভদ্রলোক এলেন। গ্রহ্ভাই। তাঁর নাম প্রশানত চ্যাটার্জি। গ্রহ্ভাই এলেই আমাদের ভীষণ আনন্দ হত। প্রশানতদা আসাতে আমরা ভারী খ্লি হয়ে বসে গেলাম ঠাক্রের কথা বলতে এবং শ্রনতে। ঠাকুর-প্রসঙ্গ নিয়ে মেতে থাকলে আমরা বরাবরই ক্ষ্মাতৃক্ষা ভূলে যাই। এ যেন অমৃতবং কার্যকর। বেশ কিছ্মুক্ষণ আন্ডা মারার পর হঠাৎ প্রশান্তদা কী করে যেন আঁচ করলেন যে, আমাদের রেন্ড নেই। তাই উনি নিজেই বললেন, কিছ্মু যদি মনে না করেন তাহলে আমি গয়ের দামটা দিই, একটু চা সানানো হোক।

আমরা সম্পেটের সঙ্গে আমাদের কাজের লোককে দিয়ে চা আনালাম। প্রশাশ্তদা একটু বাদে কথার ফাঁকে ফাঁকে জেনে নিলেন বে, আমরা অভুক রয়েছি। তিনি আমাদের আপত্তি না শ্বনে পাঁউর্বটি কলা ইত্যাদি আনালেন। ক্ষ্বিস্কৃতি হল।

প্রশাশ্তদার কথাটা উঠল এই কারণে যে, ওই সময়ে তাঁর সঙ্গে বার করেক দেখা-সাক্ষাৎ হলেও পরবর্তা দীর্ঘকাল আমাদের যোগাযোগ হর্মন । প্রায় বছর দশেক বাদে যাদবপ্রের নর্থ রোডে যখন থাকি তখন হঠাৎ একদিন প্রশাশ্তদা এলেন । সঙ্গে বোধ হয় কল্যাণ চক্রবর্তা ছিল । খ্ব আন্ডা হল । প্রশাশ্তদা জ্বন্ম-সংসঙ্গী । ঠাকুর সম্পর্কে অনেক জ্বানেন । তাঁর সঙ্গে ইন্ট প্রসঙ্গ করেও ভারী স্ব্র ।

কিন্তু লোক পরম্পরায় জ্বানতে পারলাম প্রশানতদা মাছ-মাংস
খান। শ্নে ভারী অবাক হয়েছিলাম। জন্ম-সংসঙ্গী মান্বের
পক্ষে মাছ-মাংস খাওয়াটা ভারী অন্বাভাবিক। অবশ্য এ বিষয়ে
আমি তাঁকে জিজ্ঞেস করার স্যোগ পাইনি। মনটা কেমন যেন একটু
উদ্বিগ্ন রয়ে গেল। এরকম কেন হবে ? ঠাক্রেকে যারা বিন্দর্মাত্র
হাদয়ঙ্গম করেছে, একটুখানিও ভালবেসেছে তাদের মাছ-মাংসের প্রতি
ন্বাভাবিক ভাবেই বিরাগ এসে যায়। আমি ঘোর মংসাশী মাংসাশী
এবং ডিন্ব-প্রিয় ছিলাম। পেয়জ রস্ন ছাড়া আমার চলতই না।
পয়্মরিট্র সালে দীক্ষা নিয়েছি,তার দ্ব বছরের মধ্যেই আমার আমিষে
অর্নিচ এসে গেল। তারপরও অবশ্য আত্মীয়-ন্বজনের উপরোধে
কিছ্বকাল জ্বোর করে আমিষ খেতে হয়েছে। কিন্তু আটষট্রি
সালে যখন পাকাপাকিভাবে মাছ-মাংসাদি ছাড়লাম তখন কিছ্ব
ছেড়েছি বলেই বোধ হত না। ছেড়ে যেন ভারম্বন্ত বোধ করেছি।
ঠাক্রের মহিমা এখানেই। তাঁর অনভিপ্রেত যা সেটা ছাড়তে কণ্ট
হয় না।

তাহলে প্রশান্তদা কেন মাছ-মাংস খান ?

এই প্রশ্ন বেশ কিছ্মদিন আমাকে পীড়া দিয়েছিল। আর বছর দুই বাদে যখন হঠাৎ খবর পেলাম যে, প্রশান্তদার ক্যানসার হয়েছে তখনই চোখের সামনে থেকে পর্দা সরে গেল। মনে হল, প্রশান্তদা তার ভুলের খেসারত দিচেছন।

ক্যানসার হওয়ার পর তিনি আমাকে দেখতে চেয়েছিলেন। খবর পেয়েও নানা কারণে বাওয়া হয়ে ওঠেনি। বাবো-বাচ্ছি করে দ্ব মাস বা তারও কিছন বেশি কেটে যাওয়ার পর হঠাং আবার খবর এল, প্রশাশ্তদা মারা গেছেন।

এই অন্প বয়সে এবং এভাবে তাঁর মৃত্যু ঘটা উচিত ছিল না। কিন্তু আমার মনে হয়েছে ভাল মান্য এবং ইন্টে আসন্তি থাকা সত্ত্বে মৃত্যুর রন্ধ্রপথ অনবধানতাবশে খ্লে রেখেছিলেন প্রশান্তদা।

তাই ঠাকুরকে আশ্রয় করাটাই বড় কথা বলে আমার মনে হয় না। ঠাকুরকেও আশ্রয় দিতে হয় নিজের অভ্যন্তরে। অন্তিত্বকে রক্ষা করার যে অমোঘ মন্ঘিযোগ ঠাকুর দিয়েছেন তাকে উপেক্ষা করলে অন্তিছের সংকট কাটবে কী করে?

ঠাক্রের জীবন ও জীবনদর্শন এক অনশ্ত ও গভীর চর্চার বিষয়। তাঁকে মাথা দিয়ে ব্রুবার চেন্টা করা ঠিক নয়। ঠাকুরকে ব্রুবার জ্বন্য আমি নিজে যতবার মঙ্গিত্ব চালনা করেছি, সফল হইনি। কিন্তু নামধ্যান করলে এবং ব্যাক্লতা-আক্লতা নিয়ে ব্রুবতে গেলে সহজেই তিনি ধরা দেন।

ठाकुरतत वागी ७ छेन्रामावनी नवरहार जान समयक्रम द्य বাস্তব অভিজ্ঞতার ভিতর দিয়ে। বাস্তব অভিজ্ঞতার ভিতর দিয়ে বা কান্ধের ভিতর দিয়ে না হলে ব্রুঝটা পাকাও হয় না। ঠাকুরের জীবনদর্শন প্ররোটাই বাস্তর্বভিত্তিক। তিনি ভাবের ঘ্রুঘ্র ছিলেন না। या करतरह्न जा शास्त्र-कलरम । मान्स्यत वाथा-विषना मृद्ध्यः र्ना নিবারণই তাঁর লক্ষ্য ছিল বলে তাঁর সব কাজকর্ম ই ছিল সেবামুখী। মান্বের ভিতরকার স্থ গ্রাবলীর উদ্বোধন ও বিকাশ ঘটানোর প্রাক্রয়া বাদতবভাবে অধিগত করানোর জন্য তিনি যে কত তুক দিয়ে-ছেন তার হিসেব নেই। ঠাকুরের অনন্যসাধারণতা আমরা সং ক্ষেত্রেই দেখতে পাই। মানাুষ তিনি একটাই, তবা যেন মনে হয়, প্রিথবীর সব মানুষের বুল্ধ প্রতিভা কর্ম এক করলেও তা তাঁর সমতল নয়। এ পর্যন্ত আমরা যত দার্শনিক ও মহাপুরুষদের পেরেছি তাদের উত্তরাধিকার ঠাকুরের মধ্যে প্র বিকশিত হয়েছিল তো বটেই, তার সঙ্গে আমরা পেলাম আধ্যনিক জটিল জগং ও জীবনের নানা গভীর সমস্যাবলীর সমাধান। বেসব প্রসঙ্গ মহা-প্রেয়দের দ্বারা আলোচিত হয়নি ঠাক্র সেসব প্রসঙ্গকেও

আলোকিত করলেন। এ ব্ণের ধোনতা ও তার বিকৃতি, ন্বামীদ্বীর সম্পর্কের মধ্যে হাজারো জটিলতা, ব্যক্তিমানসে প্রবৃত্তি
নিচয়ের রকমারি প্রতিজিয়া, বিচ্ছিন্নতাবোধ, প্রেমহীনতা, উন্নত
বিজ্ঞান ও প্রযুক্তি, সমাজ্ঞ ও রাষ্ট্র, পরিবার, সব কিছুই ঠাক্রের
আওতায় এল। এই ভয়ংকর জটিল মানসিকতার ব্রুগে ষেসব
কঠিন প্রশ্ন মানুষকে নিরুত্র তাড়িয়ে বেড়ায় সেগ্রুলো নিয়েই
লক্ষ্ণ লক্ষ্ণ মানুষ ক্রমে ক্রমে উপনীত হল ঠাক্রের কাছে। আর
তথনই খুলে গেল অমৃত নির্বর।

ঠাক্ররের গ্রন্থাদি পাঠ ক্রমশ ব্যাপক হচ্ছে। ঠাক্র-চর্চাও , অনতিবিলন্বে গবেষণা ও পর্যালোচনার পর্যায়ে চলে যাবে। তার কারণ এমন সম্প্রণতা আর কোনও জীবনদর্শনে নেই। নেই বিভিন্ন বিষয়ের এমন Co-ordinated knowledge. ঠাক্র একই সঙ্গে এক অধ্যাত্ম প্রের্ষ এবং একজ্বন স্ন্দ্রদর্শনী দার্শনিক, চিকিৎসক ও বিজ্ঞানী, ভাষাবিদ ও সাহিত্যকার। তিনি একই সঙ্গে এত কিছ্ব যে, আমরা তাঁর থৈ পাই না।

ঠাক্রর অলোকিক বলে কিছ্ন মানতেন না। অলোকিকের নেশা বে বড়ো সাংঘাতিক তাও তিনি বার বার বলেছেন। অলোকিকের আকাক্ষার নিকেশ না হলে দীক্ষা দিতে নেই, এমন কথাও তাঁর বলা আছে। অলোকিকের নেশা যে কী ব্যাপক ও দ্বটেচক্রের মতো দেশ ছেয়ে ফেলছে তাও আমরা দেখতে পাছি। তাই ঠাক্র এ ব্যাপারে আমাদের সাবধান করে দিয়েছেন। ধর্ম যে অলোকিক নয়, ধর্ম যে ত্যাগ ভালবাসা সেবার মধ্যে নিহিত, তার সারাৎসার যে অম্তিব্দির যাজন সেটা আমাদের বোধের মধ্যে প্রবিষ্ট করিয়েছেন।

কিন্তু তব্ ঠাক্রের অলোকিকত্ব নিয়ে প্রচার সবচেয়ে বেশি।
আমার ব্যাখ্যা হল, ঠাক্রের ন্বাভাবিক শক্তির প্রকাশ এত বেশি যে
সাধারণ মান্বের কাছে সেটাই ব্যাখ্যার অতীত, অলোকিক। ঠাক্রের
আবাল্য জীবনের নানা পর্যায়ে নানাভাবে সেই শক্তির প্রকাশ
ঘটেছে। কখনও তা মেধা ও উপলন্ধিতে, কখনও বিচক্ষণ
সিন্ধান্তে, কখনও তার অগাধ অতুলনীয় প্রেমের ভিতর দিয়ে।
অলোকিকের প্রসঙ্গ এলে ঠাক্রে যা বলতেন তা সরল, ভাষায় হল,

তুমি ষার ব্যাখ্যা জ্বানো না, তাই তোমার কাছে অলোকিক। কিন্তু প্রথিবীতে কার্যকারণ ছাড়া কিছুই ঘটে না, বা ঘটে তার সব কিছুরই বাদ্তব বৈজ্ঞানিক কারণ রয়েছে।

আমার জীবনেও এই ধরনের ঘটনা অনেক ঘটেছে। ধার সরল কার্যকারণ আমার জানা নেই। ঠাক্রকে আশ্রয় করার আগে অবধি এ ধরনের কিছ্ ঘটত না কথনও। ঠাক্রকে ধরার পর তাহলে কেন ঘটতে শ্রহ্ করল? যে-বিজ্ঞান দিয়ে এইসব ঘটনাকে ব্যাখ্যা করা যায় তা প্রচলিত বিজ্ঞান নয়, অর্থাৎ আমাদের বিজ্ঞান এখনও সেই কার্যকারণ ও প্রশ্পরার দরজা প্রোপ্রার খ্লতে পারেনি।

ঠাক্র নিজে বিজ্ঞানের মঙ্গত পৃষ্ঠপোষক ছিলেন। সেই পাবনাব অজ পাড়াগাঁ হিমাইতপ্রেরে তিনি বিশ্ববিজ্ঞান স্হাপন করেছিলেন সেই কতকাল আগে। তখন বাঙালী তথা ভারতীয়রা তেমন বিজ্ঞান-মনস্ক ছিল না। বিশ্ববিজ্ঞানে পরীক্ষা নিরীক্ষা এবং কাজ কিছু কম তো হয়নি। সেই আমলের পক্ষে এক অজ পাড়াগাঁয়ে বিজ্ঞানেব এই নিবিড় চর্চা খ্বেই বিষ্ময় উদ্রেককারী। বিজ্ঞান বিষয়ে ঠাক্রের নিদেশে যা যা ছিল সব কিছু কাজে রুপায়িত করা গেলে আজ ভারতবর্ষে একটি বিজ্ঞান-বিপ্রব ঘটতে পারত। ঠাক্রর চাইতেন ধ্যানে মান্বের যা উপলব্ধি হয় তা যন্ত্রের মাধ্যমে প্রক্ষেপ করে মানুষকে দেখানো। অব্যক্ত জগতের সব কিছ্ বাক্ত জগতের মধ্যে প্রক্ষেপ করা সহজ কাঞ্চ ায়। সম্ভব। অব্যক্ত যা কিছু আছে তাকে ব্যক্ত করা যাবেই। ঠাক্রের সব চাওয়া আমাদের দ্বারা প্রেণ হল কই ! ঠাকুর ভাইব্রো-মিটারের কথা বলেছিলেন। একজন বিজ্ঞানীকে ভারও দিয়ে-ছিলেন। কিল্ত তিনি ব্যাপারটাকে অলীক ও অসম্ভব বলে চেণ্টাই করলেন না। আমাদের পঠিত ও লখ্য বিজ্ঞানে হয়তো এই আবিষ্কার অসম্ভব বলেই মনে হতে পারে, কিন্তু ঠাকুরের নির্দেশ মাথায় নিয়ে একটু এগোলে তিনিই তো অলক্ষ্যে এসে হাত ধরেন। আর ভাইরোমিটার অলীক বা অসম্ভবই বা হতে যাবে কেন ? শব্দ নিয়ে যে বিশ্বময় পরীক্ষা নিরীক্ষা হচ্ছে তাতে তো মনে হয় অপ্রে ভবিষ্যতে শব্দ, তরঙ্গ, কম্পন ইত্যাদি চিকিৎসার ক্ষেত্রে মদত ভূমিকা मादा । **ठाकात माथित कथा वलाएक वला विद्यानगर**ी कि येपि

সেটাকে উপেক্ষা করেন তো মঙ্গুত ভূল করবেন। ঠাক্র এ বাবংকাল যা বলেছেন তার কিছুই কিন্তু ফেলনা নয়।

নিরামিষ আহারের কথাই ধরা যাক। সত্তর বছর আগে ঠাকুর এ সম্পর্কে ঠিক যা যা বলেছেন, আজকের বৈজ্ঞানিক রিসার্চ ঠিক তা তা বলেছে। ঠাক্রের উপলব্ধিতে পে°ছিতে গেলে আমাদের এখনও অনেক অগ্রসর হতে হবে।

ঠাকুরকে বৃথে ওঠা সহজ্ব কাজ নয়। আবার অন্য দিক দিয়ে **एमथरक रिंग्ल भ**ूतरे **रमाध्मा,** यात्रा यर्डिं वर्रीम्थ विख्वान मिरत ঠাক্রকে ব্রথবার চেম্টা করে বা তার অধীত বিদ্যা নিয়ে ঠাক্রকে মাপতে চায় সে ঠাক্রকে ব্রঝেউঠতে পারবে বলে তো মনে হয় না। ওই যে বিজ্ঞানী ভাইরোমিটার তৈরি করার পথেই গেলেন না তিনি ঠাক্রেকে তাঁর অধীত বিজ্ঞান দিয়ে বিচার করতে গেলেন। ভাবলেন, গে য়ো বামনুন, মুখ্যু মানুষ, উনি যা বলছেন তাতে গ্রেড় না দিলেও চলে। এরকম প্রমাদ অনেকেরই ঘটে থাকে। আমিও তো ঠাক্রকে প্রথম প্রথম ওভাবেই মাপতে ষেতৃম। তাতে আমার কোনও লাভ হয়নি। এভাবে ঠাক্রকে বোঝাও যাবে না। ঠাকুরের অনেক কথাই আমাদের অজি'ত বা অধীত জ্ঞানের সঙ্গে মেলে না। কিন্তু শেষ অবধি দেখা যায় ঠাকরে যা বলেছেন তা-ই সত্য। ১৯৪১ সালে এক রাতে পাবনার হিমাইতপরে গ্রামে বসে লণ্ঠনের আলোয় যে আপাতমুর্খ মানুষ্টি তাঁর শিষাদের কোয়াণ্টাম থিওরি ব্রঝিয়েছিলেন তাঁর সম্পর্কে আমাদের হিসেব নিকেশ সাবধানেই করতে হবে। আলোচনা প্রসঙ্গের মধ্যে সেই আশ্চর্য ঘটনা বিধাত রয়েছে। কিন্তু এটাও তেমন কিছা নয়। নানা প্রসঙ্গে ঠাকরে এমন সব বিষয় নিয়ে নাড়াচাড়া করেছেন যা আমাদের সব ধ্যানধারণাকে পাল্টে দেয়।

তাঁর পাশ্ডিত্য, প্রজ্ঞা, সর্বজ্ঞত্ব নিয়ে আলোচনা থাক। তাঁর সত্য পরিচয় তো সেখানে নেই। আর এই প্রজ্ঞার পরিমাপ করা বা স্বর্প নির্দেশ করাও দ্বঃসাধ্য। কিন্তু ঠাক্রকে ব্রুবার সহজ্ঞ পন্থা আছে। বিশ্বাস ও ভক্তি, আর নামধ্যান। একমান্ত এই পন্থা ছাড়া তাঁকে হাদয়ঙ্গম করা খ্রুবই কঠিন।

ঠাক্রেরে রঙ যথন লাগল তখন চিশ-উত্তীর্ণ বয়সে একবার দিহর

করলাম বিয়ে করে সংসার স্থাপন আর করব না। ঠাক্রকে বহন করে তাঁর কাজে আর্থানিয়াগ করে জীবনটা কাটিয়ে দেব। তথন ইন্টান্ভিতি খ্র তীর হত। ঠাক্রের মধ্যেই জগতের সব প্রাপ্যকে বেন দেখতে পেতাম। আমি দ্রারদ্র স্কুল-শিক্ষক এবং লেখার বাবদে রোজগার বংসামান্য ও অনির্য়ামত। বাবা টাকা না পাঠালে আমার মেসের খরচ চলে না। ওই অবস্থার সংসার পাতার স্বপুও বাতুলতা। পশ্চিমবঙ্গে কন্যাদায়গ্রস্ত পিতা বা অভিভাবকের অভাব নেই, তব্ আমার বিয়ের কোনও সম্বন্ধ আর্সেনি। কপালের ফেরে কোনও নারীও তার হৃদয় উপহার দেয়নি আমাকে। শ্রহ্ আমার মা আমাকে মাঝে মাঝে বলতেন, এবার একটা বিয়ে কর। মেসে-বোডি রেই কি তোর জীবন কাটবে? কিন্ত্র্মায়ের এই অসহায় ইচ্ছের প্রেণ করা আমার পক্ষে সম্ভব ছিল না। বিয়ে করলে বউকে খাওয়াবো কী?

তবে মেস-বোর্ডিং-এর জীবন তথন আমার কাছে আর ভাল লাগছিল না। চিন্তা-ভাবনার পক্ষে, মনঃসংযোগের পক্ষে অনুকূল পরিকেশ তো নয়। আমার সব সমস্যার সমাধানের উৎস ঠাক্র । কলকাতার রাজপথে হাঁটতে হাঁটতে নিজের জীবনের নানা প্রতিকূলতার কথা ভাবছিলাম। হঠাৎ চোখ বইজে ঠাকুরের ম্তি ধ্যান করে বললুম, আমি জানি না, তুমি যা করার করো।

ওই একবারই বলেছিলাম, আর ঠাক্রও করলেন। তারপর এক চকপ্রদ ঘটনার ভিতর দিয়ে ঠাক্রও আমার জ' নর ধারা দিলেন পালেট। নিশ্চয়ই মান্য এর মধ্যেও অলোকিকের আভাস পাবেন। কিল্তু আমার ব্যাখ্যা হল, ঠাক্র মান্ষের মানসিকতার ধাঁচ ধরতে পারতেন। আর প্থিবীর যাবতীয় ঘটনাবলীর নিয়ল্লণ কাঠিটিও তাঁর হাতে। তাই ঠাক্র তাঁর ভক্তদনদের জীবনের ধারা বদলে দিতে পারতেন।

আমাদের অসহায় জীবনে ঠাক্রের চেয়ে বড় প্রাপ্তি আর কী হতে পারে? আমার নিজের জীবন, ঠাক্রকে আশ্রয় করার পর অর্থবহ হয়েছে। যোগ হয়েছে নতুন মাত্রা। তার আগে যে অর্থহীন উদ্দেশ্যশ্না বিক্ষিপ্ত জীবন আমি যাপন করেছি সেটা ছিল নিরশ্তর আয়্বর ভার বহনের মতো। ঠাকুর আমার জন্য কতটা করেছেন তার পরিমাপ হয় না। আছও আমার তুচ্ছ জীবনে একমার আলোকবর্তিকা ঠাকুর। সেই আলোকবর্তিকা অন্সরণ করে চলা হয়তো আমাদের মতো অস্হির্মাতর পক্ষে সম্ভব হয় না। কিন্তু আলোটি ধ্রব এবং শাশ্বত।

আবার অন্য দিকে দেখি একসময়ে—যখন ঠাকুরের তেমন পরিচিতি ছিল না, তখন ঋত্বিকরা কপদ কহনন অবস্থায় দেশ-দেশাশ্তরে বেরিয়ে পড়তেন যাজনে। পথকট, বিপদ-আপদ, বিরোধিতা সব সহ্য করে কোন দ্র-দ্রাশ্তে ঠাকুরের সংনাম প্রচার করেছেন তারা। আর ওই কটন ওই পরিশ্রম তাদের সর্বক্ষণ টই-ট্রন্ব্র রেখেছে আনন্দে। ওই কট না থাকলে ওই আনন্দই বা পাওয়া যাবে কেমন করে?

একবার বয়োঞ্জেষ্ঠ এক গরেভাই ষখন ঠাকুরের জন্য তরি

ত্যাগ স্বীকারের কথা বলে বড়াই করছিলেন তখন আমার মনে হল, ইনি মাত্র বি এ পাশ। সে আমলে ইনি বড়ো জ্বোর একটি কেরানীগিরি জোটাতে পারতেন। দীর্ঘাদন কলম পিষে সামান্য সন্তর দিয়ে ইনি হয়তো একখানা বাড়ি করতেন কল্টেস্টেট। আর পাঁচটা সংসারের মতোই সাংসারিক নানা ঝঞ্জাটে ব্যতিবাসত থাকতেন। আর এভাবেই জীবনটা একদিন শেষ হয়ে যেত। কিন্তু আজ ঠাক্রের ঋত্বিক হিসেবে ইনি যেখানেই যান শত সহস্র মান্য একে প্রশাম করে, প্রণামী দেয়, এর যে কোনও বিপদে আপদে তারা এসে ব্রক দিয়ে পড়ে এবং সংসঙ্গী মহলের হাজার হাজার মান্য এক একডাকে চেনে। কেরানীগিরির চেয়ে ইনি তো বহুগুণ ভাল আছেন, অনেক সফল হয়েছেন, তবে এর দৃঃখ কিসের হ চাকরি করেই বা অন্যরা তার চেয়ে কোন দিক দিয়ে ভাল আছে?

নিয়তকমী'রা দ্বতঃদ্বেচ্ছ অনুরাগের সঙ্গে এবং উদ্যম নিয়ে ইণ্টকাজে লাগলে তাঁদের যে কোনও অভাবই থাকে না এবং ঘরে যে লক্ষ্মী উপচে পড়েন তার ঢের দৃণ্টান্ত আছে। সাবধান থাকতে হয় একটা ব্যাপারে, গ্রুরুর কাছ থেকে নিতে নেই। তাঁর কাছ থেকে নিলে মানুষ নিষ্প্রভ, হীনবল হয়ে পড়ে। পরোক্ষে তিনি অজস্র যোগান দেন, প্রত্যক্ষভাবে নেওয়ার তাই প্রয়োজনও হয় না।

আমি নিজে নিয়তকমী নই। নিয়তকমী দের প্রাথমিক পর্যায়ে যে জীবন-সংগ্রাম করতে হয় তাও আমাকে করতে হয়ন। নিয়তকমী দের সবচেয়ে বড় বাধা আসে নিজ্ঞস্ব পরিবার থেকেও। স্নী পরে কন্যায়া নিশ্চিত এই স্বেচ্ছাব্ত দায়িয়া ও ভবিষাতের আনশ্চয়তা পছন্দ করেন না। অন্যান্য দিক থেকেও নিয়তকমীর নানা চাপ আসতে থাকে। আশ্রমে আমার শ্রন্থেয় ও প্রিয় এক নিয়তকমী খ্বই উচ্চাশিক্ষিত। প্রথম শ্রেণীর ইনজিনিয়ায় এই দাদাটি খ্ব ভাল চাকরি করতেন। সব ছেড়ে ঠাক্রেয় কাজে লাগেন। কলকাতায় দেশপ্রিয় পাকের কাছে এক জায়গায় আময়া আছা মায়ত্ম। সেখানে এক রবিবারে পরেশদা (ভোরা)-কে নিয়ে গেছি। হঠাৎ এক জয়লাক পরেশদা সংসঙ্গী জেনে তেড়ে এল। তারপর সাংঘাতিক হন্বিতন্বি, আপনায়া ঠক, আপনায়া জোনেচার, আমার জামাইবাব্রেয় সর্বনাশ করেছেন আপনায়া, সংসায়টা ভেসে

গৈছে ইত্যাদি। জ্ঞানা গেল, তিনি উন্ত নিয়তকমীর শ্যালক। পরেশদা তাঁকে অনেক বোঝানোর চেণ্টা করলেন, তিনি অবশ্য সে সব কথায় কর্ণপাতও করলেন না, নিজের উৎমা ও ক্ষোভ প্রকাশ করে গেলেন একতরফা। স্তুত্তরাং ব্রুতে অস্ক্রিবেধ নেই ঠাকুরের নিয়তকমী দের কেমন সব বাধা টপকাতে হয়। টপকাতে যে সবাই পারেন এমন নয়। কিন্তু যারা শক্ত মনের মান্য যারা আপসরফা করেন না, যাদের মধ্যে ঠাকুর সম্পর্কে কোনও শ্বিধা নেই, যারা যেকোনও প্রতিক্লেতার সম্মুখীন হতে অক্তেভেয় তারা কিন্তু রাজা। ঠাকুরের কাজ করতে করতেই ঐশ্বর্য সফলতা আনন্দ ঝে'পে চলে আসে তাঁদের জীবনে।

ঠাক্রকে অন্ধাবন করতে, তাঁকে ব্রে উঠতে আমাদের অনেক সময় লাগবে। তাও তিনি যদি দয়া করে ব্রিঝয়ে দেন তবেই। কিন্তু ঠাক্রের পশ্হায় দাঁতে দাঁত চেপে লেগে থাকতে পারলে ব্রথ-সমঝের পথ খুলে যেতে থাকে।

এখানে সবিনয়ে এবং সন্তপ্ণে একটা কথা বলে রাখি.
ঠাক্রের নিয়তকমী দের অবস্হা আজ কিন্ত্র অনেক ভাল। এতই
ভাল যে, সামান্য চাক্রিজীবীর অজ'নের সঙ্গে তার ত্লনাই
চলে না। ঠাক্রের কাজ যে মান্যের জীবনের অস্তিত্ব ও ব্লিথরই
স্তীর অনুপ্রেরণা এটা আজকের মান্যের ব্যতে ভূল হয় না।
কাজেই ঠাক্রের মান্যকে তারা হাসেম্থে সার্হ ভরণপোষণ
করে কৃতার্থ হন। এই বিংশ শতাব্দীতে স্বার্থপরতার বাতাবরণে
এ জিনিস যখন চোখে দেখি তখন অবিশ্বাস্য ঠেকে। আনন্দে চোখে
জল আসে। মান্য যে শ্রু ঋতিক বা যাজককেই দেয় তা তো
নয়, ওই দেওয়া তার ঠাক্রকেই দেওয়া। আজ একজন ঋতিক
শ্রু ঠাক্রকে মাথায় নিয়ে চললেই দারিদ্র-অভাব-অনটন এক
ঝটকায় কাটিয়ে উঠতে পারেন। তার ঘরে লক্ষ্মী উপচে পড়বে।

মান্ধের মধ্যে দয়াল ঠাক্র অ. ছেন এই বিশ্বাস নিয়ে আমরা যদি মান্ধের প্রতি আমাদের আচার-আচরণ-ব্যবহারকে নিয়ন্তিত করি, তাহলে অদ্বে ভবিষ্যতে আমরা বিপ্লে মানব সম্পদ আমাদের মুঠোর পাব। মান্য ছাড়া তো ঠাক্রের দর্শন এবং যাবতীর কর্মকান্ড পন্ড হবে। স্তরাং মান্যের প্রতি অবহেলা অবজ্ঞা তুচ্ছতাচিছ্ল্য করার প্রবণতা ত্যাগ করা আরও প্রয়োজন।

অর্থ সংগ্রহ আমাদের করতেই হবে। ম্যান মানি মেটেরিয়াল ছাড়া ঠাক্রের বিশাল কর্মযজ্ঞের সম্পাদন সম্ভব নয়। কিন্ত্র ম্যান আগে তারপর মানি ও মেটেরিয়াল। মান্মকে মুখ্য করে নিলে আর দুটো আপনিই আসে। এখনকার দুঃখতাড়িত, মৃত্যু শাসিত, হতমান মান্ম তো ত্রিতের মতো একজন দরদীর জন্যই অপেক্ষা করে। তার রোগে, ভোগে, শোকে, একাকিছে কোনও সঙ্গী নেই, মনের নিহিত গভীর দুঃথের কথা সে কাউকে বলতে পারে না, স্ত্রী-প্রত-পরিবার থাকা সন্তেত্তে তার সন্তার সাথীরা কেউ নেই। এই চিত্র আজ ঘরে ঘরে। এই দুগত মান্মের কাছে খাতিকে বা যাজক আসেন যেন আলোকবিতিকা হয়ে। দরদ সহান্ত্রিত, জীবনীয় কথার সিঞ্চনে জীবন্মত মান্ম যেন ফের সঞ্জীবিত হয়ে ওঠে। ফিরে পায় বাচবার মামলোত। সে তখন দেওয়ার জন্য আক্বল হয়। দিতে পেরে যেন ধন্য হয়। এ শাধের কম্পাবিলাস নয়, এ ঘটনা কতবার ঘটতে দেখেছি।

ঠাকরে অনেক সময় অকিশুনের কাছেও চাইতেন, আবার ধনীর দিকে ভ্রুক্ষেপও করতেন না। তার চাওয়া বা না চাওয়ার মধ্যে সবসময়েই থাকত গভারতর তাৎপর্য। যার কিছু নেই তার কাছে ঠাকরে হয়তো অসম্ভব কিছু আন্দার করতেন। বিসময়ের কথা, সে ঠাকরেকে এনেও দিত তা। তাতে খানিকটা ছিল ঠাকরের দয়া। আর খানিকটা ছিল তার পারঙ্গমতাকে উসকে দিয়ে তাকে উন্বর্শ্ধ করে তোলা। ঠাকরেরের চাওয়ার ভিতরেই থাকত তার দেওয়াও। যে ঠাকরেকে দেয় তাকে ঠাকরে দশহাতে প্রেণ করেন। আমরা যদি ওই প্রেণ করাটকে পারতাম তাহলে আমাদের চাওয়ার মুশ্ধ থাকত। তব্র চাইতে হবেই। কিন্তু তার আগে চাই দরদ,

সহান,ভ্,তি, ভালবাসা, সঙ্গ-নাহচর্য ও সেবা। মান,ষটাকে হাতে পেলে তার সর্বস্বই পাওয়া যায়। যাজন তো একেই বলে। শৃথ্য দীক্ষা দেওয়ালেই যাজন শেষ হয়ে যায় না, দীক্ষার পরেও একজনকে নির্মাত যাজনের মধ্যে রাখা ভাল। তাতে তর বিশ্বাস পাকা হয়, আচার-আচরণে আসে নিরমান,বিতিতা, ভিত্ত ভালবাসাও জেগে উঠতে থাকে। যে যাজন করে তারও উপকারই হয়। নানা কথার ভিতর দিয়ে তার নিজেরও বোধদ,িট খুলে যেতে থাকে, বাড়ে লোকচরির সম্পর্কে অভিজ্ঞতা।

কেউ যদি আমাকে প্রশ্ন করেন. মশাই আপনি তো ঠাক্রর সম্পর্কে খ্রুব বড় বড় কথা বলেছেন, আপনি নিজে কি এসব করেন ঠিক মতো ?

জবাবে আমাকে নতমস্তকে স্বীকার করে নিতে হবে যে, আলস্য গে'তে।মি এবং অন্যান্য ব্যাপারে অতিরিক্ত সময় ব্যয় করার ফলে যাকে ইষ্ণকাজ বলে ত। আমার •বারা বিশেষ হয়ে ওঠে না। নিজের সাফাই গাইবার মুখ আমার নেই। কিন্তু বণ্কিমের সেই যে কথা আছে যে তুমি অধম, তাই বলিয়া আমি উত্তম হইব না কেন? উল্টে বলি, আমি অধম তাই বলিয়া তুমি উত্তম না হইবে কেন? এই সঙ্গে স্বীকার করে নিই, আমি হলাম ভাবের ঘ্রঘ্ব। ঠাক্রর বলেছেন তার জন্য কিছু করতে ইচ্ছে করে না, অথচ খুব ভালোবাসি, এ-কথাও যা, সোনার পিতলে ঘ্রঘ্রও তাই। ব্রুবতে পারি, আমার ভব্তি ভালোবাসা সেই সোনার পিতলে ঘুখুই হয়ে আ । কিন্তু যাদের মুখ চেয়ে প্রথিবীর শুভ বিনায়নের স্বণন দেখাই তারা. আমার ওই সব অকিণ্ডন গ্রের্ভাইরা, ঠাকুরের জন্য জান কব্ল করে যে কোনও কাব্দে ঝাপিয়ে পড়তে পারে। আমার মতো অপদার্থারা স্ব নই দেখে কিছু করে উঠতে পারে না। কিন্তু ইষ্টকাজ করে তাদের শ্রীচরণ দর্শনেও আমার প্রণ্য হয়, পাপ काट्टे ।

ঠাক্রর ভরেরই ভগবান। অবিশ্বাসী অভরের নর। আব সেই ভান্তও হওয়া চাই সকর্মক, অথাৎ ্রায্তের। ঠাক্রে ভাবের ভান্ততে আম্হা রাখতেন না। তার কারণ, ভাব নিয়ে মান্য বেশি দ্বে এগোতে পারে না। তার চরিয়ের গায়েও হাত পড়ে না। মান্বের ভিতরে অনশ্ত ক্ষমতার আকর আছে। আসে স্ব এবং কু দ্ইই। ঠাক্র চান আমরা আমাদের এই সব স্বৃত্ত ক্ষমতা ও গ্লাবলীর বিকাশ ঘটাই। অহৈত্যিক কুপা নয়, নিজের যোগ্যতা, ক্ষমতা ও গ্লাবলীর বিকাশ ঘটিয়ে সাধারণ মান্বও অসাধারণ হয়ে উঠতে পারে। আর এই স্বৃত্ত ক্ষমতা ও গ্লো-বলীকে জাগিয়ে ত্লতেই ঠাক্রের এত চেণ্টা, এত প্রয়াস।

নামধ্যান যজন-যাজন-ইন্টভ,তি, স্বদ্তায়নী, সদাচার, প্রায়শ্চিত্ত এসবগ্রাল নিছক ধর্মী র অনুষ্ঠান নয়। ঠাকুরের দেওয়া এই সব সম্প্ৰে বিজ্ঞানভিত্তিক, বাস্তব নিদান মানুষকে যে কী থেকে কী করে ত্রলতে পারে তার সম্যক ধারণাই আমাদের নেই। ধর্মের ব্যাপারটা ঠাক্ররের কাছে কেবল আচার-অন্তান তো ছিল না, ধর্ম একটি বাস্তব অস্তিবাচক জীবনধারা। জীবনের সব কিছুই ধর্মের আওতায় পড়ে। তার আহার নিদ্রা, মৈথনে, লোক-ব্যবহার অথো'পার্জন সর্বক্ষেত্রেই ধর্মের অনুশাসন মানলে তবেই মান্য শ্ব-ধব্ব-ধ যোগ্য হতে পারে। তারকেবরের মাথায় জল ঢেলে এলাম, কালীঘাটে গিয়ে হত্যা দিলাম, তীর্থ পরিক্রমা করে এলাম, সাধ্-দর্শন করলাম. আর তাতেই জীবনের কৃত কর্মফল কেটে গিয়ে পুনাবান হয়ে উঠলাম, ভাগবত বিধান অত সম্তা নয়। ধর্মকে অত কম ম্লোঁ রুয় করা যায় না। সারা দেশ জন্তে ধর্মের নামে এসব ছেলেমান্ষি আর উদ্মাদনাই চলছে। তাই বৃদ্ধিমান, চিন্তাশীল, লব্ধিক্যাল মানুষেরা এই সব ধর্ম থেকে তফাত থাকেন। এই সব যুক্তিহীন ধর্মাচরণই অনেক মানুষকে নাস্তিক করে ত্রলৈছে। সবচেয়ে দ্বঃথের কথা ধর্মণারুর্বাও আজ্ঞ-কাল শিষ্যের ওপর অনুশাসন চাপাতে দিবধা করেন। আমি অন্যান্য গ্রুর্র কাছে দাক্ষিত বহু মান্যকে প্রশন করে জেনেছি, তাদের খাদ্যা-খাদ্যের বিচার নেই, বণা শ্রম মানার কোনও বাধ্যবাধকতা নেই, এমনকি জ্বপধ্যানেরও স্বৃনিদি'ভট নিয়ম নেই। এ এক ভয়ৎকর ধর্মীয় অরাজকতা। এ-জিনিস চলতে থাকলে অচিরেই মান্ব ধর্মকর্মের অসারতা উপলব্ধি করে এ-পথ আর মাড়াতে চাইবে ষে-ধর্মাচরণ প্রত্যক্ষভাবে মান্যকে মঙ্গল অধিষ্ঠিত করে না, যা মান্বের চারিত্রিক শৃত পরিবর্তন ঘটার না, যা মান্বকে যোগ্য ও দক্ষ করে তোলে না, সেই ধর্ম মৃত্যুর পর ষতই স্বর্গের বা ম্বিন্তর প্রলোভন দেখাক না কেন, ব্যাতে হবে তার মধ্যে বিশাল শ্নাগর্ভ ফাকিবাজি আছে।

এইসব ছন্ম ধর্ম বা ভুয়া ধর্মের হাত থেকে ঠাকুর আমাদের রক্ষা করেছেন। ধর্মাচরণকে এনেছেন মানুষের দৈনন্দিন আচরণবিধির মধ্যে। এবং তা কত কার্যকর, কত ফলপ্রস্ক ও বাস্তব,
মানুষ তা নিজেই করে উপলব্ধি করছে। ধর্ম এক অস্তিবাচক
জীবনচর্চা, তা পরলোকচর্চা নয়। ধর্মের মধ্যেই নিহিত রয়েছে
বিজ্ঞান, দর্শন, সাহিত্য, কাব্য সব কিছু। সারাদিন নিজের স্বার্থ,
নিজের ধান্দা নিয়ে ব্যুস্ত রইলাম, আর তার মধ্যে এক ফাকে একট্ব
ঠাকুর প্রণাম বা মঠ-মন্দিরে প্রজ্ঞা দিয়ে এলাম, এটা ধর্মের নামে
আত্মপ্রবর্গনা।

বর্ম থারণ করে, বর্ম ই রক্ষা করে, ধর্ম ই মলমুক্ত করে মানুষকে।
ঠাকুর মানুষকে যে পথ দেখিয়েছেন তার বিকল্প নেই। তার
কাছে হিন্দুছ, খিন্দটানস্থ, ইসলাম —এগ্রেলার কোনও বিরোধ বা
বিভিন্নতা ছিল না। ধর্ম মানেই জীবনধর্ম —যা সকলের পক্ষেই
জীবনীয়, যা বাঁচা ও ব্লিধর মামলোত। সোজা কথায়, বাঁচতে
চাইলেই ঠাকুর, আর ঠাকুরই ধর্ম। কারণ, ধর্মের সারবন্তা,
তার বরুপে, তার ফলিত বা মুত তাৎপর্য ঠাকুরের ভিতরেই
জাভজ্বলামান হয়ে উঠেছে। ঠাকুর তো কেবল কং মানুষ নন,
কাজের মানুষ। ধর্ম কৈ নিজে হাতেকলমে যেমন পালন করেছেন,
তেমনি শিষ্যদের হাতেকলমে পালন করিয়েছেন। ঠাকুরের বৈশিষ্ট্য
এবং অনন্যতা এখানেই।

॥ ভাছি॥

ঠাক্রের কাছে আমাদের মতো অহৎকারী নাশ্তিক যেমন গেছে তেমনি আবার গেছে স্ববো আচার্যের মতো তৎকালীন তর্ণ ত্বিক'। স্ববো তখন এম এ ক্লাসের ছাত্র। কবি এবং হাংরি জেনাব্রেশন নামে একটি বাধনছে ড়া সাহিত্যগোষ্ঠীর সদস্য। হাংরিরা নৈতিক বোধ বজিত যোনতার ক্লিষ্ট কবিতা বা গদ্য লিখত। এদের বির্দেধ অশ্লীলতার মামলা পর্যন্ত হর্মেছল। স্ববো তাদেবই একজন। কিন্তু কী করে যেন সে হঠাৎ একবার দেওঘরে গিয়ে ঠাক্রের সামনে হাজির হয়ে গেল। ঠাক্রেকে সে জিজ্জেস করেছিল, আমি তো ঘোর পাপী, মদটদ খাই, আন্রবিঙ্গক দোষও আছে, আমার ভিতরটা একদম খারাপ, কী করে কী হবে?

ঠাক্র সম্পেহে তাকে জিজেস করেছিলেন, তোমার মধ্যে ভাল কিছু একট্খানিও নাই কি ?

স্ববো বলেছিল, আছে হয়তো। খ্ব সামান্য।

ঠাক্র বললেন, ওই ভালট্রক্রই বাড়ায়ে তোলো, খারাপ যা কিছ্র পালিয়ে যাবে।

ভালর তাড়নার যে খারাপ পালার এই ধারণাই আমাদের ছিল না। স্ববো দীক্ষা নিয়ে নিল। আজ্ব সে পরম ভক্ত এবং উচ্চ-পদে আসীন। এখন তার চরিত্রে এক চৌশ্বক আকর্ষণও তৈরি হয়েছে, যা বিশ প*চিশ বছর আগেকার স্ববোর ছিল না।

চোখের সামনে এরকম কত দেখেছি।

আমার দীক্ষান্ত জীবনে ঠাকুরকে পেয়ে যেমন চোখের সামনে দিগান্ত খুলে গোল তেমনি পেলাম হাজার হাজার মানুষকে, আপন করে। দীক্ষা না নিলে এই এত মানুষের সঙ্গে আমার কোনও দেখা-সাক্ষাং বা যোগাযোগ হতই না। এটাও এক অসাধারণ লাভ। এই গুরুরভাইদের মধ্যে চাষাভূসো থেকে উচ্চকোটির চিন্তাশীল, দার্শনিক, পদাধিকারীরাও আছেন। এ দের কাছ থেকে যে সাহচর্য, সেবা. সাহায্য আমি পাই তার তুলনা কোথায়? আমার তথাকথিত বন্ধু অনেক আছে, কিন্তু এমন নিঃস্বার্থ ব্কভরা ভালবাসা নিয়ে বিপদে আপদে সংকটে কে এগিয়ে আসে এ দের মতো! সরল হাসিভরা গুরুরভাইদের মুখ দেখলে আমি যত খুশি হই আর কাউকে দেখলে

ততটা নয়। পাথিব জীবনে এ রাই আমার পরম আত্মীর। বিবাহ-পর্ব জীবনে আমার মেসবাড়ি ছিল গ্রেভাইদের আনা-গোনায় মুখর।

সেই সময়ে বঙ্গবাসী কলেজের পদার্থবিদ্যার অধ্যাপক অনিল সরকারদাই একরকম আমাদের গাইড ছিলেন। এই রোগা কিল্তু শক্ত ধাঁচের বর্মিশালের বাঙাল অত্যন্ত জেদী, একরোখা ও নিলেভি মান্ষ। কথাবার্তাও চাছাছোলা। আমাদের প্রায়ই ধ্মক-ধামক করতেন। আবার নিবিড় সাহচর্য দিয়ে ইন্টকথাও শোনাতেন। আন্ডার চেয়ে যাজনই তার প্রিয়।

অনিলদা আমাদের শিথিয়েছিলেন, মাসের একটা নিদিছি তারিখে ইছটভূতি পাঠালেই চলে। তিনিও তাই পাঠান। অনিলদার কথা তখন আমাদের কাছে বেদবাক্য। তার কথামতো আমরাও একটা বিশেষ তারিখ ঠিক করে নিয়ে প্রতি মাসে ওই একই তারিখে ইন্টভূতি পাঠাতাম।

অনেক পরে অবশ্য এই সিম্পান্ত যে ভূল তা ধরা পড়েছিল। কিন্ত্ কথা ২ল, অনিলদার মতো প্রবীণ গ্রেরোনো সংসঙ্গীদেরও কেন এরকম প্রান্তি হয়? যেমন যতীন দাসদা একবার আমাকে বলেছিলেন যে তিনি ইন্ট্ভৃতি পাঠানোর দিন প্রসা গ্রেনগে থে ঠাক্রের আসনে রেখে দেন এবং সেটাই পাঠানো হল ধরে নিয়ে জলটল খান। অথচ যতীতদা ছিলেন থতি। তি । কেন এই সামান্য আপসরফা করতেন?

আসল কথা হল, যত প্রেরানো বা যত অভিজ্ঞই হোক মান্বের মধ্যে স্বাভাবিক কতগর্নল অভিভূতি থাকে। থাকে বিবিধ ছোটো খাটো দ্বর্বলতা। সেগর্নলিকে কঠোরভাবে সংশোধন না করলে ওই রন্থ্রপথেই নানারকম ঝামেলা এসে হাজির হয়।

ঠাকরে যা বিধান দিয়েছেন তা স্পণ্টভাবেই দিয়েছেন, কোথাও কোনও অস্পণ্টতা নেই। তাই ঠাকরেরের বাণী বা বিধির বিকল্প ব্যাখ্যা করা শক্ত। তব্ব কিল্ত্ব আমরা াব সময়ে তার উপদেশ বা বিধি মনে রাখতে পারি না। নিজেদের মতো করে চলি। হরতো ব্রটিটা আপাতদ্ভিতে সামান্যই, তবে ফ্টো ছোটো হলেও নৌকার জল তো ত্কবেই। নিষ্ঠা জিনিসটার যে কত প্রয়োজন তা আজ চব্দিশ বছর ঠাক্রের সঙ্গে চলবার চেন্টা করার পর একট্র একট্র ব্রবতে পারি। এবং এটাও ব্রবতে পারি, অনেক পর্রোনো, ঠাক্রের-সঙ্গ করা মান্বেরও নিষ্ঠার ফাঁক থেকে যেতে পারে। হয়তো আলস্য, হয়তো মনগড়া ধারণা বা অপব্যাখ্যা, হয়তো নিছক উদাসীনতার বশেই সামান্য সামান্য ব্যাপারে তাদের ফাঁক থেকে যায়। শেষে ওই ফাঁক আর সারা জীবনেও ভরাট করে তুলতে পারেন না।

ঠাক্রের পথে চলতে গেলে দরকার হয় সদা সতর্ক তা। চারচোথো নজর না থাকলে স্ক্রের স্ক্রের ভ্লভ্রান্তি ঘটতেই থাকে।
আর এই সব ভ্লভ্রান্তি আমাদের আত্মসমালোচনা বা আত্মসমাক্ষার
অভাবে আর সংশোধিত হয় না। তাই দীক্ষার পরও অনবরত
যাজনম্খর যেমন থাকতে হয় তেমনি যাজিতও হওয়া দরকার।
সোদন এক শ্রেণ্ডের ইন্ট্রাতা বলছিলেন, ঠাক্রের আদেশে নিয়তকর্মী হওয়ার পর যখন তিনি প্রত্যক্ষভাবে ঠাক্রের সংস্পর্শে
এসেছিলেন তথনও ঠাক্রে তাকে বলেছিলেন, প্রফ্লেদার সঙ্গে
থাকতে এবং তার আদেশমতো চলতে। সেই ইন্ট্রাতা এই
ঘটনাটির তাৎপর্য ব্যাখ্যা করতে গিয়ে বললেন, আমরা সবসময়ে
ঠাক্রের মতো ঐশী ব্যক্তিত্বের ভাব বা রকম ঠিকঠাক ব্রে উঠতে
পারি না। তাই যিনি ঠাক্রেকে খানিকটা ব্রেম উঠেছেন বা
জেনেছেন তার সঙ্গ করা দরকার। আমি প্রফ্লেদার সঙ্গ করার পর
অনেক ধাধা ও অস্পন্টতা কাটিয়ে উঠতে পেরেছি।

আমার নিজেরও তাই মনে হয়। একসময়ে বয়োজ্যেষ্ঠ ইন্ট-দ্রাতাদের সঙ্গ অনেক পেয়েছি। লাভবানও বড়ো কম হইনি। আজকাল তাদের সঙ্গ বিশেষ পাই না বলে অনেক সময়ে অনেক ব্যাপারে দিশেহারা পথহারা বোধ করি। ছোটোখাটো অনেক ব্যাপারে আমাদের নানা শিথিলতা থাকে যা আমাদের নিজেদের চোথে ধরা পড়ে না কিন্তু ঝানো ভক্তরা ঠিক তা ধরতে পারেন এবং সংশোধন করে দিতে পারেন। আর এই জনাই ভক্তের সঙ্গ করা শাধ্য ভালই নয় প্রয়োজনও বটে।

ভোরবেলা উঠে নামধ্যানের কথাই ধরা ষাক। রাত জাগি বলে, আমি ভোরবেলা উঠতেই পারি না। বেশির ভাগ দিনেই উঠি, সংবেণিদেরের পরে, ভোরবেলা কোনও দিন ঘুম ভাঙলেও বিছানা ছাড়তে ইচ্ছে করে না। শরীর খারাপ লাগে। আবার বিপদে বা সংকটে পড়লে দেখেছি দিব্যি রাত থাকতে তড়াক করে উঠে নামধ্যানে বসে যেতে পারি, কোনও অস্ক্রবিধেই হয় না। সোজা কথায় মনটা তৈরি হলে, ইচ্ছে জাগ্রত থাকলে শরীর মনেরই দাসান্দাস হয়ে পড়ে। আমাদের মনটা যে কবে ঠাকুর-সই হবে!

দরাল ঠাকুর আমাদের কুসংস্কার, বদ অভ্যাস, মজ্জাগত আলস্য স্বভাবদোষ দ্বে করার জন্য কতরকম ভাবে আমাদের শোধনের পথ বলে দিয়েছেন। একট্ব জড়তা, একট্ব আলস্য, আয়েস ইত্যাদি আমাদের মস্ত বাধা হয়ে দাঁড়ায়।

ঠাক্র নিব্দে অনন্যসাধারণ ছিলেন। কিন্তু তিনি চাইতেন আমরাও তার মতো অনন্যসাধারণ হয়ে উঠি। তিনি এত স্বাভাবিক ছিলেন, এত স্থিতধী যে তাঁকে Abnormally normal বলা হয়। এত বিক্রিক যে সেটাই অস্বাভাবিক বলে মনে হয়। কারণ কোনও মান্যই সব পরিস্থিতিতে অচলাবস্থায় থাকে না, ঠাক্র সব পরিস্থিতিতেই স্বাভাবিক। আমাদের কাছেও ঠাক্র ওরকমটাই চান।

অনেক সময়ে দেখি, একটা উদ্দেশ্য বা চাহিদা নিয়ে নামধ্যান করে তেমন লাভ হয় না, অর্থাৎ সেই উদ্দেশ্য বা চাহিদা ঠাকরে পরেণ করেন না। কেন এরকম হয় তা অনেককে জিজ্ঞেস করেও সদত্তর পাইনি। এক একটা সময় আসে যখন মানসিক এ বাস্তব সংকটে ভীষণ অস্থির হয়ে পড়ি। তখন এমন কাউকে খর্জে পাই না যে সমস্যার সহজ সমাধানের পর্থাট দেখিয়ে দেবেন। আসলে ঠাকরের ব্রথওয়ালা মানুষ আজকাল বোধ হয় হ্রাস পেয়েছে। আমার নিজের কাছে ঠাকরের ছাড়া অন্য কোনও পর্থাই খোলা নেই। কিন্তু ঠাকরের পথে অগ্রসর হতে গিয়ে যেসব ভূলতর্টি আস্যার অজান্তে বা অজ্ঞানতাবশে ঘটে যাচ্ছে সেগর্লাল দেখিয়ে দেবে কে? ঠাকরে নিজে অবশ্য দয়া করে দেখিয়ে দেন, কিন্তু তার আগে ঠেসে বকেয়া নামধ্যান করিয়ে নেন। অনেক জনলায়ন্ত্রণাও দইতে হয়। আময়া, প্রেনানা সংসঙ্গীরাই যখন এরকম বে-দিশা হয়ে যাই তখন নতুন সংসঙ্গীদের তো আরও গণ্ডগোল হওয়ার কথা। স্তরাং এখনই কিছু রাখাল

মান্ব বড়ই দরকার, যারা যে কোনও সমস্যার কথা অনুধাবন করে ইন্টান্ক্ল সমাধানের ইঙ্গিত দিতে পারেন।

ঠাকুরের মতাদর্শ, বিভিন্ন বিষয়ে তার কথিত উপদেশ, নানা জটিল বিষয়ে তার ব্যাখ্যা এই সব নিয়ে ব্যাপক গবেষণাও হওয়া দরকার। বিশেষ করে তার ভাষা ও সাহিত্য নিয়ে গবেষণা শুধু পঠন-পাঠনে সীমাবন্ধ থাকলে চলবে না। কতগর্বল বিষয়ে হাতে-क्लारम् क्रवात मत्रकात रूरव । विवार विषय ठाकृत या वलाइन সেটা निः(ञ्च वा। प्रक नामाञ्चिक नमीका প্রয়োজন। স্বর্ণ, অনুলোম এবং প্রতিলোম বিয়ের ফলে কী কী স্ফল বা ক্ফল ঘটছে তার একটা অন্সন্ধান হওয়া দরকার। প্রয়োজন বাস্তব অনুধাবনেরও। আমরা শুধু বক্তুতা বা মুখের কথায় এগালি প্রচার করি, কিন্তু मुखीन्ज मिर्फ भारि ना। मुखीन्ज धवर श्रमान ना माथिन कर्त्रल विষয়টা ধোঁয়াটে এবং কথার কথা হয়েই থেকে যায়। ঠাকুর-চর্চা भारत रात्र न्यारक जात जवभाष्ठावी भाष প্रजिक्किया घरेरा भारत করবে। ঠাকুর নিজেও চান তার কথাগুরিল যেন আমরা জীবনের সঙ্গে মিলিয়ে নিই। সেগ্রাল যেন আমাদের অলস কল্পনাবিলাস হয়ে না থাকে। ঠাকুরের কাজেরও কিন্তু অন্ত নেই। একবার भारतः रास राता विभाग कर्मयस्य हमारा थाकरव ।

একসময়ে কিছ্ ভুল বোঝাব্ঝি এবং মতাশ্তরের ফলে কয়েকজন ঋষিক আলাদা সংগঠন করেন। আমিও সেই সংগঠনে জড়িয়ে পড়ি। কাজটা যে প্রমান্থক হয়েছিল তা ব্ঝতে আমার অনেকদিন, প্রায় সাত আট বছর লেগে গিয়েছিল। ঠাক্র তখনও দেহে আছেন, তার অন্মত্তি ব্যতিরেকেই এই আলাদা সংগঠন তৈরি হয়। বোধ হয় সেটা উনিশশো সাতর্যাট্ট বা আটর্যাট্ট সাল। গির্ধানতে আশ্রম প্রতিষ্ঠা হয়ে গেল। কিল্কু সেই ইতিহাস অন্য সময়ে লেখা যাবে। প্রসঙ্গটা এল এই কারণে যে ওই সংগঠনে জড়িয়ে পড়ার ফলে ঠাক্রের কাছে আমাদের যাতায়াত একরকম বন্ধ হয়ে গিয়েছিল। শেষ বছরটায় আমি তাঁকে দেখতে যাইনি। ফলে মানসিক ফলেণা ত্পে উঠল। মনটা পাগল-পাগল করে ঠাক্রেরের জন্য। বাধনছে ড়া সেই টান আমাকে আর কল্যাণকে একদিন টেনে নিয়ে হাজির করল তার কাছে।,

সেই সব কথা লিখতে বসে আজও রোমাণ্ড হচ্ছে। সেবার নানাভাবে ঠাক্রের আদর ঝরে পড়তে লাগল আমাদের ওপর। ঠাক্রে যেন সহস্র হাতে আদর করতে লাগলেন আমাদের। তার চোখ থেকে যেন মমতার নিঝার এসে আমাদের ভাসিরে নিয়ে যেতে লাগল। কয়েকদিন আগে রেডিওতে একটি গলপ পড়েছিলাম। গলপটি ঠাক্রকে নিয়ে, তারই জীবনের কয়েকটি ঘটনাকে অবলম্বন করে। ইভাঁশ্রাতাদের গলপটি স্বভাবতই ভাল লেগেছিল। বিশ্দো ঠাক্রকে গলপটির কথা বললেন। ঠাক্র সেকথায় আমল না দিয়ে আমাদের খাওয়া-থাকার ব্যবস্হা করার জন্যে ব্যস্ত হয়ে পড়লেন।

লোকে হরতো বিশ্বাস করবে না কিশ্তু সেইবারই যে ঠাকুরকে শেষ দেখা তা অনপণ্টভাবে বারবার আমি টের পাঢ়িছলাম। অথচ সেবার তার শরীর দিয়ে যেন সবসময়ে দাঁশিত বিচ্ছারিত হচ্ছে। মুখখানা সবসময়ে তার সেই আলোকসামান্য হাসিতে উল্জাল. ভারা স্ক্তিযুক্ত, অনেক কথাও কইছেন। এত ভাল তাকে বহুকাল দেখিনি। রোজ সকালে মানিকপ্রের মাঠে বেড়াতে যান। সেখানে তাস্ত্র মধ্যে বসে দিগণেত্র দিকে চেয়ে আনদেদ উল্ভাসিত হয়ে যান। আমরা তার সঙ্গে দ্বার মানিকপ্রের মাঠে বেড়াতে গিয়েছিলাম।

মানিকপ্রের মাঠে, যেখানে ঠাক্র তাস্ত্র নিচে বসতেন. সেখানে এখন মন্দির করা হয়েছে।

ওই ধ্-ধ্ব প্রাণ্ডরের মাঝখানে টিনার ওপর টেরি পেতে ঠাকরের বসতেন। ভোরের নরম আলো এসে তাকে দপর্শ থরত, আর কী ভালই যে লাগত তখন তাকে ! শরীরের ভিতর থেকে, সন্তার গভীর থেকে যেন এক জ্যোতি বিকীর্ণ হচ্ছে। আমি তো মন্ত্রম্বেশর মতো বসে থেকে শ্ব্ব তার ওই অপর্পের্প দেখেছি দ্বিদন। শিশ্বর মতো এটা কী ওটা কী জিজ্ঞেস করছেন। সভ্যন্তরীণ এক আনন্দে মাঝে মাঝে তার মুখে সেই অপার্থিব হাসি ফুটে উঠছে। হাসির দোলায় দ্বলছে সমস্ত শরীর। এসব যেন দপষ্ঠ দেখতে পাই।

রবিবারও সকালে বেড়াতে গেলেন মানিকপরের। সঙ্গে আমরা। কে জানত সেইবারই শেষবার তার ভ্রমণ। ফিরে এসে যখন পাল্যারে বসেছেন তখন ফাঁক ব্রেথে শৈলেনদা (ভট্টাচার্য) আমাকে আর কল্যাণকে তার কাছে নিয়ে গেলেন। সেই সকালে যে কর্ণাঘন গভার মমৃতার চোখে ঠাক্র আমাদের লেহন করে নিলেন তেমনটি যেন আগে আর কখনও দেখিনি! কী আক্লতা কী ভালবাসা সেই চোখে! মনে হচিছল ছন্টে গিয়ে দ্বিটি পা জড়িয়ে ধরি, হাউ হাউ করে কাদি।

ঠাক্র দ্বারটি কথা জিজ্ঞেস করলেন। প্রসন্নতায়, পর্ণতায় তিনি যেন সেই সকালে উপচে পড়ছিলেন। আর তার অক্ত র্প অত লাবণ্য অত আনন্দ দেখে আমার কেবলই মনে হচ্ছিল, তিনি এবার বোধ হয় আমাদের ছেড়ে চলে যাবেন। দেওঘর অন্ধকার হয়ে যাবে, অধার হবে আমার দ্বিনয়া।

পালারি ছেড়ে বেরিয়ে এসে চারদিকে দিনের আলোর মধ্যেও যে কেন আমি চাপ চাপ অন্ধকার জমাট বাধতে স্পন্ট চাক্ষ্র দেখলাম তার ব্যাখ্যা আমিও দিতে পারব না। লক্ষণগর্বাল ভাল ঠেকছে না, অথচ স্কৃপন্টভাবে এই সব লক্ষণের অথ' ব্রুব তত বোধব্দিও নেই। সারাটা দিন একটা বিষয়তার বাশি বাজতে লাগল মনে। ভাল লাগছে না, কিছ্ই ভাল লাগছে না। ঠাক্র কি চলে যাবেন? আশির ওপর বয়স হয়েছে, শরীর ভেঙে গেছে অনেক, তন্ত্যাগের লগন তো বেশি দ্রে নয় প্রাকৃতিক কারণেই। তব্ ওই মহাপ্রেমী, ওই আমার আত্মার আত্মার, আমার ব্যথা-বেদনা একাকিছে সাথের সাথীয়া যদি চলে যান এই প্রথিবীর প্রবাসে আমি কী করে থাকব?

এত অসহায় লাগছিল, এত বিধ্বর যে, সারাটা দিন যেন বিষাদ-সিন্ধ্বতে মণন হয়ে রইলাম।

বারবার একট্র চোখের দেখা দেখতে পালারির আশেপাশে ঘ্র ঘ্রর করে আসছি। পালার বন্ধ। দেখা হচ্ছে না। দেখা হল বিদায়ের আগের ম্হতের্, রাতে। রাতের গাড়িতে ফিরব, অনুমতি আগেই নেওয়া আছে। শ্বং একবার চোখের দেখা দেখে যাবো তাকে।

দেখা হল। পালারের পাশের দরজা দিয়ে যখন গিয়ে ঢ্কুলাম তখন তার রাতের ভোগ হয়ে গেছে। এবার হয়তো শোবেন। দ্র থেকেই প্রণাম করলাম। তিনি একবার বিস্ফারিত চোখে তাকালেন। চোখে চোখ পড়ল। কে'পে উঠলাম। শেষবারের মতো বিদায় নিচ্ছি তার সালিধ্য থেকে—সেটা যেন খুব ক্ষীণ অস্পন্টভাবে আভাস দিচ্ছে। কিন্ত, পরিষ্কার ভাবে ব্রুবতে পারছি না।

প্রণাম করে বিদায় নিলাম।

ঠাক্রের কাছ থেকে অনুমতি নিয়ে যতবার দেওঘর থেকে ফিরেছি কোনওবারই ট্রেনে কোনও কন্ট পাইনি। জায়গাও পেরেছি বরাবর। কিন্তু এইবার রাতের ট্রেনে জায়গা পেলাম না। কল্যাণ একটা বান্ক জোগাড় করল, আর আমি স্রেফ মেঝের ওপর চাদর পেতে শুরের পড়লাম।

সকালে কলকাতার মেসবাড়িতে পে'ছে ঠাক্রের জন্য এত মন-কেমন করতে লাগল যে কারও সঙ্গে ভাল করে কথাই বলতে পারছি না। অথচ অন্যান্যবার ঠাক্রেবাড়ি থেকে ফিরে ঠাক্রের কথা আর শেষই হতে চায় না। সবাই শ্নবার জন্য উন্মন্থ থাকে। এবার সাবাই ছে'কে ধরেছে, কিন্ত্র আমি যেন কিছ্রতেই উৎসাহ পাছিছ না।

দ্পন্রবেলা স্নান করে যখন ঠাক্রকে প্রণাম করতে গোছ, তখনই ঘটল এক অত্যাশ্চর্য অলৌকিক ঘটনা। ঘটনাটির কথা খোলা-খন্নি বলা যাবে না। বলা উচিতও নয়। কিল্ত্ন ঠাক্রর আমাকে সন্স্পণ্টভাবেই ব্রিয়য়ে দিলেন যে, তিনি আর দেহে নেই। কিল্ত্ন মন কি তা মানে ?

দর্পন্রে থেয়ে উঠে শ্রেছি, চশ্নে এসে কেবল ঠাক্রের কথা বলবার জন্য চাপাচাপি করছে, ঠিক এসময়ে ম্কৃন এসে খবর দিল, এ কী! আপনারা এখনও বসে আছেন! ঠাক্র যে নেই!

যেন নাল আকাশ থেকে অকস্মাৎ বজ্ঞাঘাত। বিহবল সম্মোহিতের মতো উঠে বসল্ম। আপনা থেকেই শরীর ধ্যানের আসনে স্থিত হল। আপনা থেকেই নামজপ শ্রের হয়ে গেল। আর ঠাক্রে শেষ কটি দিনে তার চলে যাওয়ার যেসব আভাস ইঙ্গিত দিয়েছেন সেগ্রলো হঠাৎ প্রাঞ্জলভাবে আমার মাথায় উল্ভাসিত হল। অঝোরে কাদতে লাগলাম।

না, আমি দেওঘর যাইনি। তার প্রাণবন্ত মুখগ্রার শেষ স্মাতির রেশটাকুই আমার থাক, তার মতেদেহ দেখতে যাবো কেন? দর্বল চিত্ত আমি তাই তার শেষকৃত্যে উপস্থিত হইনি। শৃথে এক অন্তর্গত অস্থিরতার নিদ্রাহীন রাত কাটিরোছি। দিনের বেলা উদ্দ্রান্তের মতো পথে পথে ঘ্রেছি। ঠাকুর নেই। ঠাকুরহীন এই প্রথিবীতে কী করে থাকবো? কী করে বে চৈ থাকব তাকে ছাড়া?

ঠাকুর চলে যাওয়ার পর তার স্পর্শা, তার দয়া পাওয়া যাবে কিনা তা নিয়ে অনেকেরই সংশয় দেখা দিয়েছিল। আমারও। ঠাকুরকে প্রত্যক্ষভাবে তো আর সমস্যা সংকটের কথা জানানো যাবে না। এখন তবে কী হবে ?

আমার এই প্রশ্নের জবাব অবশ্য পেতে দেরি হয়নি। একটি ঘটনার ভিতর দিয়ে স্পন্টই বোঝা গেল, তিনি যেমন ছিলেন তেমনই আছেন। তিনি প্রেপ্সন্তা, দেহে থেকে এবং বিদেহী অবস্হাতেও কথনও তিনি অনুপস্থিত নন। ঠাক্রর প্রা পর্পাতি এবং অন্য বারংবার আভাস দিয়েছেন, চার অক্ষরী নামের সঙ্গে তিনি অঙ্গাঙ্গি ভাবে মিশে থাকেন। নামই তিনি।

নামধ্যানের চর্চায় একটা ভাটা ইদানীং লক্ষ করা যায়। এমনিক উৎসবাদিতে, সভায় বস্তারা নামধ্যান প্রসঙ্গে তেমন গ্রহ্ম দেন না। ঠাকুর তার উপদেশাবলীতে কিন্তু বারবার নামধ্যানের কথা টেনে এনেছেন। গ্রহ্মর দেওয়া জিনিস, একবার দ্বার করলে হয় না, চন্বিশ ঘণ্টাই করতে হয়। বলেছেন, হরদম নাম চাই। বলেছেন, পাপ করছিস, তার মধ্যেও নামধ্যান কর। বলেছেন, আটেকাঠে দড় তো ঘোড়ার উপর চড়। কেন বারবার নামধ্যানের কথা বলছেন! কেন বলছেন, যে আজ্ঞাচক্রে গ্রহ্মকে জাগিয়ে নিতে পারে তার কোনও চিন্তা নেই? বারবার বলেছেন নামধ্যানে সব হয়।

ওই চার অক্ষরের স্পন্দনের মধ্যে তিনি যে আছেন তা আমাদের কুট যুক্তিতর্ক দিয়ে বোঝা যাবে না বটে, কিন্তু বিশ্বাস আর চর্চার ভিতর দ্বিয়ে ব্রুঝতে কোন কণ্টই হয় না।

নামধ্যানের প্রতি আগ্রহ মান্বের এমনিতে হয় না, কিন্তু সমস্যায় পড়লে হয়। আমি নিজে যে খ্ব নামধ্যান-পরায়ণ তা মোটেই নয়। দিনের পর দিন চলে যায়, নামধ্যান নামমাত্র নিয়মরক্ষার মতো করে দায় মেটাই। জানি এর ফল ভূগতে হবে, তব্ব আলস্য জড়তা শয়তানের থানা হয়ে গেড়ে বসে থাকে মাথায়। ঠাকয়র-ঠাকয়র মৄরেথ
বতই করি না কেন, নামধ্যানের ভিতর দিয়ে ঠাকয়র-পিপাসা প্রকাশ
না পেলে তার সঙ্গে আমাদের সংযোগই ঘটে না। নামধ্যানই তার
সঙ্গে আমাদের একমাত্র যোগাযোগের রাস্তা। ঠাকয়র যে কত
জায়নত, কত নিকট তা টের পাই যখন তিনি মাঝে মাঝে আমাকে
নানারকম সমস্যায়, জটিলতায়, বিপদে ফেলে দেন। তখন আর
আলস্য-জড়তা থাকে না. সব ঝেড়ে ফেলে পাগলের মতো হন্যে হয়ে
নাম করি। অস্তিতের সংকট, প্রাণের মায়া আর প্রিয়জনের চিন্তায়
তখন শতকরা একশ ভাগ ভারতীতি না হলেও জপ আর ধ্যান
কিছয়টা হয়। আর ওইভাবেই ঠাকয়র বকেয়া নামধ্যানের ফাক বোধ
হয় পরেণ করে দেন।

আমার নিজের নানা ঘাটতি আছে, সেসব লেখার উদ্দেশ্য হল.

যাতে এসব ঘাটতির শিকার হয়ে অন্য গ্রের্ভাইরা কণ্ট না পান।

দযাল ঠাকরে এমনই সব নিয়ম বে'ধে দিয়ে গেছেন যা চতুদি কি
থেকে সব তোভাবে আমাদের রক্ষাকবচের মতো ঘিরে থাকে। রোগ
শোক মৃত্যু-সব কিছুকেই ঠেকিয়ে রাখতে এই সব আচরণবিধি।

শাধ্র তাই নয়, ঠেলে নিয়ে যেতে প্রবল উর্লাতর পথে, সব নিদানই
তার বাস্তবভাবে, সহজভাবে দেওয়া আছে। ফাকট্রক্র হচ্ছে
আমাদের করার মধ্যে। আমি নিজে ফাকিবাজ বলে অনেক সময়েই
নানা ঝঞ্চাটে পড়ে যাই। লক্ষ করেছি, ঠাক্র তার ব্যাপারে
ফাকিবাজি বা গাফিলতি খ্র বেশি দ্র সহ্য ক্রেন না, একসময়ে

| 予製 |

একাশি বছর বয়সে নরলীলা সংবরণ করার আগে পর্যাণত ছেদচিহ্নহীন অক্লাণ্ডকর্মা মানুষ্টিকৈ কখনোই আমাদের পর্যায়ের প্রাকৃত
মানুষ বলে মনে হয়নি কারো। ঠাকুরের এই এক অভ্তুত বৈশিষ্ট্য,
কখনোই কোনো অসতকা মুহুতেও তাঁকে নিতাণত সাধারণ বলে
প্রতিভাত হয় না। ঠাকুরের মধ্যে এই যে সহজ্ঞাত অসাধারণত্ব এটা
নিয়ে অনেক ভেবেছি। কেন ঠাকুর অন্য সকলের চেয়ে আলাদা?
অথচ কী সহজ্ঞ, সরল, কী দীনতায় মাখা তাঁর ব্যবহার! কী সহজ্ঞ
স্কুরেই না কথা বলেন! অনেকটাই গোঁয়ো তাঁর চালচলন আর
কথাবাতা। অথচ আদ্যানত কী সাম্বাতিক রক্মের আধুনিক।
ঠাকুরের মধ্যে বৈপরীত্য ছিল না, কিন্তু সংগ্রিপ্তা ছিল, সমন্বয়
ছিল। সনাতন প্রথা প্রকরণকে ভেঙে না ফেলে তিনি সেগ্রালকে
সংস্কার করে দিয়েছেন। আবার তাঁর প্রবল উৎসাহ ও কৌত্তুল
আধুনিক প্রযুক্তিবিদ্যা ও বিজ্ঞানের নানা গবেষণার প্রতি। এই
কৌত্তুল নিছক তাত্তিক ছিল না।

এই সব সমস্যা এবং বিভিন্ন প্রসঙ্গের মধ্যে যেমন আধ্বনিক মান্বের বিচিন্ন জটিল অন্তর্জগতের উপেমাচন আছে, তেমনি আছে আকাশতত্ত্ব থেকে আধ্বনিক বিজ্ঞানের দ্বের্ণাধ্য তথ্য, চিকিৎসা-বিজ্ঞান থেকে মনোবিকলন পর্য ভাল বিজ্ঞানের কথাও। আমরা তো সর্ববিদ্যা-বিশারদ নই, তাই অতটা ধরতে পারি না। ঠাকুরের প্রজ্ঞার পরিধি অন্মান করার সাধ্য কারই বা আছে? কিন্তু তার মুখ থেকে অকারণেই নিঃস্ত হয়নি তার প্রজ্ঞার পরিচয়। তিনি তো জ্ঞানের অহত্কার প্রদর্শন করতে আসেননি। মান্বেরই নানা প্রশন, বিচিন্ন সমস্যা, অসংখ্য স্থ-দ্বঃখ-নাস তার ভিতর থেকে টেনে এনেছে এশী বাণীনিচয়। যা-কিছ্ব তিনি প্রকাশ করেছেন তার সবই প্রয়োজন ভিত্তিক। অকারণ কোনোওটাই নয়। দয়াল ঠাকুরের সম্বদ্ম বাণী, তার গোটা জীবনদর্শনের ম্লে ছিল তার একটাই আকুতি — মান্বের মঙ্গল। মান্বের মঙ্গলকে ভিত করে গড়ে ওঠা ত্রির

ধর্ম এবং অনুশাসন—তা কিন্তু, মুসলমান খ্রীস্টান সকলের ক্ষেত্রেই সমান প্রযোজ্য। এ শুখু তত্ত্বকথা হয়ে থাকলে ঠাকুর আজকে সকলের প্রাণের ঠাকুর হয়ে উঠতেন না। তত্ত্বকথা আমরা অনেকেই জানি। কিন্তু ঠাকুরের পৃথকত্ব বা বৈশিষ্ট্য আরও জীবনমুখী এক বাস্তববৃদ্দী ভাগবত সন্তার তাই তি ন যা বলেছেন তা হাতে কলমে অক্ষরে অক্ষরে করে দেখিয়েছেন। তার কাছে যে হিন্দু মুসলমান খ্রীস্টান নিজস্ব বৈশিষ্ট্য-সমেত পৃথক হয়েও মুলত একই পরম পিতার সন্তান হয়ে সমদ্ঘির দুর্লভ আলোকে আলোকিত হয়েছে তা তার কাছের যে কোনও মানুষ্ট উচ্চকণ্ঠে বলবে।

ঠাকুরের সম্পদ ছিল মান্য। যেমন ছিল তার মান্যের পিপাসা, তেমনি নিরন্তর ছিল মান্য ও জীবজগতের জন্য তার মঙ্গলাকাৰকা। এই ঘোর কলিকালে ঠিক এরকম সর্বগ্রাসী মঙ্গলচিন্তা আর কারও মধ্যে এতটা প্রকট হয়ে দেখা দেয়নি। দেখা যায়নি ওরকম একঝোঁকা ভালবাসা । ঠাকুরের এই ভালবাসাকেই আমার অলৌকিক বলে মনে হয়। কী করে সবাইকে নিবিশৈষে অত ভালবাসা সম্ভব তা ভেবেই পাই না। ঠাকুরের যা কিছ; প্রজ্ঞা বা জ্ঞান তার সবট্যক্রকেই তিনি উজাড় করে দিতে চেয়েছেন মান্য ও জীবজগতের কল্যাণে। তাই তার জীবনদর্শনের মধ্যে বিজ্ঞান, রাজনীতি, স্বাস্থ্য ও সদাচার সবকিছ ই ওতপ্রোত হয়ে আছে। তাঁর জীবনদর্শনের সবটাকুই তাই ফলিত ও বাস্তবমাখী। ঠা ু বলেন, "সব ভাবেরই রূপ আছে।" এই রূপটিকে একেবারে চোখের সামনে না তুলে ধরা পর্য'নত তার সোয়ানিত নেই । এমনকি ধ্যানে মানুষের যেসব অনুভূতি হয়, সেগালিকেও ঠাকুর বাস্তবায়িত করার কথা বলেন। বিজ্ঞানকে সহায়ক করে নিলে এই সব অনুভূতির রেকর্ড করা যে সম্ভব তারও ইঙ্গিত ঠাকুরের কথায় পাই।

ঠাকরে নিজেই এক উৎসকে বিজ্ঞানী। তার সৎসঙ্গ আন্দোলনের একেবারে প্রথম পর্যায়েই দেখতে পাই তিনি বিজ্ঞানকে সাধীয়া করে নিয়েছেন। তার নির এর উৎসাহ ও প্রেরণায় অখ্যাত গ্রাম বাংলায় প্রতিষ্ঠিত হয়েছিল বিশ্ববিজ্ঞান। বিজ্ঞানের অভিসার কোন দিকে হওয়া উচিত? অবশ্যই বিজ্ঞানকে হতে হবে মানুষের সর্কৃবিধ কল্যাণের আয়ুধ। তার উদ্দেশ্য হবে নিরাময়, স্বিষ্ঠিত,

উপযোগ ও প্রয়েজনের অনুপ্রক। এবং অবশাই গভীর ও অতন্দ্রভাবে জগৎ ও পারিপাশ্বিককে বাশ্তবভাবে ব্যাখ্যা করা। আজকাল অনেকেই বিজ্ঞানকে ঈশ্বর বা ধর্মের শানু বলে ধরে নেন। এ প্রবণতা তরল বৃশ্ধির পরিচায়ক। বিজ্ঞানের উশ্ভবই হয়েছিল ধর্মের অঙ্গ হিসেবে। ধর্ম মানে তো জ্বীবন। যে বঁস্তৃবিশ্ব আমাদের ঘিরে আছে তাকে জানতে গিয়েই বিজ্ঞানের উশ্ভব হল। ঠাক্রর নিজে ছিলেন বিজ্ঞানের একজন নিবিড় অশ্তরাসী। বিজ্ঞান-চচণাকে তিনি কতথানি গ্রুব্ধ দিতেন তা তার বিস্তৃত কর্মকাশ্ডে ছড়িয়ে রয়েছে।

ঠাক্র তার জন্মভ্মি হিমায়েতপ্র প্রামে তৎকালে বিশ্ববিজ্ঞান নামে একটি বৃহৎ গবেষণাগার তৈরি করেছিলেন, নানা
বিষয়ে বিজ্ঞান চর্চার জন্যই। একজন ধর্ম গ্রের্র পক্ষে এ ধরনের
কাজ বিরল। শৃধ্ব গবেষণাগার প্রতিষ্ঠাই নয় তাতে নানা ধরনের
গবেষণা সাফল্যের সঙ্গে হয়েছেও। এ ব্যাপারে ঠাক্রের মনত
সহায়ক ছিলেন বিজ্ঞানসাধক কৃষ্ণপ্রসন্ন ভট্টাচার্য। তিনি বিজ্ঞানের
উজ্জ্বল ছাত্র ও গবেষক ছিলেন। সেদিকে হয়তো তার বিশাল
সাফল্য আসতে পারত। কিন্ত্র সেদিকে বাওয়ার মন
হয়নি তার, ঠাক্রকে অবলম্বন করে তার সঙ্গেই জড়িয়ে নিলেন
জীবন। বিজ্ঞান অর্থাৎ শ্রুকনো বিজ্ঞান তাকৈ হয়তো অর্থ ও যশ
দিতে পারত। ঠাক্রকে জড়িয়ে নিয়ে তিনি পেয়ে গেলেন মহাবিজ্ঞান
তথা জীবনবিজ্ঞান। জীবনকেও ধরতে পারলেন, বিজ্ঞানও তার
সঙ্গে রইল। ঠাক্র তাকৈ দিয়ে নানা ধরনের গবেষণা করিয়েছেন।
রাসায়ন, পদার্থবিদ্যা কিছুই বাদ দেননি।

বিজ্ঞানের মধ্যেও সেই ধারণ-পালনী সন্বেগময়ী ধর্মকেই দেখতে পাই আমরা। ধর্ম তার নিয়ামক না হলে বিজ্ঞানকে জীবন-মুখী অন্তিব্যাধ্যমুখী করে ত্রলবে কে? শাতনপশ্হীরা বিজ্ঞানকে যে মারণাস্য তৈরি এবং অন্যান্য বিধ্যাস্তির সেবায় লাগাচেছ সৈ প্রবণতাই বা ঠেকানো যাবে কী করে? বিজ্ঞান এক নিরপেক্ষ শাস্তি। তাকে জীবনমুখী কাজে যেমন নিয়োজিত করা যায়, তেমনি মারণযজ্ঞেও তাকে ব্যবহার করা যায়। সমস্যা হল ব্যবহারকারীকে নিয়ে। মানুষ তার মাসত্তক এবং মেধা দিয়ে

বিজ্ঞান ব্যবহার করে। মেধাও কিল্তা এক নিরপ্রেক্ষ শক্তি। শা্ধা মেধাবা ব্লিধব্তির মধ্যে কিন্ত্র প্রেম-ভালবাসা-আবেগ বা মঙ্গল-ম্বা সন্বেগ থাকে না। তাই এই মেধারও প্রহরী দরকার। একজন মশ্ত বৈজ্ঞানিক অন্মৃদধান ও গবেষণা করতে করতে व्यादिकादात मृत्याम् । किन्तु বৈজ্ঞানিক তার ওই আবিষ্কারকে উপেক্ষা বা অগ্রহ্যে করতে পারেন না। আইনস্টাইন বা তার মতো আরও কয়েকজন প্রাতঃস্মরণীয় বিজ্ঞানী বিজ্ঞানের এই দিক্টির প্রতি অত্যুক্ত অনুভূতিশীল ছিলেন তাদের আবেদনে অবশ্য কাজ হয়নি। বিজ্ঞানকে রাণ্টশান্ত কাজে नागिरसरह धरशाञ्चक, भारतभारी यरखा। विखानरक कारझ नागारना হয়েছে ব্যবসায়িক দুনী তিতে, যুক্তিহীন অপচয়ে। বিজ্ঞানকে তাই ধর্মানতরিত করার প্রয়োজন দেখা দিয়েছে । ব্রথা আবিষ্কারে তাকে কাব্দে লাগানোর চেয়ে মানুষের সেবায়, মঙ্গলে কী করে তাকে বাবহার করা যাবে সেটাই ভেবে দেখা দরকার। বিজ্ঞানী যদি ধর্মের শ্বারা নিয়ন্তিত হন, যদি অস্তিব্যাশ্বর অনুশাসনই তার নিয়ুক্তা হয় তবে অচিরে বিজ্ঞানের জাদ্বকরী প্রভাবে প্রথিবী স্কুদরতর হয়ে উঠতে পারে। বিজ্ঞান নিয়ে আসতে পারে স্বঙ্গিত, আরোগ্য, জ্ঞান ও সাবি ক মঙ্গল। ঠাকুর বিজ্ঞানকে সেই-ভাবেই নিয়েঞ্চিত করেছেন। সেইভাবেই চালনা করেছেন তার বিশ্ববিজ্ঞানকে। তার অনুগামীদের মধ্যে বিজ্ঞানের মান্য বড়ো কম নেই। কিন্তু, জ্বীবনের মন্যান্য ক্ষেত্রে তাদের অভিজ্ঞ করে তুলতে ঠাকুর পিছপা হননি। তাদের নিয়োগ করেছেন লোকসেবামলেক কাঞ্জে, পাঠিয়েছেন যাজনে, ভিক্ষায়, করে ত্বলেছেন ধ্যানী ও প্রেমী। আর ঐভাবেই জীবনের সঙ্গে মিলিয়ে অদিতব:শিধর অনুগ হয়ে তারা, বিজ্ঞানের সারকে ব্রত চেটা করেছেন।

বিজ্ঞান ধর্ম মানে না, ঈশ্বর মানে না এমন একটা ধারণা প্রচলিত আছে। বিজ্ঞান বা প্রমাণ করতে পারে তা-ই বিজ্ঞানের সত্য। তাই বিজ্ঞান অনুমানভিত্তিক বা বিশ্বাসন্তি. এক নম্ন, এ কথা তো সবারই জ্ঞানা। কিশ্ত্ব বা বিজ্ঞানের জ্ঞানা নেই তাকে অবিশ্বাস বা অস্বীকার করাও বিজ্ঞানের ধর্ম নম্ন। ঈশ্বর আছে কি নেই তা বিজ্ঞানের পরিধির বাইরের ব্যাপার, বিজ্ঞান সেই কারণেই আদিতকও নয়, নাদিতকও নয়, বিজ্ঞানকে মানুষের মঙ্গলের কাজেনিয়াজিত করা এবং শাতনপণ্থী প্রয়োগ প্রতিরোধ করাই মানুষের ধর্ম হওয়া উচিত। ঠাকুর বিজ্ঞানমনদ্দ ছিলেন, বিজ্ঞান-সদ্পর্কিত প্রসঙ্গও বারবার তার আলাপচারিতে এসেছে। সংগঠন করলেন প্রযুক্তিবিদ্যার। কৃটিরশিশ্পকে উন্নীত করে তুললেন এমনভাবে যাতে সংসঙ্গে উৎপন্ন দ্রব্যাদি বৃহৎ শিল্পের সঙ্গে টকর দিতে পারে। সংসঙ্গের প্রযুক্তিবিদরা বিজ্ঞা তৈরি থেকে নানা কাজের ঠিকাদারি নিয়ে যোগ্যতার সঙ্গে সেই কাজ সদ্পন্ন করেছেন। একসময়ে সংসঙ্গের গেঞ্জির খুব নাম ছিল। কিন্তু ব্যবসা বা বিজ্ঞান কোনোটাই ঠাকুরের উদ্দেশ্য তো ছিল না, তাই সংসঙ্গকে তিনি ব্যবসাপ্রতিষ্ঠানে পরিণত করেননি। কিন্তু মানুষকে যে প্রায় শ্রুডা থেকে কেবলমাত্র যোগ্যতাকে উন্স্কে দিয়ে অনেকখানি করে তোলা যায় তা তিনি পরীক্ষাম্লকভাবেই দেখিয়ে দিয়েছেন।

ঠাকরে যখন দেশভাগের এক বছর আগে দেশ ছেড়ে দেওঘরে চলে আসেন তখন ইচ্ছে করেই সঙ্গে কিছ্ই নিয়ে আসেননি। যা কিছ্ নির্মিত হয়েছিল, যা কিছ্ সঞ্জিত হয়েছিল সবই হেলাভরে ফেলে রেখে এসেছিলেন। দেওঘরে আবার তাকে গোড়া থেকে শ্রের করতে হয়েছিল। আর সে কা কটে! তার ওপর ছিল স্থানীয় কিছ্ লোকের হিংপ্র বিরোধিতা।

কেন এভাবে সব ছেড়ে দিয়ে আবার নতুন করে শ্রু করলেন ঠাক্র? এর কোনো প্রাঞ্জল ব্যাখ্যা আমার কাছে নেই। অবশ্য এটা ঠিক যে দ্রদশী ঠাকুর অনেক আগেই ব্রুবতে পেরেছিলেন যে, দেশ ভাগ হবেই। তাই এক বছর আগেই তিনি দেশ ছেড়ে চলে এসেছিলেন। কেন দেওঘরে? তার কারণ বোধ হয়, বিহার-বাংলার সীমানত অঞ্চলকে ঠাক্র বরাবরই পছন্দ করতেন। এই সীমান্তেই তিনি চেয়েছিলেন তার বঙ্গ-মাগধ পরিকল্পনা র্পায়ণ করতে। স্কার সেই উদ্দেশ্যেই বর্ধমানের রামকানালীতে তার ইচ্ছে ছিল হিমাইতপ্রে গড়ে তুলতে। বিহার-বাংলা সীমান্ত অঞ্চল কেন তার প্রিয়, তা হয়তো আমাদের এমনিতে ব্রে ওঠা কঠিন। কিন্তু তার সমন্ত পরিকল্পনার পিছনেই সবসময়ে থাকত স্কৃচিন্তিত যুক্তিসিন্ধ বিচার।

মানুষকে দক্ষ. যোগা ও মানসম্পন্ন করে তোলাই তার উন্দেশ্য ছিল বলে তিনি কে'ন মানুষকেই উপেক্ষা করেননি। নিবাধি, আতি চত্রর, ঠকবাজ, ধান্দাবাজ, মিথ্যাচারী, সন্দ্রাসবাদী, চোর, বাটপাড়, খুনী, গুন্ডা যারাই এসেছে তার কাছে বা তাকে যারাই ভাঙাতে চেয়েছে নিজের স্বার্থ সিন্ধি করতে তিনি তাদের কাউকেই প্রত্যাখ্যান করেননি। এই যে নানারকম মানুষ, এদের নিয়েই ছিল ঠাক্রের আশ্চর্য সংগঠন। আর এই সংগঠনের ভিতর দিয়ে একদিকে যেমন মানুষ ঐক্যবন্ধ হয়েছে তেমনি তৈরি হয়েছে একটি আদর্শ সমাজের চেহারাও। সংগঠনকেও আবার ঠাক্রে প্রধান করে তোলেননি, কারণ সংগঠন প্রবল হলে ব্যাণ্ট অপ্রধান হয়ে পড়ে। মনে রাখতে হবে সমণ্ডির চেয়ে ব্যাণ্টকে তার বৈশিন্ট্য অনুযায়ী ঠাক্র পাত্তিক কবতে চান। ব্যাণ্টকে সেই প্রয়োজনের উপকরণ জোগাতে এবং তার যোগ্যতাকে উপেক তুলতেই সংগঠন। ঠাক্র নিজে এই সংগঠনের শীর্ষদেশে থেকেছেন বটে, কিন্ত্র ব্যান্থ তিনিই সকলের আঞ্বর্ধণের মূল লক্ষা।

যিনি একটি মানুষের জন্য সাম্যাজ্য হারাতেও প্রস্তাত তার পক্ষেই এটা সম্ভব।

মান্ধের প্রতি এই তীর আপসহীন নিঃশত' ভালবাসাই তাঁকে এমনতরো আকর্ষণীয় করে তালেছে যে নাম্তিকও ত'ব কাছে এসেছে চাম্বকের টানে। এসেছে ভিন্ন মতাবলম্বী মান্ধ। এসেছে তার ঘোরতর নিম্বক এবং বিরোধীরাও।

সত্য বলতে কী, আমি নিজেও তার প্রতি একসমরে প্রবল বিশ্বেষ ভাবাপন্ন ছিলাম। দেখার অনেক আগে থেকেই তার সম্পর্কে নানা অপবাদ শানে আমার মনোভাব বিশ্বিষ্ট হয়ে উঠিছল। কিন্তুর যথন তাকৈ প্রথম দেখি, তখনই, অথাৎ প্রথম দর্শনেই যেন এক স্রোতোময়ী প্রা জলধারায় অবগাহন করে উঠলাম, তার প্রতি আমার সমস্ত বিশ্বেষ ধ্রে গেল। শাসলে তার অমল ধ্বল চরিত্রের বহিঃপ্রকাশ তার স্বাজি সর্বদাই প্রোষ্ট্রকল থাকত। খাটি মান্ত্র্য বিশি তাকে কখনো চেট্টা করে ভাল সাজতে হয় না। তার অসিত্রই তার প্রতি গোটা জগৎকে আকর্ষণ করতে থাকে।

ঠাক্রকে প্রত্যক্ষ করা মানেই এক মহা পর্ণ্য কম'। এক বিরক্ষ অভিজ্ঞতাও বটে। তাকে দেখবার আগে আমি তার সমত্বল আর কাউকেই দেখিনি। দেখামান্ত মনপ্রাণ আশা-ভরসা নির্ভরতায় ভরে উঠতে থাকে।

ঠাক্রের সঙ্গে আমার বাক্য বিনিময় হয়েছে সামান্যই। আমি
লাজ্বক এবং কুণিঠত-স্বভাব বলে এবং তিনি সর্বাদাই নানা মান্যের
ভিড়ে আবন্ধ থাকেন বলে তার খ্ব ঘনিষ্ঠ হওয়ার স্যোগ আমি
কখনে পাইনি। কিন্ত্ব সর্বাদাই মনে হত, তিনি আমাকে যতটা
ভালবাসেন ততটা কেউ কখনো আমাকে বাসোন। কেন এরকম মনে
হত তা আমি আজও ব্যাখ্যা করতে পারিনি। আসলে এই প্রেমভালবাসাহীনতার যুগে আমরা ভালবাসার স্বর্পটাকে চিনতেই
আর পারি না। তাই হঠাৎ অমল ধবল ভালবাসার আক্সিমক স্পর্শ
পেলে কেমন যেন হয়ে যাই। ঠাক্র যে অত মান্যের মধ্যেও
আমাকে ভালবাসছেন তা কেমন করে টের পেলাম অনেক ভেবেও
তার ক্লোকনারা করতে পারিনি। কিন্ত্ব বারবারই সেই ভালবাসার
চিকিত স্পর্শ আমাকে অনেক দুর্গতি থেকে টেনে এনেছে।

নিজের মা-বাবাকে আমি ভীষণ ভালবাসি। তারাও আমার চার ভাই-বোনের মধ্যে আমার প্রতি একট্র বেশি দেনংশীল। তাদের চেয়েও বেশি আমার প্রতি কারও দেনহ ভালবাসা আছে বা থাকতে পারে এটা আমার কাছে কল্পনার অতীত ছিল। ঠাক্রের কাছে গিয়ে আমি এরকম এক অসম্ভব সত্যকে আবিষ্কার করলাম। স্পন্টই টের পেলাম আমার প্রতি ঠাকুরের ভালবাসা মান্ষী সব সীমারেখাকে ভেঙে দিতে পেরেছে। ইনি আমার মায়ের চেয়েও আমাকে বেশি ভালবাসেন। ঠাকুর সম্পর্কে এই বোধটা যথন হল তখনই মনটা আত্মধিকারে ভরে যেতে লাগল। তিনি বাসেন কিন্তু কই আমি তো তাকে ততটা ভালবেসে উঠতে পারছি না!

এই যে ভালবাসার প্রতিদান, এইটেই সবচেরে কঠিন কাজ। ঠাক্রের ওপ্রর আমাদের একধরনের টান বা ভালবাসা হয়তো ২য়, কিম্তু ঠিক সেইরকমটা সহজে হতে চায় না যাতে পঙ্গ্ব গিরি লণ্খন করতে পারে, বা দর্বনিয়া ওলট পালট করে দিতে পারে একজন সাধারণ মান্যও।

ঠাক্র জানতেন সহজে এটা হয় না। তাই তিনি ভালবাসার একটা সহজ বাস্তব শিক্ষা দেওয়ারই চেণ্টা করেছেন। ঠাক্রের সাধনা এই ভালবাসা বা প্রেমেরই সাধনা। এই সাধনার ভিতর দিয়েই ধীরে ধীরে ভালবাসা জম্মায়।

ঠাকুরের অলোকিকত্ব আমার চোখে এইখানেই। শন্যে মল্যেকে প্র্ণি মল্যে র্পান্তরের এমন জাদ্কোঠি আর কারো হাতে আছে বলে তো আর্মার জানা নেই।

এই যুগে সব দেশে সব রাশ্টেই বান্তি-মান্ধের এক অসহায় অবস্থা। রাশ্ট্যন্ত কাজ করে সমন্টিগত মান্ধের জন্য। আর সমাজ বলে যা ও বা একটা কিছ্ ছিল তা ক্রম-অবল পিতর পথে। সত্বাং ব্যক্তি মান্ধের আশ্রয় এখন নিজস্ব পরিবার এবং নিজস্ব গণ্ডি। তার অস্বচ্ছ দৃষ্টি এবং জ্ঞানের অভাব তাকে প্রতিনিয়ত নানা সমস্যা ও অসঙ্গতির মধ্যে ফেলে দিচ্ছে। তার কথা শোনার কেট নেই, তাকে তেমনভাবে ভালবাসার কেট নেই। এই অসহায় ব্যক্তি-মান্ধিট নিজের সঙ্গে গোটা প্থিবীর সম্পর্ক স্বেটি খ জে পায় না। এই ব্যক্তিই হল ঠাকুরের লক্ষ্য। ঠাকুর সমন্টিকে নিয়ে যত না ভেবেছেন তার চেয়ে বৈশিন্টামানিক প্রতিটি ব্যক্তিকে নিয়ে ভেবেছেন অনেক বেশি। আর ব্যক্তির সঙ্গে সমাজ তথা পরিথবীর এবং গোটা জগৎ-জীবনের সম্পর্ক স্থাপনের ত্কেটিও দিয়ে গেছেন আমাদের হাতে। ঠাকুর উপলব্ধি করেছেন মান্ধকে তার ক্পেন্মণ্ডক ও স্বার্থপির জ্লীবন থেকে মাক্ত না করে। তাকে বৃহত্বে প্রতিনিঠত করা সম্ভব নয়।

শতবর্ষে পা দিলেন ঠাকুর, উনিশ বছর আগে সংবরণ করেছেন মানবলীলা। পিছনে রেখে গেছেন ঘটনাবহুল, বর্ণাঢ়া একাশি বছরের এক প্রবল আরু কালের দ্বরুত স্মৃতি। ঠাকুরের এই আরু কালকে আরও বহুকাল ধরে বিচার ও বিশেলষণ করা হবে। তার দর্শন নিয়ে হবে বহুল গবেষণা। ভাবী প্রথিবীতে ঠাকুরের দর্শন যখন গৃহীত ও ব্যাখ্যাত হবে তখন মানবসমাজের একটা আম্লে পরিবর্তনও আমরা আশা করতে পারি। তার কারণ ঠাকুর যা দিয়েছেন তা ধরার মতো, বোঝার মতো অতিম্যিত্তক আমাদের কারোই নেই। এক প্রজশেম ঠাকুরের গোটা জীবনদর্শনিটা অন্বয়সহ ব্রুঝে ওঠা বাশ্তবিকই এক অতিশয় কঠিন কাজ।

ঠাকুরের জীবনদর্শনের যে অভিনবত্ব আমাদের হতচ্চিত করে **रम**य जा रन मन किছ्रत मर्म युक्त करत कारना किছ्रक रम्था। এই যে অন্বয়বোধ এ প্রায় লোপাট হয়ে গেছে প্রতিথবী থেকে। এ হচ্ছে স্পেশালাইজেশনের যুগ। ফলে আমরা যে কোনো বিষয়কেই র্থান্ডত ও বিচ্ছিন্ন করে দেখতে অভ্যন্ত হয়ে গেছি। আর এই করতে গিয়ে আমরা কোনো একটা বিষয়ের সঙ্গে অন্য বিষয়ের যোগসত্র কোথায় তা আর ভেবেও দেখি না, জানতেও পারি না। ঠাকুরেরই একমাত্র একটি সার্বিক দু ভিটভঙ্গি ছিল। বিচ্ছিন্নভাবে কিছ্ম দেখতেন না. দেখতেন তার পশ্চাৎপট এবং অন্বয়সহ। রসায়ন নিয়ে কথা হচেছ কিন্ত, প্রাস্থিতাকভাবে भाष[®] विमादि वानरा हुन । সহায়ক হিসেবে প্রাণিবিদ্যা, নতেন্ত্র এবং আরো কত কী। দেখা গেল গোটা জিনিসটাই এক অচ্ছেদ্য সম্পর্কে বাধা। এই সার্বিক দৃষ্টি ছিল ঠাকুরের মানুষের প্রতিও। কোনো মানুষই নিছক হঠাং জন্মায় না, বংশগতির ধারা অনুযায়ী। এক বিশেষ কালসীমায় সে প্রথিবীতে আসে এবং অবস্হান করে। তাছাড়া আছে বিবিধ কর্ম ও অভিভ্রতি, যা তার জীবনকে নিয়ন্তিত করে বা চালার। ঠাকরে তাই একটি মানুষকে

দেখতেন তার গোটা পশ্চাৎপটসহ।

ঠাকুরের কাছে গিয়ে যে ক'বার বসবার দ্ল'ভ স্থোগ হয়েছে ততবারই দেখেছি নির্নতর জ্ঞানচর্চাই হছে। কত বিষয় নিয়ে যে আলোচনা হত তার হিসেব নেই। আবার আর্ত'-আতুর সংকটাপন্ন রোগাক্রান্তদেরও নিদান দিতে হত নির্নতর, বোকা পাগল বায়্গ্রন্ত মতলববাজদেরও অভাব ছিল ন।। তার এই ধৈর্যশাল সহান্ত্তি এবং প্রতিটি মান্ষের প্রতিই তার অখাড মনোযোগ কোনো মান্ষের পক্ষেই সম্ভব বলে আমার জানা ছিল না। এটা সম্ভব হয় একমাত্র গভীর ও ব্যাপক ভালবাসা থেকে।

ত্যাগবাদ, কৃচ্ছ্রসাধন, সন্ন্যাস ইত্যাদি তথাকথিত ধর্মীয় আচার-আচরণকে ঠাক্রর তেমন মূল্য দেন না। যোগ মানে কোনো কিছুতে বা কোনো কারও প্রতি সক্রিয় অনুরাগ নিয়ে যুক্ত হওয়া। আর এই অন্রাগটিই হচ্ছে সবচেয়ে গ্রেড্পর্ণ। এই অন্রাগ থেকেই স্বতঃস্ফুর্ত ভাবে জীবন ও চলনায় আসে জোয়ার। আর এই অনুরোগটিকে জাগ্রত করতে হলে এবং নিরন্তর প্রবহমান রাখতে হলে যা করতে হয় তাই সাধনা। গ্রের ভিন্ন যে অন্য কোনো পশ্যা নেই, এটা সব শাস্তের. সব ধর্মেরই মত। ভিতর দিয়েই ঈশ্বর-সন্ধান করতে হয়। নরদেহে তিনিই নারায়ণ, তিনিই ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। আবার সেই গরে যদি হন সর্বজ্ঞ গরের পরের্যোত্তম তাহলে তো কথাই নেই। ঠাকুরের কাছে যখনই গিয়ে বর্সেছি তখনই অদ্রান্ত ৬...ভব করেছি, আর সকলেই তার কাছে নিষ্প্রভ। যোবনকালে ঠাকুর কেমন হাটতেন তা আমি দেখিনি তবে অনেকে তো দেখেছেন। বলেন তার হাটা ছিল ভেসে ভেসে চলার মতো। আর হাটতেন অতি দ্রত । সর্বদাই তার চোখ থাকত সামান্য উধর্বমুখী ৷ তার সাধন ভজন বা সিম্পিলাভের আলাদা কোনো প্রক্রিয়া ছিল না, খুব সহজ ভাবেই তিনি ভজমান ছিলেন অর্থাৎ নিরুত অচিছর নামময় এবং ভাবময়। ঠাকুরের এই লক্ষণগৃলে নিভূলভাবে নির্দেশ করে তিনি আসলে কে এবং কী, কোমলে কলেরে সরলে জটিলে রসে বশে তিনি থেমন এক অনন্য মানুষ, তেমনি জ্ঞানে সর্বজ্ঞত্বে ক্ষমতায় পুরুষোত্তম।

অনেক চিন্তাভাবনা করেও আমি এই রহস্যমন্ন ব্যাপারটিকে আজও ঠিক ব্রুতে পারি না। ঠাক্রেরের সঙ্গে আমার কথা হয়েছে সামান্যই। তাকে কখনো স্পর্শ করিনি, তার জামাক সাজা বা অন্যান্য সেবা পরিচর্যার স্বোগও কখনো হয়নি। তিনি আমার লোকিক অর্থে অনাত্মীয় বয়সের ব্যবধান অনেক, তব্ব কী আন্চর্য এক মোহ আমাদের অবিরল টানে তার দিকে।

কথা বলা যায় তার মৃতি আর ছবি নিয়ে। ঠাক্রের এই সবম্তি বা ছবি পরবতী প্রজন্মের প্রধান অবলম্বন হবে, কেননা তারা তাঁকে চোথে দেখেনি, তার কথা শুনতে পায়নি এবং তার ঐশী ব্যক্তিত্বের সংস্পর্শেও আসেনি। ঠাকুর বহুবার বলেছেন নাম ও নামী অভিন্ন। ঠাক্রে এই ভরসা ও আশ্বাস আমাদের দিয়েই রেখেছেন, যে ওই চার অক্ষরী বীজ-নামের মধ্যেই তিনি নিহিত্র রয়েছেন। স্তরাং পরবতী প্রজন্মের যারা, অর্থাৎ যারা তার্কে চাক্ষ্ম্য করেনি তাদের কাছেও তিনি অপ্রকট নন। যারা ঠিক্মতো নামধ্যান করে তাদের কাছে তিনি অপ্রকট নন।

কথাটার মধ্যে হয়তো একট্ব অলোকিকের ইঙ্গিত রয়ে গেল। ঠাকুর তো মিরাকল পছন্দ করতেন না। কিন্তু এটাও ঠিক ষে নামধ্যান করলে এমন একটা তৃতীয় নয়ন খুলে যায় যার ভিতর দিয়ে অনেক স্ক্র্যাতিস্ক্রে দর্শন ও অনুভূতি হতেই থাকে।

জগতে তিনি একটা রূপ ধরে আসেন ঠিকই, কিন্তু তার একটা রুপাতীত রুপও তো আছে। যারা তাকে চোখে দেখেছে তারা তার লোকিক রুপটি ধ্যান করতে করতে রুপাতীতের দিকে যেতে পারে। যারা দেখেনি তারাও পারে। আসল হল ওই নাম, তার কাছে উপনীত হওয়ার ওই একমাত্র চাবিকাঠি।

বিশ্ব্সীস্ট নেই, হজ্পরত মহম্মদ নেই, ব্যুখদেব নেই, চৈতন্যদেব নেই, রামকৃষ্ণদেব নেই, অথচ না থেকেও কত প্রবলভাবেই না তারা আছেন।

ঠাকুর তার মানবলীলা সংবরণ করার পরই আমি কিছ্বদিন খ্ব অসহায় বোধ করেছিলাম। মনে হয়েছিল, আমাকে সঙ্গ দেওয়ার, সাহায্য করার, সাম্থনা দেওয়ার আর কেউ রইল না। ভারী নিঃসঙ্গ লাগত, ভয় পেতাম। ঠাকুর চলে যাওয়ার মাস দ্রেকের মধ্যেই একটি অশ্ভূত ঘটনার ভিতর দিয়ে ঠাকুর জানিয়ে দিলেন আমাকে, তিনি দেহাতীত হয়েছেন বটে, কিন্ত্র অনুপশ্হিত নন। এই ঘটনার ফলে আমি নিশ্চিন্তর শ্বাস ছেড়েছিলাম। ঘটনাটির বিবরণ দেওয়াটা ঠিক হবে না, সব কিছ্ব প্রকাশ করতে নেই বলেই।

ঠাকুর নিজেই প্রাপর্থতে বলেছেন, মরলেই তিনি চলে যান না। দেহে থেকেও তো তিনি দেহাতীত ছিলেন। নইলে ধানে ধরা দিতেন কী করে ভক্তের কাছে? কী করে নির্জান বিজনে বিপন্ন ভটের কাছে পেণীছে যেতেন?

ঠাকুরকে নিয়ে এক অলোকিক কিংবদনতীর ঘেরাটোপ আছে। তার সম্পর্কে যেটা জনপ্রিয় প্রচার ছিল, তা হল তার অলোকিক ক্ষণতা। মানুষকে তিনি সম্মোহিত করেন, বশীভ্ত করেন এবং এমন সব অঘটন ঘটান যা বড়ো ভীতিজনক।

বোঝা যাচ্ছে, অপপ্রচার হলেও তার মধ্যে ঠাক্র সম্পর্কে ওই অলোকিক ক্ষমতার কথা পাকে ৫ কারে স্বীকার করে নেওয়া হচ্ছে। সম্প্রতি কয়েকটি পত্র পত্রিকাতেও ঠাক্র সম্পর্কে এই ধরনের কিছু প্রতিবেদন প্রকাশিত হয়েছে।

একটা কথা বলে রাখা ভাল, ঠাক্রে কখনোই এইসব অলোকিক ঘটনাবলীকে মূল্য দেননি। এই সব ঘটনার ওপ্র নির্ভার করে ঠাক্রের প্রচার বা প্রতিষ্ঠা অনুচিত। একথা ঠি যে প্রেরিত প্রস্থারা অলোকিক ঘটনাবলীকে মূল্য না দিলেও তাদের ক্ষমতার কিছ্ম স্বতঃস্ফ্রত প্রকাশ ঘটতেই থাকে। যিশ্মখিমুস্ট থেকে রামকৃষ্ণদেব পর্যাপত কেউই সম্পূর্ণ নিজের ক্ষমতাকে গোপন ক্রীতে পারেনি। ঠাক্রের বেলাতেও একই কথা। কিন্ত্র তার ধেসব ক্ষমতার প্রকাশ ঘটেছে সেটাকেই ধরে বসলে হবে না। ঠাক্রের গভীর জীবনদর্শনে অলোকিকের স্থান নেই বললেই চলে।

তবে ঠাক্রের দেওয়া জীবনদর্শন এবং জীবনের চলনার নীতি-বিধির মধ্যেই অঘটন ঘটনবীজ রয়ে োছে। "ম্ল্যুহীনেরে সোনা করিবার পরশ পাথর হাতে আছে তার'—একথাটা ঠাক্র সম্পর্কে খাটে শতকরা একশ ভাগ।